গীতবিতান

কালানুক্রমিক সূচী

প্রথম খণ্ড

প্রভাতকুমার মুখোপাধ্যায়
সম্পাদিত

বোলপুর-শান্তিনিকেতন
১৯৭৩

উৎসর্গ-পত্র

রবীন্দ্রসঙ্গীতের সার্থক ধারক ও বাহক

পরম স্নেহভাজন

শ্রীঅনাদিকুমার দস্তিদার

ও

শ্রীশান্তিদেব ঘোষ-এর

হস্তে গ্রন্থখানি অর্পিত হইল।

প্রভাতকুমার মুখোপাধ্যায়

২৫শে বৈশাখ, ১৩৮০

শুধায়োনা, কবে কোন্ গান
কাহারে করিয়াছিনু দান।
পথের ধূলার পরে
পড়ে আছে তারি তরে
যে তাহারে দিতে পারে মান

তুমি কি শুনেছ মোর বাণী,
হৃদয়ে নিয়েছ তারে টানি'?
জানিনা তোমার নাম,
তোমারেই সঁপিলাম
আমার ধ্যানের ধন খানি॥

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

সম্পাদকের নিবেদন

গীতবিতানের কালানুক্রমিক সূচী 'রবীন্দ্র-দিনপঞ্জী'র বিরাট সংগ্রহের একটি অংশ মাত্র। 'রবীন্দ্র-জীবনী' রচনার উপাদান হিসেবে বহু দশক ধরে এই দিনপঞ্জী প্রস্তুত করে আসছি—এখনো তা চলছে। আমার এই গবেষণামূলক কাজে ১৯৬৮ সাল থেকে বিশ্বভারতীর সহায়তা পেয়ে আসছি— রবীন্দ্রজীবনের তথ্যাদি সংগ্রহ ও রবীন্দ্র-চর্চার সার্বিক সহায়তালাভের জন্য বিশ্বভারতী কর্তৃপক্ষ দুজন রবীন্দ্র-সাহিত্যানুরাগী তরুণ সহায়ক নিয়ে কাজ করবার সুযোগ আমাকে দিয়েছেন। এই দুজন হচ্ছেন বিশ্বভারতী রবীন্দ্রভবনের শ্রীপ্রবীরকুমার দেবনাথ ও শ্রীদিলীপকুমার দত্ত। আমি আশা করি, ভবিষ্যতে এঁরা আমার যোগ্য উত্তরসূরি হয়ে রবীন্দ্রজীবনীর তথ্যাদি নিয়ে কাজ করতে পারবেন। আমার এই বয়সে এই তরুণদ্বয়ের সহায়তা ব্যতীত কাজ করা সম্ভব নয়—বিশ্বভারতীর উপাচার্য শ্রীপ্রতুলচন্দ্র গুপ্ত ও রবীন্দ্রচর্চা-প্রকল্পের অধিকর্তা শ্রীপুলিনবিহারী সেনের নিকট এজন্য আমি কৃতজ্ঞ। গ্রন্থ-সম্পাদনায় তথ্যাদি দিয়ে শ্রীকানাই সামন্ত ও শ্রীশোভনলাল গঙ্গোপাধ্যায় আমাদের প্রভূত সাহায্য করেছেন।

গীতবিতানকে কালানুক্রমিকভাবে সাজাবার প্রস্তাব করে পাঠান কলকাতার বিশ্বভারতী প্রকাশনী বিভাগের অধ্যক্ষ শ্রীরণজিৎ রায় এবং সেজন্য যাবতীয় উপকরণাদিও প্রেরণ করেন।

এই গ্রন্থের প্রথম সংস্করণে ৩২০টি গান ছিল; বলা যেতে পারে—সেটি পরীক্ষামূলকভাবেই ছাপিয়েছিলাম। এবারে প্রায় সহস্র গান আরও তথ্যাদি-সহ মুদ্রিত করা হলো। যাঁরা রবীন্দ্রনাথের গানের ক্রমবিকাশ নিয়ে গবেষণা করবেন, এই গ্রন্থখানি তাঁদের কাজে লাগতে পারে বলেই আমাদের বিশ্বাস। সেই বিশ্বাসবলে নিজব্যয়ে এবারও গ্রন্থখানি ছাপালাম। আশা করি, রবীন্দ্র-সংগীত শ্রোতারা গান শোনার সময়ে গানটি রবীন্দ্রনাথের কোন্ বয়সের রচনা তা জানতে পারলে খুসিই হবেন।

বোলপুরের 'উদয়ন' প্রেসের শ্রীগোকুলানন্দ দাস এই গ্রন্থ মুদ্রণের ভার গ্রহণ করেছেন। এই প্রেসের সর্বশ্রী বিশ্বনাথ দাস, শিবপ্রসাদ শর্মা, অসিতকুমার ঘোষ, সুধীর চট্টোপাধ্যায়, গোপাল দেবাংশী, অজয় মজুমদার প্রভৃতি একনিষ্ঠ কর্মিরা গ্রন্থপ্রকাশে নানাভাবে সহায়তা করেছেন— আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাই।

প্রভাতকুমার মুখোপাধ্যায়

২৫শে বৈশাখ, ১৩৮০

ভূমিকা

বাঙালীর সাংস্কৃতিক জীবনে রবীন্দ্রসংগীত যে বিশিষ্ট স্থান অধিকার করে আছে, একথা আজ সর্বজনবিদিত। 'গীতবিতান' আজ বাঙালীর ঘরে ঘরে। আমরা গীতবিতানের কালানুক্রমিক সূচী বিষয়ে আলোচনার পূর্বে রবীন্দ্রনাথের গীতগ্রন্থের সংক্ষিপ্ত রূপরেখা আঁকবার চেষ্টা করছি। তাঁর প্রথম গীতসংগ্রহ 'রবিচ্ছায়া' প্রকাশিত হয় ১২৯২ সালে। অবশ্য তার পূর্বে গীতিনাট্য রচিত ও মুদ্রিত হয়েছিল। এখানে একটি বিষয়ের প্রতি এই গ্রন্থব্যবহারকারীদের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা লক্ষ্য করবেন, রবীন্দ্রনাথ-সম্পাদিত গীতবিতান নূতন সংস্করণে 'রবিচ্ছায়া'র খুব কম গানই অন্তর্ভুক্ত হয়েছিল। গীতবিতান তৃতীয়খণ্ড রবীন্দ্রনাথ সম্পাদন করে যাননি (মুদ্রিত ১৩৫৭)—সেই খণ্ডে প্রথম দুই খণ্ডের (১৩৪৮) বাইরের বহুশত গান মুদ্রিত হয়েছিল; এখনও নূতন নূতন গান পাওয়া গেলে সেগুলিও অন্তর্ভুক্ত করা হচ্ছে। আমাদের সম্পাদিত এই কালানুক্রমিক সূচীতে প্রথমেই চোখে পড়বে গীতবিতান তৃতীয়খণ্ডের গান। এই গানগুলি কবি কর্তৃক বর্জিত হয়েছিল তাঁর সম্পাদিত গীতবিতানের প্রথম ও দ্বিতীয় খণ্ডে। কিন্তু গানগুলিকে কালানুক্রমিকভাবে সাজাতে গিয়ে সেই তৃতীয়খণ্ডই সর্বপ্রথমে এসে গেছে।

'রবিচ্ছায়া' কবির প্রথম গীতসংগ্রহ। তারপর ১৩০০ সালে মুদ্রিত হয় 'গানের বহি' ও তারসঙ্গে গাঁথা হয় 'বাল্মীকি প্রতিভা' গীতিনাট্য। ১৩০৩ সালে রবীন্দ্রনাথের প্রথম 'কাব্যগ্রন্থাবলী' প্রকাশিত হয়—এই গ্রন্থে 'গান' ও 'ব্রহ্মসঙ্গীত' সংকলিত হয়েছে। অতঃপর কবির কাব্য নূতনভাবে প্রকাশিত হতে থাকে কয়েক বৎসর পরে—সেখানে 'ভাবের অনুষঙ্গতা' থেকে কাব্যগুলি পুনর্বিন্যস্ত হয় ও অধ্যাপক মোহিতচন্দ্র সেনের সম্পাদনায় 'কাব্যগ্রন্থ' নামে প্রকাশিত হয়। এই কাব্যগ্রন্থের অষ্টম খণ্ড ছিল 'গান'। 'গান' এই শিরোনামে গীতগ্রন্থ প্রথম প্রকাশিত হলো—মুদ্রিত তারিখ ১৩১০ সাল। তবে এটি কাব্যগ্রন্থের অন্তর্গত একটি খণ্ড।

অতঃপর 'গান' প্রকাশ করেন সিটিবুক সোসাইটি নামে এক পুস্তক প্রকাশনী সংস্থার মালিক যোগীন্দ্রনাথ সরকার ১৩১৫ সালে। এই গ্রন্থে গানের সংখ্যা ছিল ৫২৮। এই সংগ্রহের মধ্যে স্বদেশী যুগে রচিত 'বাউল'-এর

গানগুলি ছিল। পরের বছর ইণ্ডিয়ান পাবলিশিং হাউস থেকে 'গান' এর দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয় (১৯০৯)। এই সংস্করণে রবীন্দ্রনাথের যাবতীয় গান-সংগ্রহের প্রথম প্রচেষ্টা হয়েছিল। সূচীতে ৭২৭টি গান আছে।

'কাব্যগ্রন্থ'-এর 'রবিচ্ছায়া'র ভূমিকায় লেখা ছিল—"১২৯১ সনের শেষদিন পর্য্যন্ত রবীন্দ্রবাবু যতগুলি সঙ্গীত রচনা করিয়াছেন, প্রায় সেগুলি এই পুস্তকে দেওয়া গেল।" ১৩১৬ সালে যে 'গান' প্রকাশিত হয়, তার ভূমিকাতে লেখা হয়—"বর্তমান গ্রন্থে কবির কিশোরকালের সকল শ্রেষ্ঠ গান হইতে আরম্ভ করিয়া এ পর্যন্ত যত গান রচনা হইয়াছে, সমস্ত প্রকাশ করিবার চেষ্টা হইয়াছে। কিন্তু সম্পূর্ণ কৃতকার্য্য হইতে পারি নাই।...." এই সংস্করণের একটি বৈশিষ্ট্য হলো "গানগুলিকে ভাব বা বিষয়ের সমতার দিকে লক্ষ্য রাখিয়া পুঞ্জিত করিবার চেষ্টা করা হইয়াছে। যথা—প্রকৃতি-সঙ্গীত, ঋতু-সঙ্গীত, ভাবপ্রধান-সঙ্গীত ইত্যাদি।....ব্রহ্ম-সঙ্গীত ও জাতীয়-সঙ্গীতকেও ভাব অনুসারে শ্রেণীবদ্ধ করিবার চেষ্টা হইয়াছে।....এই পুস্তকে সাতশত সাতাশটি [৭২৭] গান আছে।"

বিংশ শতকের প্রথম দশকে রবীন্দ্রসাহিত্য গবেষণা বৈজ্ঞানিক প্রণালীতে অনুধাবনের প্রয়াস শুরু হয়নি, তাই সম্পাদকের আন্তরিক প্রচেষ্টা সত্ত্বেও গ্রন্থখানি অসম্পূর্ণ থেকে যায়। "গানের এই দ্বিতীয় সংস্করণ বড়োই রহস্যময়" বলে যে উক্তি গীতবিতানের অনামী সম্পাদক করেছিলেন তা' বর্ণে বর্ণে সত্য।

পাঁচ বৎসর পরে 'গান' দুই খণ্ডে মুদ্রিত হল। বিবিধ সঙ্গীতের নামকরণ করা হয় 'গান' ও ব্রহ্মসঙ্গীতের নূতন নাম হয় 'ধর্মসঙ্গীত'। গীতবিতানের নূতন সংস্করণের ব্রহ্ম তথা ধর্মসঙ্গীতের নূতন নামকরণ হয় 'পূজা'।

১৯১৫—১৬ সালে ইণ্ডিয়ান পাবলিশিং হাউস এলাহাবাদ থেকে রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থের যে বিরাট রাজকীয় সংস্করণ প্রকাশ করেন তার দশম খণ্ডটি 'গান' নামে অভিহিত হয়। তাছাড়া গ্রন্থখানি অসম্পূর্ণও বটে। কাব্যগ্রন্থের খণ্ডরূপে পৃথকভাবে পাওয়া যেতোনা বলে এই 'গান' গ্রন্থ কখনো জনপ্রিয় হয়নি।

১৩৩৮ সালে কবির সত্তর বৎসর জন্মপূর্তি উৎসব উপলক্ষ্যে তাঁর যাবতীয় গানের একটি সংগ্রহ প্রকাশের আয়োজন হয়। সেই সংগ্রহ-ই

'গীতবিতান' নামে পরিচিত। ১৩৩৮ সালের আশ্বিন মাসে প্রথমাংশ (প্রথম ও দ্বিতীয় খণ্ড) ও দ্বিতীয়াংশ (তৃতীয়খণ্ড) ১৩৩৯ সালের শ্রাবণ মাসে শান্তিনিকেতন প্রেস থেকে মুদ্রিত হয়ে প্রকাশিত হয়। এই গ্রন্থের প্রকাশক ও মুদ্রক ছিলেন মুখসাহেব জগদানন্দ রায়, ব্রহ্মচর্যাশ্রমের প্রাচীনতম শিক্ষক ও কর্মী। কলকাতা ২১০ নং কর্ণওয়ালিস স্ট্রীট, বিশ্বভারতী গ্রন্থালয় থেকে প্রকাশিত।

এই গীতবিতান সম্পাদনার ভার অর্পিত হয় তরুণ কর্মী শ্রীসুধীরচন্দ্র করের উপর। অধ্যাপক অমিয়চন্দ্র চক্রবর্তী ছিলেন এই সম্পাদনার পরামর্শ-দাতা। প্রেসকপি তৈরী হলে কবির কাছে পেশ করা হতো। তাঁর সম্মতিলাভের পর সেগুলি ছাপাখানায় যেতো। এই প্রথম সংস্করণ গীতবিতানের গানগুলিকে গ্রন্থপ্রকাশের কালানুযায়ী সাজানো হয়। পাঠ পরিচয়ে সম্পাদক সুধীরচন্দ্র কর লিখেছেন—"কৈশোরক পর্য্যায়ের গান হইতে বসন্ত গীতিনাট্য অবধি মোট ১১২৮টি গান লইয়া গীতবিতান প্রথম ও দ্বিতীয়খণ্ড প্রকাশিত হইল। কবির নির্দেশমত এই সংগ্রহ হইতে ১৪৮টি গান বাদ পড়িল। ইহার গোড়ার দিকে অনেকগুলি গান ১৩০৩ সালের কাব্যগ্রন্থাবলীর ক্রম অনুসারে সাজান হইয়াছে।" দ্বিতীয়খণ্ডের শেষ গীতগ্রন্থ 'বসন্ত' যেটি রবীন্দ্রনাথ তরুণ কবি নজরুল ইসলামকে উৎসর্গ করেন।—মোট কথা, গীতবিতানের প্রথম ও দ্বিতীয় খণ্ড ১৩৩০ সাল পর্যন্ত রচিত গানের সংগ্রহ।

অতঃপর ১৩৩৯ সালের শ্রাবণ মাসে গীতবিতান তৃতীয়খণ্ড মুদ্রিত হয়। এই খণ্ডের প্রথমেই ছিল 'প্রবাহিনী' কাব্যের গানগুলি। 'প্রবাহিনী' (১৩৩২ অগ্রহায়ণ) আজ রবীন্দ্রসাহিত্য-রসিকদের কাছে অজ্ঞাত। শান্তি-নিকেতনে নূতন প্রেস স্থাপিত হবার পর ১৩২৫ সাল থেকে গানের নূতন নূতন সংগ্রহ স্বরলিপিসহ মুদ্রিত হতে থাকে। যেমন—গীতপঞ্চাশিকা (১৩২৫ আশ্বিন), বৈতালিক (১৩২৫ চৈত্র), গীতবীথিকা (১৩২৬ বৈশাখ), কেতকী (১৩২৬ শ্রাবণ), শেফালী (১৩২৬ ভাদ্র), কাব্যগীতি (১৩২৬ পৌষ), নবগীতিকা (১৩২৯ প্রথম ও দ্বিতীয় খণ্ড), বসন্ত (১৩৩০)। এই গ্রন্থসমূহের মধ্য থেকেই 'প্রবাহিনী'র গান সংগৃহীত হয়। বিশ্বভারতী গ্রন্থখানিকে পুনর্মুদ্রণ করেননি এই ভেবে যে, তার অধিকাংশ গানই গীতবিতানে অন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু এর কাব্যরূপ হারিয়ে গেছে।

'প্রবাহিনী' প্রকাশের পাঁচ বৎসর পরে (১৩৩৭) কবির সমস্ত গানের সম্পাদন-কার্য শুরু হয় কবির সত্তর বৎসর জন্মপূর্তি উপলক্ষ্যে। গানগুলিকে

সে সময় গ্রন্থপ্রকাশের কালানুযায়ী সাজানো হয়েছিল—একথা পূর্বেই বলেছি। এই পাঁচবৎসরের মধ্যে কবির বহু নাটক, কাব্য, প্রহসন, ঋতুনাট্য প্রভৃতি প্রকাশিত হয়। সেসব গ্রন্থের গানগুলি গীতবিতান তৃতীয় খণ্ডে সংকলিত আছে। গীতবিতান তৃতীয়খণ্ডের গোড়াতেই আছে প্রবাহিনীর ১১৭টি গান। তারপর গৃহপ্রবেশ, সুন্দর, শেষবর্ষণ, শোধবোধ, চিরকুমার-সভা, নটীরপূজা, রক্তকরবী, গীতমালিকা (প্রথম), ঋতুরঙ্গ, শেষরক্ষা, পরিত্রাণ, তপতী, গীতমালিকা (দ্বিতীয়), নবীন ও গীতোৎসব অর্থাৎ ১৩৩৮ পৌষ ও ১৩৩৯ শ্রাবণের মধ্যে রচিত ১২১টি গান। আট মাসে এই গানগুলি রচিত হয় বলে আমাদের অনুমান। প্রথম সংস্করণ গীতবিতানের গানসংখ্যা ছিল ১৪৮৫।

কিন্তু কালে গীতবিতানের এই সংস্করণ কবির কাছে অসম্পূর্ণ মনে হলো। তিনি বললেন—"সংকলন কর্তারা সত্বারতার তাড়নায় গানগুলিকে বিষয়ানুক্রমিক শৃঙ্খলাবিধান করতে পারেন নি। তাতে যে কেবল ব্যবহারের পক্ষে বিঘ্ন হয়েছিল তা নয় সাহিত্যের দিক থেকে রসোবোধেও ক্ষতি হয়েছে।" তাই জীবনসায়াহ্নে তাঁর প্রায় দুহাজার গানকে 'ভাবের অনুষঙ্গ রক্ষা করে' সাজিয়ে গীতবিতানের নূতন রূপ দান করলেন। 'প্রবাহিনী'র বিষয়ানুযায়ী শ্রেণীকরণের মতোই গীতবিতানের গানগুলিকে শ্রেণীত করা হলো—পূজা, স্বদেশ, প্রেম, প্রকৃতি, বিচিত্র ও আনুষ্ঠানিক। পুনরায় এই শ্রেণীবিভাগ আরও সূক্ষ্মভাবে করা হয়—তার আভাস বর্তমান সংস্করণে লুপ্ত।

সাহিত্যিক রবীন্দ্রনাথ ভাবরসিকের দৃষ্টি নিয়ে গীতবিতান নূতন সংস্করণে 'ভাবের অনুষঙ্গ' রক্ষা করে তাঁর গানগুলি সাজিয়ে ছিলেন। কিন্তু আমাদের প্রশ্ন—এইরূপ শ্রেণীকরণ দ্বারা রবীন্দ্রগীতমানসের বিবর্তন-বার্তা কি আমাদের কাছে পৌঁছোয়? আঠারো বৎসর বয়সের প্রেমকাকলী ও প্রৌঢ় বয়সের প্রেমগীত কি কখনো শ্রোতার হৃদয়ে একইরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে? উনিশ বৎসর বয়স থেকে বহুবৎসর মাঘোৎসবের সময়ে নিয়মিতভাবে ব্রহ্মসঙ্গীত রচনা করেছিলেন—তাদের সঙ্গে পরবর্তীকালে স্বতঃউৎসারিত ধর্মসঙ্গীতের মধ্যে 'ভাবের অনুষঙ্গ' থাকতে পারে কি? বিভিন্ন বয়সের গানের রূপ ও রসের মধ্যে ভাবের অনুষঙ্গতা উপলব্ধি করা কি সম্ভব?

তাই আমরা রবীন্দ্রনাথের গানকে কালানুক্রমিকভাবে সাজিয়েছি। আমরা মনে করি, যে-গান যে-বয়সে রচিত হয়েছিল তখনই তা সার্থকরূপ

পেয়েছিল। সাহিত্যগত ত্রুটি হয়তো এর মধ্যে থাকতে পারে। কীট্‌স্, সুকান্ত প্রভৃতি কবিরা দীর্ঘায়ু হননি বলে যে তাঁদের রচনা অ-সার্থক একথা তো বলতে পারিনে। আন্তরিকভাবে তাঁরা যা বিশ্বাস করেছেন, অনুভব করেছেন—তারই রূপায়ণ করে গেছেন কাব্যে, নাটকে, গানে। রবীন্দ্রনাথ যে-বয়সে যে-গান লিখেছিলেন, আমরা সেই বয়সের দৃষ্টিতেই গানগুলির গুণাগুণ বিচার করবো।

আমাদের এই খণ্ডে রবীন্দ্রনাথের গানের ইংরেজি অনুবাদের উল্লেখ অসম্পূর্ণ। পরে কোনো সময়ে কবির যাবতীয় রচনার ইংরেজি অনুবাদের তথ্যাদি প্রকাশিত হবে। এই তথ্যাদি সম্পাদনা করেছেন শ্রীমতী সুধাময়ী মুখোপাধ্যায়। প্রসঙ্গত বলি, বর্তমানে গ্রন্থের ইংরেজি অনুবাদের নির্দেশনা তাঁর পাণ্ডুলিপি থেকে গৃহীত।

আমরা রবীন্দ্রনাথের ১৯১২ সালের বিলাতযাত্রা-কাল পর্যন্ত রচিত গানের তালিকা বর্তমান খণ্ডে সম্পাদনা করলাম। বিশ্বভারতী রবীন্দ্রভবনের শ্রীদিলীপকুমার দত্ত ও শ্রীপ্রবীরকুমার দেবনাথের অক্লান্ত পরিশ্রম ব্যতীত এই গ্রন্থ সম্পাদনা সম্ভব হতো না।

বোলপুর-শান্তিনিকেতন
২৫শে বৈশাখ, ১৩৮০

প্রভাতকুমার মুখোপাধ্যায়

বি. দ্র.—অনুগ্রহপূর্বক 'সংযোজন ও সংশোধন' (পৃ. ১৭৬) দেখে পাঠক পূর্বাহ্নে গ্রন্থের যথাযথ স্থান শুদ্ধ করে নিলে বাধিত হবো।

রবীন্দ্র-গ্রন্থের গীতসংখ্যা

রবীন্দ্রনাথের কোন্ গ্রন্থে কত গান আছে নিয়ে তার একটি তালিকা প্রদত্ত হলো। গ্রন্থগুলি কালানুক্রমিকভাবে সজ্জিত। তবে গ্রন্থ-নামের পাশে প্রদত্ত গানের সংখ্যা গুনে কেউ যেন স্থির না করেন যে, ঐ সংখ্যা রবীন্দ্রসঙ্গীতের সার্বিক সংখ্যা—কেননা, বহু গান পুনর্মুদ্রিত হয়েছে নানা গ্রন্থে।

গীতবিতান নূতন সংস্করণে কবির এ-পর্যন্ত প্রাপ্ত গানের তালিকা প্রকাশিত হয়েছে। অবশ্য সকল গানের সুরতালাদি জানা যায়নি। আমাদের হিসাব অনুযায়ী **গীতবিতানের মোট গানের সংখ্যা হলো ২২৩২।** তন্মধ্যে ১৮৯০টি গানের স্বরলিপি আছে স্বরবিতানের ৬০টি খণ্ডে। সুতরাং এখনো ৩৪২টি গানের সুরতালাদি পাওয়া যায়নি, কিন্তু গীতবিতানে সেগুলি গানরূপেই স্বীকৃত। প্রসঙ্গত বলি, রবীন্দ্রনাথ বহু লিরিকধর্মী কবিতাতে সুরারোপ করে গীতবিতানে অন্তর্ভুক্ত করেছেন। রবীন্দ্রনাথের বহু গীতধর্মী কবিতা এখনও রয়েছে, যেগুলি সুরতালাদি সংযোগে গীতরূপ পাবার অপেক্ষায় আছে।

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
১৯	বাল্মীকি-প্রতিভা (১৮৮১)	অচ ১। ৫২৯	২৭
২০	ভগ্নহৃদয় (১৮৮১)	অচ ১। ১১৭	১১
২০	রুদ্রচণ্ড (১৮৮১)	অচ ১। ২৭৩	২
২১	কালমৃগয়া (১৮৮২)	অচ ১। ৩১৫	৩৯
২৩	বউ ঠাকুরাণীর হাট (১৮৮৪)	১। ৩৭৩	১১
২৩	প্রকৃতির প্রতিশোধ (১৮৮৪)	১। ১৬৩	১০
২৩	নলিনী (১৮৮৪)	অচ ১। ৩৯৭	৪

[বিবাহ উৎসব (১৮৮৪) মোট ৪৫টি গানের মধ্যে রবীন্দ্রনাথের ২৮টি।]

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
২৩	শৈশব সঙ্গীত (১৮৮৪)	অচ ১। ৪২৩	১১

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
২৩	ভানুসিংহ ঠাকুরের পদাবলী (১৮৮৪)	২। ১	২২
	[গীতবিতান তৃতীয় খণ্ডে ২০টি পদ আছে, ২টি পদ পূর্বেই বর্জিত হয়। ২২টি গানেরই সুরতালাদি আছে, কিন্তু মাত্র ৯টি* গানের স্বরলিপি পাই।]		
২৩	ছবি ও গান (১৮৮৪)	১। ১০৫	২
২৪	রবিচ্ছায়া ১৮৮৫)	×	২০১
	[পূর্বোল্লেখিত গ্রন্থাদি থেকে সংকলিত গান ব্যতীত বহু গান কবির পাণ্ডুলিপি থেকেও গৃহীত। বিবিধ ১১৬+ব্রহ্ম-সঙ্গীত ৭৪+জাতীয়-সঙ্গীত ৭+পরিশিষ্ট ৪]।		
২৫	কড়ি ও কোমল (১৮৮৬)	২। ২৯	১১
২৫	বাল্মীকি-প্রতিভা (দ্বিতীয় সংস্করণ। ১৮৮৬)	১। ২০৭	৫৩
	[প্রথম সংস্করণের ২৫টি (২৭টির মধ্যে অন্তের ২টি গান বর্জিত)+কালমৃগয়া ৭+নূতন গান ২১]।		
২৬	রাজর্ষি (১৮৮৭)	২। ৩৭৩	২
২৭	মায়ার খেলা (১৮৮৮)	১। ২৩১	৬৩
২৮	রাজা ও রানী (১৮৮৯)	১। ২৬১	৯
	[দ্র. তপতী ১৯২৯]		
২৯	বিসর্জন (১৮৯০)	২। ২৮১	৬
২৯	মানসী (১৮৯০)	২। ১১৭	৪
৩১	চিত্রাঙ্গদা (১৮৯২)	×	×
	[দ্র নৃত্যনাট্য চিত্রাঙ্গদা ১৯৩৬]		
৩১	গোড়ায় গলদ (১৮৯২)	৩। ২৮০	১
	[দ্র. শেষরক্ষা ১৯২৮]		

* স্বরবিতানে ১০টি গান। গোবিন্দ দাসের একটি পদ আমরা গণনা থেকে বাদ দিলাম।

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৩২	গানের বহি ও বাল্মীকি-প্রতিভা (১৮৯৩)	×	৪২৩

[গানের বহি ২১৮ (মায়ার খেলার গান প্রথম থেকেই ছড়িয়ে আছে কিন্তু নাট্যের উল্লেখ নাই।) + বাল্মীকি-প্রতিভা ৫৫ + ব্রহ্ম-সঙ্গীত ১৫০]।

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৩৩	মেঘ ও রৌদ্র (গল্প। ১৮৯৪)	১৯। ২১০	১
৩৩	সোনার তরী (১৮৯৪)	৩। ৩	৩
৩৫	চিত্রা (১৮৯৬)	৪। ১৯	৯
৩৫	কাব্যগ্রন্থাবলী (১৩০৩ ॥ ১৮৯৬)	×	৪৮০

[কৈশোরক ১৬ + ভানুসিংহ ঠাকুরের পদাবলী ২০ (পদাবলীর শিরোনাম আছে। সুরতালাদি নাই) + ছবি ও গান ২ + প্রকৃতির প্রতিশোধ ৯ + কড়ি ও কোমল ১০ + মানসী ১ + রাজা ও রানী ৮ + চৈতালি ১ + বিসর্জন ৫ + সোনার তরী ৩ + চিত্রা ৯ + বাল্মীকি প্রতিভা ৫৪ + মায়ার খেলা ৬১ + গান ১১৯ + ব্রহ্মসঙ্গীত ১৬২।]

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৩৯	কল্পনা (১৯০০)	৭। ১১৭	১৬
৩৯	ক্ষণিকা (১৯০০)	৭। ২০৩	৪
৩৯	নৈবেদ্য (১৯০১)	৮। ৩	১৭
৪১	কাব্যগ্রন্থ (১৩১০—১১ ॥ ১৯০৩) অষ্টম খণ্ড। গান।	×	৪২৮

[মোট গান আছে ৪৪২টি। কিন্তু ১৪টি একাধিকবার মুদ্রিত থাকায় আমরা সেগুলি বাদ দিলাম। ১টি বর্জিত গান, পৃ. ২৬৭]

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৪৩	রবীন্দ্রগ্রন্থাবলী (হিতবাদী সংস্করণ ১৯০৪)	×	

[গান। গানের বহি ২১৮। বাল্মিকী-প্রতিভা ৫৪। ব্রহ্মসঙ্গীত ১৪৯। একটি গান বেশি সংযোজিত—'তোমারি রাগিণী জীবন কুঞ্জে'। এই গ্রন্থাবলীতে 'চিরকুমার সভা' প্রথম অন্তর্ভুক্ত হয়]

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৪৪	বাউল (১৯০৫)	×	২০
৪৫	খেয়া (১৯০৬)	১০ । ৯৩	৮
৪৬	বিনি পয়সার ভোজ (১৯০৭)	৭ । ৩৩৮	১
৪৬	বশীকরণ (১৯০৭)	৭ । ৩৬৫	২
৪৭	প্রজাপতির নির্বন্ধ (১৯০৮)	৪ । ২১৭	২৫
	[দ্র. চিরকুমার সভা ১৯২৬]		
৪৭	গান (যোগীন্দ্রনাথ সরকার-সম্পাদিত ১৯০৮)	×	৫২৮
	[বিবিধ সঙ্গীত ১৩২ + মায়ার খেলা ৬৩ + বাল্মীকি-প্রতিভা ৫২ + জাতীয়-সঙ্গীত ১৩ + বাউল ২০ + ব্রহ্মসঙ্গীত ২৪৮]		
৪৭	শারদোৎসব (১৯০৮)	৭ । ৩৮৫	১০
	[দ্র. ঋণশোধ ১৯২১]		
৪৮	প্রায়শ্চিত্ত (১৯০৯)	৯ । ৯৯	২৩
	[২৩টি গানের মধ্যে ৫টি 'বউ-ঠাকুরাণীর হাট' গ্রন্থের। প্রথম স্বরলিপিসহ গ্রন্থ।		
৪৮	গান (ইণ্ডিয়া পাবলিশিং হাউস ১৯০৯)	×	৭২৭
৪৮	শিশু (১৯০৯)	৯ । ৯	১
	[দ্র. গীতোৎসব ১৯৩২]		
৪৯	গীতাঞ্জলি (১৯১০)	১১ । ১	৮৫
	[মোট ১৫৭টি গান ও কবিতার মধ্যে মাত্র ৭২টি কবিতা]		
৪৯	গীতলিপি ১ম (১৯১০)	×	১৮
৪৯	গীতলিপি ২য় (১৯১০)	×	১৭
৪৯	গীতলিপি ৩য় (১৯১০)	×	১৫
৪৯	রাজা (১৯১০)	১০ । ১৯১	২৫
	[দ্র. অরূপরতন ১৯২০]		
৫০	গীতলিপি ৪র্থ (১৯১১)	×	১৫
৫০	গীতলিপি ৫ম (১৯১১)	×	১৬

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৫১	অচলায়তন (১৯১২)	১১ । ৫০৫	২৩
	[দ্র. গুরু ১৯১৮]		
৫৩	উৎসর্গ (১৯১৪)	১০ । ১	১
৫৩	গান (১৯১৪ দ্বিতীয় সংস্করণ)	×	৩১৫
	[১৯০৯ সালের গান গ্রন্থ দুইভাগে মুদ্রিত হয়—বিবিধ ও ধর্ম্মসঙ্গীত। বাল্মীকি-প্রতিভা ৫২ + মায়ার খেলা ৬৩ + গান ২৪৬ + জাতীয়-সঙ্গীত ৩৪। গীতিনাট্যগুলি ছাড়া অন্য কোনো গানে সুরতালাদি প্রদত্ত হয়নি।]		
৫৩	ধর্মসঙ্গীত (১৯১৪)	×	৩২৫
	[ইতঃপূর্বের 'গান' গ্রন্থের ব্রহ্মসঙ্গীতের নূতন নামকরণ 'ধর্মসঙ্গীত'। এই সংস্করণে সুরতালাদির উল্লেখ নেই।]		
৫৩	গীতিমাল্য (১৯১৪)	১১ । ১২৫	৮৭
৫৩	গীতালি (১৯১৪)	১১ । ২১৫	৬৬
	[১০৮টি কবিতা ও গানের মধ্যে কবিতা ৪২টি]।		
৫৪	কাব্যগ্রন্থ (ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ ১৯১৬) দশম খণ্ড। গান।	×	৪৯২
	[বাল্মীকি-প্রতিভা ৫২ + মায়ার খেলা ৬৩ + বিবিধ সঙ্গীত ১২০ + জাতীয় সঙ্গীত ৩০ + ধর্ম-সঙ্গীত ২২০ + বিবাহ-সঙ্গীত ৭। দশ খণ্ডে ইতস্ততঃ বিক্ষিপ্ত মোট গানের সংখ্যা ৮৮৬]।		
৫৪	ফাল্গুনী (১৯১৬)	১২ । ৮১	৩০
৫৫	ঘরে-বাইরে (১৯১৬)	৮ । ১৩৭	৪
৫৫	বলাকা (১৯১৬)	১২ । ১	৪
৫৫	চতুরঙ্গ (১৯১৬)	৭ । ৪৫৯	১
৫৫	শেষের রাত্রি (গল্প। ১৯১৬)	২৩ । ২৮১	১
	[দ্র. গৃহপ্রবেশ ১৯২৫]		
৫৭	গুরু (১৯১৮)	১৩ । ১১৯	৭
	[দ্র. অচলায়তন ১৯১২]		

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৫৭	গীতলেখা ১ম (১৯১৮)	×	২৯
৫৭	গীতলিপি ৬ষ্ঠ (১৯১৮)	×	১৩
৫৭	গীতপঞ্চাশিকা (১৯১৮)	×	৫০
৫৭	বৈতালিক (১৯১৮)	×	৩৬
৫৮	গীতলেখা ২য় (১৯১৯)	×	২৮
৫৮	গীতবীথিকা (১৯১৯)	×	২২
৫৮	কেতকী (১৯১৯)	×	৩০ *
৫৮	শেফালি (১৯১৯)	×	২৮
৫৯	কাব্যগীতি (১৯২০)	×	২৩
৫৯	অরূপরতন (১৯২০)	×	৩৯
	[এই সংস্করণ কখনও পুনর্মুদ্রিত হয়নি। দ্র. অরূপরতন ১৯৩৬]		
৬০	বর্ষামঙ্গল (১৯২১)	×	১৭
৬০	গীতলেখা ৩য় (১৯২১)	×	২৪
৬০	ঋণশোধ (১৯২১)	১৩ । ২১৩	৭
	[দ্র. শারদোৎসব ১৯০৮]		
৬১	মুক্তধারা (১৯২২)	১৪ । ১৮৫	১৪
৬১	বর্ষামঙ্গল (১৯২২)	×	১৮
৬১	লিপিকা (১৯২২)	২৬ । ১৭৭	৯
৬১	নবগীতিকা ১ম (১৯২২)	×	৩৪
৬১	নবগীতিকা ২য় (১৯২২)	×	৫৯
৬২	বসন্ত (১৯২৩)	১৫ । ৩১৫	২৩
৬৪	পূরবী (১৯২৫)	১৪ । ১১	১
	[এতদ্ব্যতীত অন্য দুটি কবিতার ভাব-রূপ দুটি গানে গৃহীত।]		
৬৪	গৃহপ্রবেশ (১৯২৫)	১৭ । ১০৫	৯
	[অভিনয়কালে আরও ৪টি গান সংযোজিত]		

* স্বরবিতানে ৩১টি গান। কিন্তু ১টি গান (বিদ্যাপতির পদ) আমরা গণনা থেকে বাদ দিলাম।

ক্রম	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৬৪	প্রবাহিনী (১৯২৫)	×	২০৫
৬৫	চিরকুমার সভা (১৯২	১৬ । ১৪৭	৩২
	[দ্র. প্রজাপতির নির্বন্ধ ১৯০৮]		
৬৫	শোধবোধ (১৯২৬)	১৭ । ৪৯	৩
	[কর্মফল গল্পের নাট্যরূপ]		
৬৫	ঋতু-উৎসব (১৯২৬)	×	
	[শেষবর্ষণ ২৪ + শারদোৎসব ১০ + বসন্ত ২৩ + সুন্দর ২৪ + ফাল্গুনী ২৭ ।]		
৬৫	নটীর পূজা (১৯২৬)	১৮ । ১৪৫	১১
৬৫	রক্তকরবী (১৯২৬	১৫ । ৩৩৯	৮
৬৬	ঋতুরঙ্গ (১৯২৭)	১৮ । ১৯১	২৯
৬৭	শেষরক্ষা (১৯২৮)	১৯ । ১২৭	৯
	[দ্র. গোড়ায় গলদ ১৮৯২]		
৬৮	পরিত্রাণ (১৯২৯)	২০ । ১২৭	২১
	[দ্র. প্রায়শ্চিত্ত ১৯০৯]		
৬৮	তপতী (১৯২৯)	২১ । ১১৯	১০
	[দ্র. রাজা ও রানী ১৮৮৯]		
৬৮	মহুয়া (১৯২৯)	১৫ । ১	১২
৭০	নবীন (১৯৩১)	২২ । ৬৭	২১
৭০	শাপমোচন (১৯৩১)	২২ । ৮৫	২৩
	[পুরাতন গীতসংগ্রহ ও কথিকা]		
৭০	বনবাণী (১৯৩১)	১৫ । ১১১	
	[বনবাণী, নটরাজ ঋতুরঙ্গশালা। বর্ষামঙ্গল। নবীন]		
৭০	গীতবিতান ১ম ও ২য় খণ্ড (১৩৩৮ আশ্বিন ॥ ১৯৩১)	×	১১২৮
৭১	গীতবিতান ৩য় খণ্ড (১৩৩৯ শ্রাবণ ॥ ১৯৩২)	×	৩৫৭
	[মোট প্রথম সংস্করণ'এর গান ১৪৮৫]		

বয়স	গ্রন্থের নাম ও প্রকাশকাল	রচনাবলী	গান-সংখ্যা
৭১	গীতোৎসব (১৯৩২)	×	৩
৭১	পরিশোধ (১৯৩২) [দ্র. শ্যামা ১৯৩৯]	১৫ । ১৫৫, ২৮৭	৩০
৭২	তাসের দেশ (১৯৩৩)	২৩ । ১৫৫	২২
৭৩	শ্রাবণ-গাথা (১৯৩৪)	২৫ । ১০৫	২২
৭৩	চার অধ্যায় (১৯৩৪)	১৩ । ২৮৯	১
৭৪	বীথিকা (১৯৩৫)	১৯ । ৩	৪
৭৫	নৃত্যনাট্য চিত্রাঙ্গদা (১৯৩৬)	২৫ । ১২৫	৪৭
৭৫	অরূপরতন (১৯৩৬) [দ্র. অরূপরতন ১৯২০]	১৩ । ১৬১	২৫
৭৭	চণ্ডালিকা নৃত্যনাট্য (১৯৩৮)	২৫ । ১৫৯	৫১
৭৭	মুক্তির উপায় (১৯৩৮)	২৬ । ৫৯	২
৭৮	শ্যামা[c] (১৯৩৯) [দ্র. পরিশোধ ১৯৩২]	২৫ । ১৮৫	৫২
৭৯	সানাই (১৮৪০) [কয়টি কবিতার সঙ্গীতরূপ দান]	২৪ । ৬৫	২৩
৮০	বদনাম (গল্প । ১৯৪১)	২৭ । ৬৯	১
৮০	শেষ লেখা (১৯৪১)	২৬ । ৩৭	২

গীতবিতান (নূতন সংস্করণ) ১৩৪৮ মাঘ :

১ম ও ২য় খণ্ড ১৩৪৬ সালের ভাদ্র মাসের মধ্যে মুদ্রিত হয়, কিন্তু কবির মৃত্যুর পরে প্রকাশিত। এই খণ্ডদ্বয়ে মোট গানের সংখ্যা ছিল ১৫০০।

তৃতীয় খণ্ড কবির মৃত্যুর পরে ১৩৫৭ সালের আশ্বিন মাসে বিশ্বভারতী প্রকাশনী বিভাগের সম্পাদনায় মুদ্রিত হয়। এই খণ্ডের নূতন সংস্করণ (মাঘ ১৩৭৯)-এর সূচী অনুযায়ী মোট গান-সংখ্যা ৭৩২। সুতরাং ১৫০০+৭৩২=২২৩২ গীতবিতানের মোট গান-সংখ্যা ॥

গীতবিতান

কালানুক্রমিক সূচী

"গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবনখানি

তখন তারে চিনি আমি, তখন তারে জানি।

তখন তারি আলোর ভাষায় আকাশ ভরে ভালোবাসায়,

তখন তারি ধুলায় ধুলায় জাগে পরম বাণী॥

তখন সে যে বাহির ছেড়ে অন্তরে মোর আসে,

তখন আমার হৃদয় কাঁপে তারি ঘাসে ঘাসে।

রূপের রেখা রসের ধারায় আপন সীমা কোথায় হারায়,

তখন দেখি আমার সাথে সবার কানাকানি॥"

বয়স ১৩ । ১২৮১ । ১৮৭৫

১ গগনের থালে রবিচন্দ্র দীপক জ্বলে ৩ । ৮২৭

ভজন। ৪৫ সাম্বৎসরিক মাঘোৎসবে (১২৮১ মাঘ ১১ ॥ ১৮৭৫ জানুয়ারী ২৫) সায়ংকালে কলিকাতায় আদি ব্রাহ্মসমাজ মন্দিরে যে-সকল সঙ্গীত গীত হয়, তন্মধ্যে 'গগনের থালে রবিচন্দ্র দীপক জ্বলে' গানটি রবীন্দ্রনাথের রচনা বলিয়া গীতবিতানে উদ্ধৃত করা হইয়াছে। গানটি গুরু নানকের বিখ্যাত 'গগনময় থাল, রবিচন্দ্র দীপক বনে' ভজনের প্রথমাংশের অনুবাদ, দ্র. তত্ত্ব-বোধিনী ১৭৯৬ শক (১২৮১) ফাল্গুন ২০৯, রাগিণী জয়জয়ন্তী তাল—ঝাঁপতাল।

কিন্তু এই গানটি ইতঃপূর্বে রবীন্দ্রনাথের কোনো গীত-সংগ্রহে মুদ্রিত হয় নাই। আদি ব্রাহ্মসমাজ হইতে প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত স্বরলিপি' দ্বিতীয় ভাগ অনুযায়ী ইহা জ্যোতিরিন্দ্রনাথের রচনা।

ব্রহ্মসঙ্গীত, সাধারণ, ১৩৫৬ মাঘ, ১১৭, 'বিশ্বের আরতি' অংশে 'গগনময় থাল' এই হিন্দী সঙ্গীতের অনুবাদ ; সূচীপত্রে রচয়িতা—জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর [জয়জয়ন্তী, ঝাঁপতাল। ব্রহ্মসঙ্গীত স্বরলিপি ২॥১৫]

'শনিবারের চিঠি' ১৩৪৬ মাঘ সংখ্যায় ৫৯০, বলা হইয়াছে—রবীন্দ্রনাথ মনে করেন গানটি তাঁহার রচনা। এই উক্তির উপরে নির্ভর করিয়া গীতবিতান তৃতীয় খণ্ডে (বিশ্বভারতী সংস্করণ) জ্যোতিরিন্দ্রনাথের গানটিকে রবীন্দ্রনাথে আরোপ করা হইয়াছে।

ইন্দিরা দেবী লিখিয়াছেন—"জ্যোতিরিন্দ্রনাথ একেবারে প্রায় অক্ষরে অক্ষরে অনুবাদ করেছেন। ... কেউ কেউ ভুল করে ভাবেন এটি রবীন্দ্রনাথের।" দ্র. বিশ্বভারতী পত্রিকা। ১৩৫৬ ৮ম বর্ষ, ৩য় সংখ্যা, পৃ. ২০৫।

নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ) সম্পাদিত 'সঙ্গীত কল্পতরু'তে গানটি উদ্ধৃত আছে। (রবি-ছায়ায় নাই। গীতবিতান ৩, গ্রন্থ পরিচয় পৃ. ৯৯২)

বয়স ১৪ । ১২৮২ । ১৮৭৫

২ জ্বল জ্বল চিতা দ্বিগুণ দ্বিগুণ ৩ । ৭৬৭

সুরের উল্লেখ নাই। জ্যোতিরিন্দ্রনাথের 'সরোজিনী' নাটক ১২৮২ অগ্র.

১৮৭৫ নভেম্বর। 'সরোজিনী' মুদ্রিত হবার সময় রাম সর্বস্ব পণ্ডিত প্রুফ দেখিতেন। প্রুফ দেখিবার সময়ে তিনি জোরে জোরে পড়িতেন। পাশের ঘরে বালক রবীন্দ্রনাথ পড়াশুনা করিতেন। জ্যোতিরিন্দ্রনাথ তাঁহার 'জীবন-স্মৃতি'তে লিখিয়াছেন—. . . "রাজপুত-মহিলাদের চিতা প্রবেশের যে একটা দৃশ্য আছে, তাহাতে পূর্বে আমি গদ্যে একটা বক্তৃতা রচনা করিয়া দিয়াছিলাম। . . . গদ্য রচনাটি এখানে একেবারেই খাঁপ খায় নাই বুঝিয়া, কিশোর রবি একেবারে আমাদের ঘরে আসিয়া হাজির। তিনি বলিলেন—এখানে পদ্য রচনা ছাড়া জোর বাঁধিতে পারেনা . . আমি সময়াভাবের আপত্তি উত্থাপন করিলে, রবীন্দ্রনাথ . . . অল্প সময়ের মধ্যেই 'জল জল চিতা দ্বিগুণ দ্বিগুণ' এই গানটি রচনা করিয়া আনিয়া আমাদিগকে চমৎকৃত করিয়া দিলেন। দ্র. গীত-গ্রন্থ পরিচয়, ৯১৮ মূলের গানটি ৩৬ পংক্তি ; গীতবিতানে মাত্র ১৬ পংক্তি।

'সরোজিনী' নাটকের শেষাংশ মুদ্রণকালে গানটি রচিত হয় বলিয়া আমাদের অনুমান। মনে হয়, কার্তিক-অগ্রহায়ণ মাসের কোনো সময়ে রচিত।

দুর্গাদাস লাহিড়ী সম্পাদিত 'বাঙ্গালীর গান' গ্রন্থে (১৩১২) গানটির রচয়িতা জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর। পৃঃ ৬১৩। অহং-একতালা।

রবি দত্তের Echoes from East and West গ্রন্থে (১৮৯৯ অক্টোবর) গানটির ইংরেজি অনুবাদ আছে "Blaze, Blaze, thy last and brightest...."

গানটি রবীন্দ্রনাথের কোনো গীতগ্রন্থে নাই। স্বর ৫১, পরিশিষ্ট ১। স্বরলিপি ইন্দিরা দেবীর পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বরলিপির পাঠই গীত-বিতানে অনুসৃত হইয়াছে।

বয়স ১৬ । ১২৮৪ । ১৮৭৭

৩ তোমারি তরে, মা, সঁপিনু এ দেহ ৩ । ৮১৯

ভারতী ১২৮৪ আশ্বিন ১৪৪, উৎসর্গগীতি, জয়জয়ন্তী—তাল চৌতাল। 'জাতীয় সঙ্গীত'১ ২য় সংস্করণ, (১৮৭৮ আগষ্ট ৩০) গ্রন্থে রবীন্দ্রনাথের ৪টি জাতীয় সঙ্গীতের অন্যতম। মনে হয়, গানটি 'সঞ্জীবনী-সভা'র প্রেরণায় রচিত। রবি (জাতীয় ২) ১৬০ রাগিণী জয়জয়ন্তী। স্বর ৪৭। নরেন্দ্রনাথ দত্ত সম্পাদিত 'সঙ্গীত কল্পতরু'-ধৃত স্বর ৪৭। ইংরেজিতে রবি দত্ত কৃত অনূদিত—'The sworn hero'—Echoes from East and West. অক্টোবর ১৮৯৯।

---

(১) 'জাতীয় সঙ্গীত' ১ম সংস্করণে (১৮৭৬ ফেব্রুয়ারী ১১ই) নাই। দ্র. 'বাঙ্গালীর গান'। ৬২১ ঝিঁঝিট কাওয়ালী

৪ শাঙন গগনে ঘোর ঘনঘটা ২। ৪৪০

ভারতী ১২৮৪ আশ্বিন ১৩৫, ভানু সিংহের কবিতা, মল্লার, পাঠ—'সজনি গো—আঁধার রজনী, ঘোর ঘনঘটা।' পাঠান্তর আছে। রবি-বর্জিত। 'কাব্য গ্রন্থাবলী' (১৩০৩)-তে 'অভিসার' নামে মুদ্রিত। স্বর-২১ [illegible]। স্বর-১১ কেতকী।

৫ সাধের কাননে মোর ৩। ৮৮৩

ভারতী ১২৮৪ অগ্রহায়ণ ২৪০, ছিন্নলতিকা। 'শৈশব সঙ্গীত' ১২৯১ জ্যৈষ্ঠ, ছিন্নলতিকা, র-র-অচ-১।৪৬৪। রবি (বিবিধ ৩২) ২৯ জয়জয়ন্তী-ঝাঁপতাল। স্বরলিপি নাই।

৬ গহন কুসুম কুঞ্জমাঝে ৩। ৭৫৬

ভারতী ১২৮৪ অগ্রহায়ণ ২০৬, ভানু সিংহের কবিতা' বিহাগড়া। ব্রজবুলিতে রচিত প্রথম কবিতা দ্র. জীবনস্মৃতি (১৩৬৬) পৃ. ৭৬। ১৮৭৯ জুলাই (১২৮৬ আষাঢ়)-এ প্রকাশিত জ্যোতিরিন্দ্রনাথের 'অশ্রুমতী' নাটকের ৩য় অঙ্কে মলিনার গান রূপে মুদ্রিত। ভানুসিংহের কবিতা গীতরূপে এই প্রথম গ্রন্থভুক্ত। পাঠান্তর আছে। রবি (বিবিধ ২৮) ২২ ঝিঁঝিট-একতালা। কাব্যগ্রন্থাবলী (১৩০৩)-তে 'অভিসার' নামে মুদ্রিত। স্বর ২১

৭ বজাও রে মোহন বাঁশি ৩। ৭৫৬

ভারতী ১২৮৪ পৌষ ২৮৮, ভানু সিংহের কবিতা, মূলতান। পাঠান্তর আছে। রবি-বর্জিত। স্বর. ২১

৮ হম সখি দারিদ নারী ৩। ৭৫৭

ভারতী ১২৮৪ মাঘ ৩৩৬, ভানু সিংহের কবিতা, ভৈরবী। পাঠান্তর আছে। রবি-বর্জিত। স্বরলিপি নাই।

৯ সতিমির রজনী, সচকিত সজনী ৩। ৭৫৭

ভারতী ১২৮৪ ফাল্গুন, ৩৮০-৮১, ভানু সিংহের কবিতা। পাঠান্তর আছে। ভানু. পদাবলী ১২৯১ মিশ্র জয়ন্তী। র-র-ভানু. ২। ১৩। রবি-বর্জিত। স্বর ২১

১০ সখিরে পিরীত বুঝবে কে ৩ । ৭৬০

ভারতী ১২৮৪ ফাল্গুন, ভানু সিংহের কবিতা। ভানু. পদাবলী ১২৯১, টোড়ি, পরবর্তী সংস্করণে গানটি বর্জিত। রবি-বর্জিত। স্বরলিপি নাই।

১১ বাদর বরখন, নীরদ গরজন ৩ । ৭৬০

ভারতী ১২৮৪ চৈত্র ৪২২, ভানু সিংহের কবিতা, রাগিণী মল্লার। পাঠান্তর আছে। ভানু. পদাবলী ১২৯১, মল্লার, র-র ভানু. ২।১৯। রবি-বর্জিত। স্বরলিপি নাই।

বয়স ১৭ । ১২৮৫ । ১৮৭৮

নিম্নলিখিত ১২, ১৩, ১৪ ও ১৫ সংখ্যক গান চারিটি কবির বিলাত যাত্রার পূর্বে আহমদাবাদ ও বোম্বাই বাসকালে রচিত, দ্র. জীবন-স্মৃতি (১৩৬৬): গ্রন্থপরিচয়, পৃ. ২০৪

১২ বলি, ও আমার গোলাপবালা ৩ । ৮৭২

ভারতী ১২৮৭ অগ্রহায়ণ ৩৭৮, গোলাপবালা (গোলাপের প্রতি বুল্‌বুল্‌) রাগিণী বেহাগ—"গানটা এমনি আর এক রাত্রে লিখিয়া বেহাগ সুরে বসাইয়া গুন্ গুন্ করিয়া গাহিয়া বেড়াইতেছিলাম।" রবি (বিবিধ ৩১) ২৬ বেহাগ—খেমটা। গীতবিতান. গ্রন্থ পরিচয় 'গানের বহি'র সংক্ষিপ্ত পাঠ গৃহীত। পৃ. ১০০১ স্বর. ২০

১৩ আঁধার শাখা উজল করি... ৩ । ৭৭১

ভারতী ১২৮৭ মাঘ ৪৭৬, ভগ্নহৃদয় পঞ্চম সর্গ প্রমোদের গান, 'স্বপ্নময়ী' নাটক-ধৃত। রবি (বিবিধ ২৩) ১৭ গৌড়সারং-যৎ। স্বর. ২০

১৪ নীরব রজনী দেখো মগ্ন জোছনায় ৩ । ৭৬৮

ভারতী ১২৮৭ ফাল্গুন ৫০৮, ভগ্নহৃদয় ষষ্ঠ সর্গ কবি (গান)। রবি (বিবিধ ১) ১ রবিছায়ার প্রথম গান, মিশ্র-আড়াঠেকা। স্বর ২০

১৫ শুন নলিনী খোল গো আঁখি ৩ । ৮৭৪

শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ, প্রভাতী, র-র-অচ ১।৪৯১-৯২। রবি (বিবিধ ৪২)। ৩৮ ললিত-খেমটা দ্র. রবীন্দ্রজীবনী ১ম (১৩৭০) পৃ. ৮৮। স্বর. ২০

১৬ বার বার সখি, বারণ করনু ৩। ৭৬৩

ভারতী ১২৮৫ বৈশাখ ২১, ভানুসিংহের কবিতা। ভানু. পদাবলী ১২৯১, ইমনকল্যাণ, র-র-ভানু ২।২২। পাঠান্তর আছে। রবি-বর্জিত। 'কাব্যগ্রন্থাবলী'তে (১৩০৩) 'দূতির প্রতি' নামে মুদ্রিত। স্বরলিপি নাই।

১৭ অয়ি বিষাদিনী বীণা ৩। ৮১৬

জাতীয় সঙ্গীত ১২৮৫ ভাদ্র, সংস্করণ ২। রবি-নাই। গীতবিতান সূচীপত্র-ধৃত বাহার-কাওয়ালি। স্বরলিপি নাই। নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ) সম্পাদিত 'সঙ্গীত কল্পতরু'-ধৃত।

১৮ ভারত রে, তোর কলঙ্কিত পরমাণুরাশি ৩। ৮১৫

জাতীয় সঙ্গীত ১২৮৫ ভাদ্র, সংস্করণ ২। রবি-নাই। গীতবিতান সূচীপত্র-ধৃত ভৈরবী। স্বরলিপি নাই। নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ) সম্পাদিত 'সঙ্গীত কল্পতরু'তে উদধৃত আছে।

১৯ ঢাকোরে মুখ, চন্দ্রমা, জলদে ৩। ৮১৮

জাতীয় সঙ্গীত ১২৮৫ ভাদ্র, সংস্করণ ২। রবি (জাতীয় ১) ১৫৯ রাগিণী গৌড়মল্লার। স্বর. ৪৭

১৭, ১৮, ১৯ সংখ্যক 'জাতীয় সঙ্গীত' (২ সং, ১৮৭৮ খৃীঃ) গ্রন্থ হইতে সংকলিত। এই সম্পর্কে ১৩৪৬ সালের 'শনিবারের চিঠি'র কার্ত্তিক (পৃ. ১৫২-৫৩) অগ্রহায়ণ (পৃ. ৩১৫-১৭) সংখ্যায় মুদ্রিত 'রবীন্দ্ররচনাপঞ্জী' দ্রষ্টব্য। 'অয়ি বিষাদিনী বীণা' (১৭) ১৮৭৭ খৃষ্টাব্দে 'হিন্দুমেলা'য় পঠিত (অথবা গীত?) হইয়াছিল, এরূপ অনুমিত হইয়াছে; দুর্গাদাস লাহিড়ী কর্ত্তৃক সম্পাদিত 'বাঙ্গালীর গান' গ্রন্থে (১৩১২) ইহা রবীন্দ্রনাথের নামেই সুর-তালের-উল্লেখ-সহ মুদ্রিত আছে। দ্র. গীতবিতান ৩। গ্রন্থপরিচয়, পৃ. ৯৯০

২০ গোলাপ ফুল ফুটিয়ে আছে ৩। ৮৭৩

ভারতী ১২৮৫ কার্ত্তিক, ৩০০ ফুলবালা, গান। শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ, 'ফুলবালা'র অংশ, র-র-অচ-১। ৪৩৯। রবি (বিবিধ ৩৪) ৩১ পিলু-খং দীর্ঘ

কবিতার প্রথম স্তবক মাত্র। 'কাব্যগ্রন্থাবলী' (১৩০৩) 'কৈশোরক' অংশে 'নিবন্ধ' নামে মুদ্রিত। এখানে ইহার প্রথম পঙক্তির পাঠান্তর আছে—

'গোলাপ কলি পড়িছে ঢলি

কোথায় অলি যাস্‌রে।' ইত্যাদি।

ইংরেজিতে রবি দত্ত অনূদিত The Rose Bud.—*Echoes from east and west*. 1899. স্বর. ২০

২১ দেখে যা, দেখে যা, দেখে যা-লো তোরা ২। ৪১৮

ভারতী ১২৮৫ কার্তিক, ৩০৬, ফুলবালা, গান। মালতী পুঁথি ৩১। 'স্বপ্নময়ী' নাটকের ৫ম অঙ্কে জেহেনার গান। 'বিবাহ-উৎসব' গীতিনাট্য ও 'নলিনী' নাটকের পাণ্ডুলিপিতে-ধৃত। বিশ্বভারতী ১৩৭৫ পৃ. ১৮৭ শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ 'ফুলবালা'র অংশ। র-র-অচ-১। ৪৪৯ রবি (বিবিধ ২) ২ কালাংড়া-খেমটা। স্বর ২০

বয়স ১৮। ১২৮৬। ১৮৭৯

২২ মাবো না কহ আদর বাণী ৩। ৭৬১

ভারতী ১২৮৬ বৈশাখ ৩৪-৩৫, ভানুসিংহের কবিতা। ভানু. পদাবলী ১২৯১ বাহার, র-র-ভানু. ২। ২০। রবি-নাই। কাব্যগ্রন্থাবলী (১৩০৩)-ভানু. পদাবলীতে 'অনুতপ্তা' নাম। স্বরলিপি নাই।

২৩ পাগলিনী তোর লাগি ৩। ৮৭৩

ভারতী ১২৮৬ আষাঢ় ১২৪, ভগ্নতরী (গাথা) প্রথম সর্গ। রবি-নাই। শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ, র-র-অচ-১। ৫০০। ভগ্নতরী রচনা ইংলণ্ডে, দ্র. জীবনস্মৃতি (১৩৬৬) পৃ. ৯০ Torquay (Devonshire, England)-"সেই শিলাসনে বসিয়া 'মগ্নতরী' নামে একটি কবিতা লিখিয়াছিলাম। স্বরলিপি নাই।

২৪ ওই কথা বল সখি বল আরবার ৩। ৮৭৪

ভারতী ১২৮৭ আষাঢ় ১২৪-২৫, ভগ্নতরী (গাথা) প্রথম সর্গ, বিলাতে রচিত। মালতী পুঁথি ১১৯। শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ ভগ্নতরী (গাথা) প্রথম সর্গ র-র-অচ-১। ৫০১। রবি (বিবিধ ৩৮) ৩৫ সিন্ধু কাফি-কাওয়ালি। স্বরলিপি নাই।

২৫ ভাসিয়ে দে তরী তবে [illegible]

ভারতী ১২৮৬ ভাদ্র ২২৫। ভাসিয়ে দে তরী। রাগিণী জয়জয়ন্তী-তাল একতালা। 'স্বপ্নময়ী' নাটক ধৃত। রবি-নাই। গীতবিতান ও গ্রন্থপরিচয় পৃ. ১০১০ ভারতীতে দীর্ঘতর পাঠ। স্বরলিপি গীতিমালা। পাঠ [illegible] অনুমান করা হয়েছে। স্বর. ৩৫

২৬ মন হতে প্রেম যেতেছে শুকায়ে ৩। ৮৭১

ভারতী ১২৮৬ কার্ত্তিক ৩১৭, সম্পাদকের বৈঠক। ভূপালি রাগিণী। Wales-এর কবি Talhaiarn-এর ইংরেজী অনুবাদ হইতে। রবি (বিবিধ ৬৫) ৫৯ সুরের উল্লেখ নাই। স্বরলিপি নাই।

২৭ গিয়াছে সেদিন যেদিন হৃদয় ৩। ৮৭১

ভারতী ১২৮৬ কার্ত্তিক, ৩১৮-১৯। সম্পাদকের বৈঠক। গানটি Thomas Moore-এর Irish Melodies গ্রন্থের Love's young Dream কবিতার প্রথম এবং শেষ স্তবকের অনুবাদ। রবি (বিবিধ ১৭) ১২ সুরের উল্লেখ নাই। গান ১৯০৯। ১৩১৬ ই. পা. হা. বিবিধ. ১৯৭, ভৈরবী-ঝাঁপতাল। স্বরলিপি নাই।

২৮ না সখা, মনের ব্যথা কোরনা গোপন ৩। ৭৭৪

ভারতী ১২৮৬ কার্ত্তিক ৩২১, সম্পাদকের বৈঠক। রবি (বিবিধ ৯৯) ৮১ ইমন কল্যাণ-কাওয়ালি। স্বরলিপি নাই।

২৯ কাছে তার যাই যদি ৩। ৭৭২

ভারতী ১২৮৬ কার্ত্তিক, ৩২১। সম্পাদকের বৈঠক। ভৈরবী-ঝাঁপতাল। ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ ৭ম সর্গ, র-র-অচ-১। ১৮১। শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ 'লাজময়ী' র-র-অচ-১। ৪৯৩। রবি (বিবিধ ১০২) ৮৫ টোড়ি-ঝাঁপতাল। কাব্যগ্রন্থাবলী (১৩০৩)-র কৈশোরক অংশে 'লাজময়ী' নামে মুদ্রিত। স্বর ২০

৩০ বুঝেছি বুঝেছি সখা, ভেঙেছে প্রণয় ৩। ৭৭৪

ভারতী ১২৮৬ কার্ত্তিক, ৩২১ সম্পাদকের বৈঠক সুর দেশ। 'স্বপ্নময়ী' নাটক ধৃত। ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, ১৯শ সর্গ, র-র-অচ-১। ২৩৭। রবি (বিবিধ ৯৮) ৮১ মিশ্রপিলু-আড়াঠেকা। স্বর ২০

৩১ কী করিব বল সখা ৩ । ৭৭৪

ভারতী ১২৮৬ কার্তিক, ৩২২ সম্পাদকের বৈঠক । ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, ১৩ সর্গ, র-র-অচ-১ । ২১৩ । রবি (বিবিধ ৫৪) ৫১ মিশ্র ইমনকল্যাণ-কাওয়ালি । স্বরলিপি নাই ।

৩২ ও কথা বোলনা তারে ৩ । ৮৭৫

ভারতী ১২৮৬ ফাল্গুন, ৫১২ । সম্পাদকের বৈঠক, প্রেম-মরীচিকা, ঝিঁঝিট খাম্বাজ । শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ র-র-অচ-১ । ৪৯৪ । রবি (বিবিধ ৪৪) ৪১ ঝিঁঝিট-খাম্বাজ । স্বরলিপি নাই ।

৩৩ আয় তবে সহচরী ২ । ৪১৪

জ্যোতিরিন্দ্রনাথের 'মানময়ী'[১] নাটকের (১২৮৬) গান । 'স্বপ্নময়ী' নাটক ধৃত । রবি (বিবিধ ২৫) ১৯ ছায়ানট-কাওয়ালি । স্বর-২০

৩৪ ছিলে কোথা বলো [২] ৩ । ৯৫২

জ্যোতিরিন্দ্রনাথের 'মানময়ী' নাটকের (১২৮৬) গান । স্বরলিপি নাই ।

৩৫ চলো চলো, চলো চলো [২] ৩ । ৯৫২

জ্যোতিরিন্দ্রনাথের 'মানময়ী' নাটকের (১২৮৬) গান । স্বরলিপি নাই ।

৩৬ তারে দেহ গো আনি ৩ । ৮৮৩

ভারতী ১২৮৬ চৈত্র ৫৫৫, গাথা, খড়্গ পরিণয়, ৩নং দীর্ঘ কবিতার শেষাংশ । রবি (বিবিধ ৪৯) ৪৪ বেহাগ-আড়াঠেকা । দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় পৃ. ১০০১ । স্বর. ৩৫

---

(১) মানময়ী (গীতি-নাটিকা) ১৮০২ শক (ইং ১৮৮০) পৃ. ১২ । দ্র. সাহিত্য-সাধক চরিতমালা, ষষ্ঠ খণ্ড-জ্যোতিরিন্দ্রনাথ, পৃ. ৫৯

(২) দ্র. ডা. সুশীল রায়, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, পৃ. ২২৭ । শ্রীমতী ইন্দিরা দেবী লিখিত 'রবীন্দ্রস্মৃতি' (বিশ্বভারতী, ১৩৬৭, পৃ. ২৭-২৮) । সজনীকান্ত দাস লিখিতেছেন 'ছিলে কোথা বলো' ও 'চলো চলো, চলো চলো' গান দুইটি এক সঙ্গে পড়িয়া শুনাইলে পর, রবীন্দ্রনাথ 'নিজের বলিয়া সন্দেহ প্রকাশ করিয়াছেন ।' দ্র. 'রবীন্দ্ররচনাপঞ্জী', শনিবারের চিঠি, ফাল্গুন ১৩৪৬, পৃ. ৭৬১ গীত ৩ । গ্রন্থপরিচয় ১০১০ ।

বয়স ১৮ । ১২৮৬ । ১৮৭৯

৩৭ এক সূত্রে বাঁধিয়াছি ৩ । ৮১৬

গানটি জ্যোতিরিন্দ্রনাথের 'পুরুবিক্রম' নাটকের (২য় সং ১৮৭৯) অন্তর্ভুক্ত রবীন্দ্রনাথের কোনো গীত-গ্রন্থভুক্ত হয় নাই। ১৩১২ সালে 'সঙ্গীত-প্রকাশিকা'র 'বন্দেমাতরম্' ধুয়া সংযোগে স্বরলিপি প্রকাশিত হয়। ১৩৫৭ সালে গীতবিতান তৃতীয় খণ্ড সম্পাদনাকালে গানটিকে গীতবিতান-ভুক্ত করা হয়। গানটি রবীন্দ্রনাথের রচনা কিনা তদ্বিষয়ে সন্দেহের অবকাশ আছে। বিস্তারিত আলোচনার জন্য দ্রষ্টব্য গীতবিতান-গ্রন্থ-পরিচয় ও 'রবিচ্ছায়া' প্রবন্ধ (প্রভাতকুমার মুখোপাধ্যায়); 'কালি ও কলম' ১৩১৬ বৈশাখ। স্বর-৪৭. খাম্বাজ-একতালা।

বয়স ১৯ । ১২৮৭ । ১৮৮০

৩৮ হম যব না রব, সজনী ৩ । ৭৬৩

ভারতী ১২৮৭ বৈশাখ, ১। ভানুসিংহের কবিতা, পাঠ—"দেখলো সজনী, চাঁদনি রজনী ...."। ভানু. পদাবলী ১২৯১, বেহাগ, র-র-২ । ২৩। রবি—নাই। স্বরলিপি নাই।

৩৯ ছি ছি সখা, কী করিলে ৩ । ৯৫০

ভারতী ১২৮৭ ভাদ্র, ২২৯ রাগিণী জয়জয়ন্তী—তাল ঝাঁপতাল, কামিনী ফুল। শৈশব সঙ্গীত ১২৯১ জ্যৈষ্ঠ 'কামিনী ফুল', র-র-অচ-১ । ৪৯৩। রবি (বিবিধ ৪৩) ৪০ মিশ্রছায়ানট—ঝাঁপতাল। স্বরলিপি নাই।

৪০ তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা ২ । ৩১৮

ভারতী ১২৮৭ কার্ত্তিক, ৩৩৭ ভগ্নহৃদয় (গীতিকাব্য) উপহার, রাগিণী ছায়া-নট, 'শ্রীমতী হে-কে', ভারতীতে প্রকাশকালে ১০ পঙ্‌ক্তির গান মুদ্রিত। 'ভগ্নহৃদয়' পুস্তকাকারে প্রকাশকালে (১২৮৮ বৈশাখ) এই গানটির পরিবর্ত্তে পাঁচ স্তবকে ৩০ পঙ্‌ক্তির কবিতা রচিত হয়। পরে প্রথম ৮ পঙ্‌ক্তি ব্রহ্মসঙ্গীত-রূপে ১২৮৭ সালের মাঘোৎসবে গীত হয়, দ্র. তত্ত্ববোধিনী ১৮০২ শক (১২৮৭) ফাল্গুন ২১১। মালতী পুঁথি ৪৪। রবি (ব্রহ্ম ৪১) ১৩২ রাগিণী আলাহিয়া—তাল ঝাঁপতাল। স্বর.২৩. দ্র. গান নং ৫১

৪১ ক্ষমা করো মোরে সখী ৩। ৭৬৯

ভারতী ১২৮৭ কার্ত্তিক, ৩৪০ ভগ্নহৃদয় ১ম সর্গ, মুরলা। মালতী-পুঁথি ৪৩। 'স্বপ্নময়ী' নাটক। রবি (বিবিধ ১০৬) ৮৯ ঝিঁঝিট-কাওয়ালি। স্বর. ৫১

৪২ সখী, আর কতদিন সুখহীন শান্তিহীন ৩। ৭৬৯

ভারতী ১২৮৭ কার্ত্তিক, ৩৪৩। ভগ্নহৃদয় ১ম সর্গ, কবি। ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, র-র-অচ-১। ১৩৭। রবি (বিবিধ ১০৭) ৯০ জয়জয়ন্তী—ঝাঁপতাল। স্বরলিপি নাই।

৪৩ নাচ্ শ্যামা, তালে তালে ৩। ৭৭০

ভারতী ১২৮৭ অগ্রহায়ণ, ৩৫১-৫২। ভগ্নহৃদয় ২য় সর্গ, নলিনী (শ্যামার প্রতি গান)। ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, র-র-অচ-১। ১৪০। 'বিবাহ-উৎসব' (১২৯০) গীতিনাট্যের অন্তর্গত। রবি (বিবিধ ১০৯) ৯১। সুরের উল্লেখ নাই। 'গানের বহি' ১৩০০ বৈশাখ, ২০১ খাম্বাজ। দীর্ঘ কবিতার সংক্ষিপ্ত রূপ। বিলাতে রচিত। বহু পাঠান্তর আছে। বর্তমান গীতবিতানের পাঠ 'রবিচ্ছায়া' ও 'গানের বহি' হইতে পৃথক। 'কাব্যগ্রন্থাবলী' (১৩০৩) কৈশোরক অংশে 'শ্যামা' নামে মুদ্রিত। স্বর. ৫১।

৪৪ সখিলো, সখিলো, নিকরুণ-মাধব ৩। ৭৬২

ভারতী ১২৮৭ অগ্রহায়ণ ৩৮৪। 'ভানুসিংহের কবিতা। ভানু-পদাবলী ১২৯১, দেশ, র-র-২। ২১। রবি-নাই। স্বরলিপি নাই।

৪৫ বিপাশার তীরে ভ্রমিবারে যাই ৩। ৭৭০

ভারতী ১২৮৭ পৌষ, ৪০৩। ভগ্নহৃদয় ৪র্থ সর্গ, কবি (প্রথম গান)। ভগ্নহৃদয় ১২৮৮, বৈশাখ, র-র-অচ ১। ১৫২। রবি (বিবিধ ৩) ৩ খট্—একতালা। স্বরলিপি নাই।

৪৬ খেলা কর্, খেলা কর্ ৩। ৭৭১

ভারতী ১২৮৭ মাঘ ৪৭৫ ভগ্নহৃদয় ৫ম সর্গ (গাছের দিকে চাহিয়া নলিনীর মৃদুস্বরে গান)। ভগ্নহৃদয় ১২৮৮, বৈশাখ র-র-অচ-১। ১৬৩। 'স্বপ্নময়ী' নাটক। মালতীপুঁথি ৪৩। রবি (বিবিধ ১০৫) ৮৮ কালাংড়া—কাওয়ালি। স্বরলিপি নাই।

৪৭ কে আমার সংশয় মিটায় [গীতবিতানে নাই]

ভারতী ১২৮৭ মাঘ, ৪৭৬ ভগ্নহৃদয় ৫ম সর্গ, নীরদের কণ্ঠে গান। ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, র-র-অচ ১। ১৬৪। মালতী পুঁথি ৪৫। রবি (বিবিধ ১০৪) ৮৭ সুরের উল্লেখ নাই। সুরের উল্লেখ নাই। স্বরলিপি নাই।

৪৮ তুমি কিগো পিতা আমাদের ৩। ৮৩১

মাঘোৎসবে গীত, রবীন্দ্রনাথের প্রথম ব্রহ্মসংগীত, তত্ত্ববোধিনী ১৮০২ শক (১২৮৭) ফাল্গুন, ২০৬। রাগ ভয়রোঁ—তাল কাওয়ালি। নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ) সম্পাদিত 'সঙ্গীতকল্পতরু'-ধৃত। রবি (ব্রহ্ম-৩৯) ১৩১ রাগ ভয়রোঁ—তাল কাওয়ালি। স্বর. ৪৫।

৪৯ মহা সিংহাসনে বসি শুনিছ হে ৩। ৮২৮

মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮০২ শক (১২৮৭) ফাল্গুন, ২০৬ ভৈরবী—ঝাঁপতাল। নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ) সম্পাদিত 'সঙ্গীত-কল্পতরু'-ধৃত। রবি (ব্রহ্ম ৩)। ১০৫ ভৈরবী-ঝাঁপতাল। রবি দত্ত অনূদিত 'The World Song.' *Echoes from East and West.* স্বর. ৮।

৫০ আমরা যে শিশু অতি ৩। ৮২৭

মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮০২ শক (১২৮৭) ফাল্গুন, ২১১। রাগিণী খট্—তাল ঝাঁপতাল। রবি (ব্রহ্ম ৪০) ১৩১ রাগিণী খট্—তাল ঝাঁপতাল। নরেন্দ্রনাথ দত্ত শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবকে গানটি শোনাতেন। স্বর. ৪৫

৫১ তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা ২। ৩১৮

মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮০২ শক (১২৮৭) ফাল্গুন ২১১, ছায়ানট। রবি (ব্রহ্ম ৪১) ১৩২ ছায়ানট। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৩য় ভাগ)। দ্র. গান নং ৪০। স্বর. ২৩।

৫২ একি এ সুন্দর শোভা ১। ২১৪

মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮০২ (১২৮৭) ফাল্গুন ২১২, রাগিণী ইমন ভূপালি-তাল কাওয়ালি। রবি (ব্রহ্ম ৪২) ১৩৩ রাগিণী ইমন ভূপালি-তাল কাওয়ালি। নরেন্দ্রনাথ দত্ত শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবকে গানটি শোনাতেন। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৩য় ভাগ)। স্বর. ২৩।

৫৩ দিবানিশি করিয়া যতন ৩। ৮২৮

মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮০২ (১২৮৭) ফাল্গুন ২১২, রাগিণী-ধূন তাল কাওয়ালি। রবি (ব্রহ্ম ৪৪) ১৩৩, রাগিণী-ধূন—তাল কাওয়ালি। নরেন্দ্রনাথ দত্ত শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবকে গানটি শোনাতেন। স্বর. ৪৫

৫৪ কোথা আছ প্রভু ৩। ৮২৯

মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮০২ শক (১২৮৭) ফাল্গুন ২১৫, গুজরাটী ভজন—তাল একতালা। রবি (ব্রহ্ম ৪৪) ১৩৫, গুজরাটী ভজন—তাল একতালা। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৩য় ভাগ)।

৫৫ সখী, ভাবনা কাহারে বলে ৩। ৭৭১

ভারতী ১২৮৭ ফাল্গুন, ৫০৮। ভগ্নহৃদয় ষষ্ঠ সর্গ চপলার গান। রবি (বিবিধ ১০৩) ৮৫ বেহাগ খাম্বাজ—একতালা। স্বর. ২০।

৫৬—৮২ পর্যন্ত মোট ২৭টি গান বাল্মীকি-প্রতিভা প্রথম সংস্করণ ১২৮৭ ফাল্গুন-ধৃত। বাল্মীকি-প্রতিভা গীতিনাট্য ১২৮৭ সালের ১৬ই ফাল্গুন শনিবার (১৮৮১ ফেব্রুয়ারী ২৬) বিদ্বজ্জন সমাগম উপলক্ষ্যে কলিকাতায় জোড়াসাঁকোর বাড়ীর তেতলার ছাদে অভিনীত হয়। গানগুলি 'রবিচ্ছায়া'তে নাই। স্বরবিতান ৪৯। র-র-অচ-১। ৫৩১—৪১ এবং র-র-১। ২০৮-২১৫।

৫৬ আজকে তবে মিলে সবে । কাফি ৩ । ৬৩৬

৫৭ এক ডোরে বাঁধা আছি মোরা সকলে । খাম্বাজ ৩ । ৬৩৬

৫৮ এখন করব কি বল্ । পিলু ৩ । ৬৩৭

৫৯ শোন্ তোরা তবে শোন্ । ঝিঁঝিট ৩ । ৬৩৭

৬০ তবে আয় সবে আয় । রাগিণী বেলাবতী ৩ । ৬৩৭

৬১ কালী কালী বলো রে আজ । জংলা ভূপালি ৩ । ৬৩৮

৬২ এ কী এ ঘোর বন ! এনু কোথায় । দেশ-বেহাগ ৩ । ৬৩৮

৬৩ পথ ভুলেছিস্ সত্যি বটে ? পিলু ৩ । ৬৩৯

৬৪ নিশুম্ভ মর্দ্দিনী অম্বে । কানাড়া । স্বরলিপি নাই গীতবিতানে নাই

৬৫ দেখো হো ঠাকুর বলি এনেছি মোরা । কাফি ৩ । ৬৪০

৬৬ নিয়ে আয় কৃপাণ । কানাড়া ৩ । ৬৪০

৬৭ কী দশা হল আমার (হায়) । গারা ভৈরবী ৩ । ৬৪১

৬৮ এ কেমন হল মন আমার । সিন্ধু ভৈরবী ৩ । ৬৪১

৬৯ আরে, কি এত ভাবনা । পরজ ৩ । ৬৪১

৭০ শোন্ তোরা শোন্, এ আদেশ । বাঙ্গালী ৩ । ৬৪১

৭১ ব্যাকুল হয়ে বনে বনে । খাম্বাজ ৩ । ৬৪১

৭২ আয়না আয়না এখানে আয়না । নটনারায়ণ ৩ । ৬৪৯

৭৩ জীবনের কিছু হ'ল না হায় । হাম্বির ৩ । ৬৪৯

৭৪ থাম্ থাম্ কী করিবি বধি পাখিটির প্রাণ । সিন্ধুভৈরবী । ৩ । ৬৫০

বয়স ১৯ । ১২৮৭ । ১৮৮০

৭৫ কী বলিনু আমি । বাহার — ৩ । ৬৫০

৭৬ একী এ, একী এ, স্থির চপলা ! ভূপালি — ৩ । ৬৫০

৭৭ কোথা লুকাইলে । টোড়ী — ৩ । ৬৫১

৭৮ কেন গো আপন মনে । সিন্ধু — ৩ । ৬৫২

৭৯ কোথায় সে উষাময়ী প্রতিমা । টোড়ী — ৩ । ৬৫২

৮০ এই যে হেরি গো দেবী আমারি । বাহার — ৩ । ৬৫৩

৮১ হৃদয়ে রাখ, গো দেবি । গৌড়মল্লার । স্বরলিপি নাই — গীতবিতানে নাই

৮২ দীনহীন বালিকার সাজে । গান নহে । (আবৃত্তি) — ৩ । ৬৫৩

বয়স ২০ । ১২৮৮ । ১৮৮১

৮৩ কতদিন একসাথে ছিনু ঘুমঘোরে — ৩ । ৭৭০

ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, প্রথম সর্গ, গান, র-র-অচ-১ । ১৩৯ । মালতী পুঁথি ১১৯ । রবি (বিবিধ ১০৮) ৯০, ভৈরবী—কাওয়ালি । স্বরলিপি নাই ।

৮৪ যে ভালবাসুক সে ভালবাসুক — ৩ । ৭৭৩

ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, অষ্টম সর্গ, চপলার গান, র-র-অচ-১ । ১৯০ । রবি (বিবিধ ১০১) ৮৩, মিশ্র—একতালা । স্বরলিপি নাই ।

৮৫ কী হল আমার ! বুঝিবা সখি — ২ । ৪০৮

ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, নবম সর্গ, নলিনীর গান, র-র-১ । ১৯১ । মালতী পুঁথি ১০০ । রবি (বিবিধ ১০০) ৮২, মিশ্রসিন্ধু—একতালা । কাব্যগ্রন্থাবলী (১৩০৩) 'কৈশোরক' অংশে 'হারা হৃদয়ের গান' নামে মুদ্রিত । পাঠান্তর আছে । স্বর. ২০ ।

বর্তমান বাল্মীকি-প্রতিভা ১২৯২ সালে নূতন করিয়া লিখিত হয় । আমরা সেই পাঠেরই সহিত পরিচিত

৮৬ কে তুমি গো খুলিয়াছ স্বর্গের দুয়ার ৩ । ৭৭৩

ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, দশম সর্গ, গান, র-র-অচ-১ । ১৯৯ মালতী পুঁথি ৪৫ । রবি (বিবিধ ৩৯) ৩৫, মুলতান—আড়াঠেকা । স্বরলিপি নাই ।

৮৭ কিছুই ত হোল না ৩ । ৭৭৩

ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, একাদশ সর্গ, অনিলের গান, র-র-অচ-১ । ১৯৯ রবি (বিবিধ ৪০) ৩৬ ঝিঁঝিট—আড়াঠেকা । কাব্যগ্রন্থাবলী (১৩০৩) 'কৈশোরক' অংশে 'ছায়া' নামে মুদ্রিত । দীর্ঘ কবিতার সাত পঙক্তি লইয়া গান । স্বর. ৩৫ ।

৮৮ তুই রে বসন্ত সমীরণ ৩ । ৭৭৫

ভগ্নহৃদয় ১২৮৮ বৈশাখ, দ্বাবিংশ সর্গ, বিনোদের গান, র-র-অচ-১ । ২৪১ রবি (বিবিধ ৩৭) ৩৩ কাফি—ঝাঁপতাল । উভয় স্থলেই ইন্দিরা দেবী-সম্মত সংক্ষিপ্ত পাঠ । ইহা বিশেষভাবে উল্লেখযোগ্য—প্রচলিত গীতবিতানে সম্ভবমত প্রায় সর্ব্বত্র গীতরূপের সংকলন, এজন্য প্রামাণিক স্বরলিপিতে যাহা পাওয়া যায় তাহারই অনুসৃতি । 'ভগ্নহৃদয় আদি গ্রন্থে এমন কি 'রবিচ্ছায়াতে'ও অনেক সময় দীর্ঘতর বা অতিদীর্ঘ রূপ (পাঠ) দেখা যায় । স্বর. ২০ ।

৮৯ বসন্ত প্রভাতে এক মালতীর ফুল ৩ । ৭৭৬

রুদ্রচণ্ড ১২৮৮ বৈশাখ, তৃতীয় দৃশ্য, অমিয়ার গান, রাগিণী—মিশ্রললিত, র-র-অচ-১ । ২৮৮ মালতী পুঁথি ২৩ । রবি (বিবিধ ১১৪) ৯৮ মিশ্র গৌর সারং —ঝাঁপতাল । স্বর. ৩৫ ।

৯০ তরুতলে ছিন্নবৃন্ত মালতীর ফুল ৩ । ৭৭৬

রুদ্রচণ্ড । ১২৮৮ বৈশাখ, তৃতীয় দৃশ্য, চাঁদকবির গান, রাগিণী—মিশ্র গৌড় সারঙ্গ, র-র-অচ-১ । ২৯০-৯১ মালতী পুঁথি ২৯ । রবি (বিবিধ ৩০) ২৫ মিশ্র গৌড় সারঙ্গ—ঝাঁপতাল । স্বর. ২০ ।

৮৯, ৯০ সংখ্যক গান দুইটি মিলাইয়া শিশু-কাব্যের 'ফুলের ইতিহাস' কবিতাটি লিখিত হয় । র-র-৯ । ৮৮

৯১ মরণ রে, তুহুঁ মম শ্যাম সমান ২ । ৩৪২

ভারতী ১২৮৮ শ্রাবণ ১৯৬ ; ভানুসিংহের কবিতা । ভানু. পদাবলী ১২৯১, পূরবী, র-র-২ । ২৪ রবি (বিবিধ ৫১) ৪৬ ভৈরবী-কাওয়ালি । স্বর. ২১ ।

নিম্নের ৯২—৯৫ সংখ্যক গান চারিটি রাজনারায়ণ বসুর কন্যা লীলাদেবীর সহিত কৃষ্ণকুমার মিত্রের বিবাহ-উৎসব উপলক্ষ্যে রবীন্দ্রনাথ কর্তৃক রচিত। বিবাহ অনুষ্ঠিত হয় ১৫ই শ্রাবণ, ১২৮৮। গায়কদের অন্যতম ছিলেন নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ)।

৯২ জগতের পুরোহিত তুমি [১] ৩ । ৮৬২

রবি (ব্রহ্ম ৭৩) ১৫৫ রাগিণী খাম্বাজ—তাল একতালা। স্বরলিপি নাই।

৯৩ শুভদিনে এসেছে দোঁহে চরণে তোমার ২ । ৬১০

রবি (ব্রহ্ম ৫৪) ১৪২ বেহাগ। স্বর. ৮।

৯৪ তুমি হে প্রেমের রবি ৩ । ৮৬২

রবি (ব্রহ্ম ৭৪) ১৫৭ রাগিণী জয়জয়ন্তী—ঝাঁপতাল। স্বরলিপি নাই।

৯৫ দুই হৃদয়ের নদী, একত্র মিলিল যদি ২ । ৬০৯

তত্ত্ববোধিনী ১৮০৩ শক (১২৮৮) ভাদ্র, রাগিণী সাহানা—তাল ঝাঁপতাল। রবি (ব্রহ্ম ৬০) ১৫৪ রাগিণী সাহানা—তাল ঝাঁপতাল। স্বর. ৫৫।

৯৬ বঁধুয়া অসময়ে কেন হে প্রকাশ ৩ । ৭৯৮

ভারতী ১২৮৮ কার্তিক, ৩১২-১৩ বউ-হাট, পঞ্চম পরিচ্ছেদ। বউ-হাট. ১২৮৯ পৌষ, চতুর্থ পরিচ্ছেদ, বসন্ত রায়েন র-র-১। ৩৮৯। রবি-নাই। গানের বহি ১৩০০ বৈশাখ, ১২৫ ইমন-কল্যাণ—ঝাঁপতাল। প্রায়শ্চিত্ত ১৩১৬ বৈশাখ, প্রথম অঙ্ক তৃতীয় দৃশ্য, বসন্ত রায়ের গান, ভূপালি—যৎ, র-র-৯। ১০৯, স্বর. ৯।

৯৭ আজ তোমারে দেখতে এলেম ২ । ৪১৪

ভারতী ১২৮৮ অগ্রহায়ণ, ৩৪৭ বউ-হাট, সপ্তম পরিচ্ছেদ। বউ-হাট ১২৮৯ পৌষ, ষষ্ঠ পরিচ্ছেদ বসন্ত রায়ের গান। র-র-১। ৩৯৮-৯৯। রবি-নাই। গানের বহি ১৩০০ বৈশাখ, ১২৫ ভৈরবী—ঝাঁপতাল। প্রায়শ্চিত্ত ১৩১৬ বৈশাখ, প্রথম অঙ্ক, পঞ্চম দৃশ্য, বসন্ত রায়ের গান, র-র-৯। ২১৪। স্বর. ৯।

---

(১) মহাগুরু, দুটি ছাত্র এসেছে তোমার .... জয়জয়ন্তী, ঝাঁপতাল। মূলপাঠ পাণ্ডুলিপি রাজনারায়ণের পুত্র যোগেন্দ্রনাথ বসুকে লিখিত।

৯৮ মলিন মুখে ফুটুক হাসি ৩। ৭৯৮

ভারতী ১২৮৮ অগ্রহায়ণ, ৩৫০ বউ-হাট, সপ্তম পরিচ্ছেদ, বউ-হাট ১২৮৯ পৌষ ষষ্ঠ পরিচ্ছেদ, বসন্ত রায়ের গান, র-র-১। ৪০২ রবি-নাই। প্রায়শ্চিত্ত ১৩১৬ বৈশাখ, প্রথম অঙ্ক, পঞ্চম দৃশ্য, র-র-৯। ১১৫। স্বর. ১।

৯৯ সারা বরষ দেখিনে মা ২। ৬০৩

ভারতী ১২৮৮ পৌষ, ৪৩৪। বউ-হাট, দশম পরিচ্ছেদ। বউ-হাট, ১২৮৯ পৌষ নবম পরিচ্ছেদ, রামমোহন মালের গান, র-র-১। ৪১৩ রবি-নাই। প্রায়শ্চিত্ত ১৩১৬ বৈশাখ, ২য় অঙ্ক, ৩য় দৃশ্য, র-র-৯। ১২৪ স্ববি. ৯।

১০০ কবরীতে ফুল শুকালো ৩। ৭৯৮

ভারতী ১২৮৮ মাঘ ৪৫০, বউ-হাট, একাদশ পরিচ্ছেদ। বউ-হাট ১২৮৯ পৌষ দশম পরিচ্ছেদ, বসন্ত রায়ের গান—ললিত। "তৎক্ষণাৎ ললিতে একটা গান গাহিবার উপক্রম করিলেন"। র-র-১। ৪১৮। রবিচ্ছায়ায় নাই। স্বরলিপি নাই।

১০১ ওরে যেতে হবে, যেতে হবে রে ২। ৬০৩

ভারতী ১২৮৮ ফাল্গুন; ৫০১ বউ-হাট, চতুর্দ্দশ পরিচ্ছেদ। বউ-হাট ১২৮৯ পৌষ, ত্রয়োদশ পরিচ্ছেদ, বসন্ত রায়ের গান, র-র-১। ৪৩৪। রবি (ব্রহ্ম ৩৪) ১২১ ললিত—আড়াঠেকা। স্বর. ২০।

১০২ আমার যাবার সময় হল ২। ৬০২

ভারতী ১২৮৮ ফাল্গুন ৫০১, বউ-হাট, চতুর্দ্দশ পরিচ্ছেদ, বসন্ত রায়ের গান। বউ-হাট ১২৮৯ পৌষ, ত্রয়োদশ পরিচ্ছেদ, র-র-১। ৪৩৫। রবি (ব্রহ্ম ৩৫) ১২৮ খট্—কাওয়ালি। স্বরলিপি ইন্দিরা দেবী, বিশ্বভারতী পত্রিকা ১৩৫২ মাঘ-চৈত্র। স্বর. ২০।

১০৩ কেন গো সে মোরে যেন করেনা বিশ্বাস ৩। ৮৭২

ভারতী ১২৮৮ ফাল্গুন ৫২১, গান, রাগিণী ইমনকল্যাণ। রবি (বিবিধ ৫১) ৫৩ মিশ্র ছায়ানট—কাওয়ালি। স্বর. ৩৫।

নিম্নলিখিত ১০৪-১১৩ সংখ্যক গানগুলি জ্যোতিরিন্দ্রনাথের 'স্বপ্নময়ী' নাটকের (১২৮৮ চৈত্র) অন্তর্ভুক্ত।

১০৪ বল্, গোলাপ্ মোরে বল্ ২ । ৪২২

স্বপ্নময়ীর গান, পিলু—খেম্‌টা। স্বরলিপি প্রতিভা দেবী 'বালক' পত্রিকা ১২৯২ বৈশাখ, পৃ. ২০-২২। রবি (বিবিধ ২১) ২১ পিলু—খেম্‌টা। গৃহ প্রবেশ নাটক ১৩৩২ আশ্বিন, সংযোজন অংশে হিমির গান, র-র-১১। ৪৪২। স্বর. ২০।

১০৫ আমি স্বপনে রয়েছি ভোর ৩ । ৮৭৭

স্বপ্নময়ীর গোলাপের প্রত্যুত্তর শ্রবণ, গৌরী। রবি (বিবিধ ২৬) ২০ গৌরী-কাওয়ালি। অনুমান গানটি বোম্বাই-এ রচিত। দ্র. দিলীপকুমার রায়, তীর্থঙ্কর ১৪৬। স্বর. ৩৫।

১০৬ হৃদয় মোর কোমল অতি ৩ । ৮৭৬

স্বপ্নময়ীর প্রত্যুত্তর শ্রবণ, গৌড়সারং—কাওয়ালি। রবি (বিবিধ ২২) ১৭। গৌড়সারং-যৎ। স্বর. ৩৫।

১০৭ হাসি কেন নাই ও নয়নে ৩ । ৮৭৮

স্বপ্নময়ীর গান শ্রবণ, সিন্ধু—ঝিঁঝিট। রবি (বিবিধ ২৪) ১৮ সিন্ধু ঝিঁঝিট-কাওয়ালি। স্বর. ৩৫।

১০৮ এসো গো এসো বনদেবতা ৩ । ৯৫৩

স্বপ্নময়ীর গান, রাগিণী প্রভাতী। 'ভাব ভাষা ছন্দের বৈশিষ্ট্য এবং রবীন্দ্র-জীবনের বিশেষ অনুষঙ্গ বা স্মৃতি ছাড়া ইহা যে রবীন্দ্রনাথেরই রচনা সে সম্পর্কে অন্য প্রমাণ দুর্লভ।' গীতবিতান গ্রন্থ-পরিচয় ১০১০। স্বরলিপি নাই।

১০৯ দেশে দেশে ভ্রমি তব দুখগান গাহিয়ে ৩ । ৮১৮

নেপথ্যে স্বপ্নময়ীর গান, বাহার। রবি (জাতীয় ৫) ১৬৩ বাহার—কাওয়ালি। স্বর. ৪৭।

১১০ দে লো সখী, দে পরাইয়ে চুলে ৩ । ৬৫৯ । ৯১৮

সুমতির গান, দেশ। রবি-নাই। মায়ার খেলা ১২৯৫ অগ্রহায়ণ, প্রমদার গান, পাঠান্তর আছে, র-র-১ । ২৩৪-৫ । গানের বহি ১৩০০ বৈশাখ, ১৯১ । দেশ—একতালা (কথোপকথন) স্বরলিপি গীতিমালা। স্বর. ৪৮ ।

১১১ বলি গো সজনী, যেওনা ৩ । [illegible]

সুমতির গান, খট্। রবি (বিবিধ ১১২) ৯৫ খট্—একতালা। স্বরলিপি গীতিমালা। স্বর. ৩৫ ।

১১২ কে যেতেছিস, আয়রে হেথা ৩ । ৮৯০

জেহেনার গান, বাগেশ্রী—খেম্‌টা। গানটি রবীন্দ্রনাথের কোনো গীত-গ্রন্থে ছিলনা। স্বরলিপি-গীতিমালা। স্বর. ৩৫ ।

১১৩ অনন্ত সাগর-মাঝে দাও তরী ভাসাইয়া ৩ । ৮৮৮

সুমতি ও জগতের গান, বাগেশ্রী। রবি (বিবিধ ২০) ১৫ বাগেশ্রী—আড়াঠেকা, মূল গানের শেষ চার পঙক্তি মুদ্রিত হয় নাই। রবি দত্ত অনূদিত Life's Voyage, *Echoes from East and West.* ১৯০২ সেপ্টেম্বর। স্বর. ৮ ।

[স্বপ্নময়ীর গান শেষ]

বয়স ২১ । ১২৮৯ । ১৮৮২

১১৪ মা, আমি তোর কী করেছি ৩ । ৯৪৮

ভারতী ১২৮৯ আষাঢ়, ১২১ বউ-হাট, ২৬ পরিচ্ছেদ, উদয়াদিত্যের গান। বউ-হাট ১২৮৯ পৌষ, প্রথম সংস্করণ ও দ্বিতীয় সংস্করণে গানটি মুদ্রিত ছিল। কিন্তু বর্তমানে কোথাও মুদ্রিত হয় নাই। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ১০০৯। রবি (ব্রহ্ম ৩৬) ১২৯। মিশ্র বাঁরোয়া—আড়াঠেকা। গান ১৯০৯ (বিবিধ) ১২৫ বাঁরোয়া—ঝাঁপতাল। স্বর. ২০ ।

১১৫ আর কি আমি ছাড়ব তোরে ৩ । ৭৯৯

ভারতী ১২৮৯ আশ্বিন ২৭৫ বউ-হাট, ৩৬ পরিচ্ছেদ, বসন্ত রায়ের গান। বউ-হাট ১২৮৯ পৌষ, ত্রয়স্ত্রিংশ পরিচ্ছেদ। র-র-১ । ৫০২। রবি (বিবিধ ১১১) ৯৫, সুরের উল্লেখ নাই। গানের বহি ১৩০০ (বিবিধ) ১২৮, টৌড়ি—ঝাঁপতাল। স্বরলিপি নাই।

১১৬ আজ আমার আনন্দ দেখে কে ৩।৭৯৯

ভারতী ১২৮৯ আশ্বিন ২৭৬, বউ-হাট, ৩৬ পরিচ্ছেদ, বসন্ত রায়ের গান। বউ-হাট ১২৮৯ পৌষ প্রথম সংস্করণ ও দ্বিতীয় সংস্করণে গানটি ছিল। রবীন্দ্র-গ্রন্থাবলী (হিতবাদী ১৩১১) বউ-হাটে গানটি নাই। গানটি রবীন্দ্রনাথের আর কোনো গীতগ্রন্থে নাই। স্বরলিপি নাই।

নিম্নলিখিত ১১৭—১৬৫ সংখ্যক গানগুলি 'কালমৃগয়া' (১২৮৯ অগ্রহায়ণ) গীতিনাট্যের অন্তর্ভুক্ত। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের গৃহে বিদ্বজ্জন সমাগম উপলক্ষ্যে ১৮৮২ ডিসেম্বর ২৩ (১২৮৯ পৌষ ৯) তারিখে অভিনীত হয়।

এই গীতিনাট্যে মোট গানের সংখ্যা ৩৯টি ও মন্ত্র ১টি। নাটকটি পুনর্মুদ্রিত হয় নাই। ইহার ৭টি গান বাল্মীকি-প্রতিভা ২য় সংস্করণে ভুক্ত হয়। সেই জন্য কালমৃগয়ার গানগুলি রবীন্দ্রনাথের অন্য কোনো গীতগ্রন্থে অন্তর্ভুক্ত হয় নাই। র-র-অচ-১। ৩১৯—৩৩৭ পৃষ্ঠার মধ্যে গানগুলি আছে। স্বরবিতান-২৯, ইন্দিরা দেবী চৌধুরাণী-কৃত। মূল কালমৃগয়ার সহিত সুর তালের পার্থক্য আছে।

১১৭ বেলা যে চলে যায়, ডুবিল রবি ৩।৬১৭

ঋষিকুমারের গান, মিশ্রভূপালী—যৎ। রবি-নাই।

১১৮ ও ভাই, দেখে যা, কত ফুল তুলেছি ৩।৬১৭

লীলা ও ঋষিকুমারের গান, মিশ্রখাম্বাজ-কাওয়ালি, বিলাতী সুর আরোপিত হইয়াছে—মূল The British Grenadiers। তুই আয়রে কাছে আয় (আরম্ভ—ও ভাই, দেখে যা) দ্র. 'রবীন্দ্রসঙ্গীতের ত্রিবেণীসংগম' ৯ ও গীতবিতান গ্রন্থপরিচয় ১০২০।

১১৯ ও, দেখবি রে ভাই আয়রে ছুটে ৩।৬১৭

লীলার গান, মিশ্রখাম্বাজ-আড়খেমটা। বিলাতী সুরে গীত। মূল The Vicar of Bray 'রবীন্দ্রসঙ্গীতের ত্রিবেণীসংগম', ৯। গীতবিতান গ্রন্থপরিচয় ১০২০।

১২০ কাল সকালে উঠব মোরা ৩।৬১৮

লীলার গান, মিশ্রবিভাস—আড়খেমটা।

১২১ সমুখেতে বহিছে তটিনী ২। ৪১৫, ৩। ৬১৮

বনদেবীগণের গান, মিশ্রসিন্ধু—ঢিমে তেতালা। রবি (বিবিধ ৪) ৪ ঝিঁঝিট সিন্ধু-কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

১২২ ফুলে ফুলে ঢ'লে ঢ'লে ৩। ৬১৯

বনদেবীগণের গান, রাগিণী মিশ্র কেদারা-একতালা। বিলাতী সুরে গীত। মূল Ye banks and braes। দ্র. 'রবীন্দ্র-সঙ্গীতের ত্রিবেণী সংগম' ৯। গীত-বিতান গ্রন্থপরিচয় ১০২০। রবি (বিবিধ-৬) ৫ মিশ্র—একতালা। স্বরলিপি গীতিমালা। রবি দত্ত অনূদিত 'The Sense of loneliness'-*Echoes from East and West.* (সেপ্টেম্বর ১৯০২)।

১২৩ নেহারো লো সহচরী ৩। ৬১৯

সকল বনদেবীগণের একত্রে গান। ছায়ানট—আদ্ধা।

১২৪ জল এনে দেরে বাছা ৩। ৬২০

৩৮৩ বসে আছি হে কবে শুনিব তোমার বাণী ১ । ৭৭

রাগিণী আলাইয়া—তাল একতালা। গানের বহি (ব্রহ্ম) ৩৭১—৭৩। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

৩৮৪ সত্যমঙ্গল প্রেমময় তুমি ১ । ১৭৯

রাগিণী ইমনকল্যাণ—তাল তেওড়া। গানের বহি'তে নাই। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৩য় ভাগ)। স্বর. ১৩।

৩৮৫ স্বরূপ তাঁর কে জানে, তিনি অনন্ত মঙ্গল ৩ । ৮৪৩

কেদারা—সুরফাঁকতাল। গানের বহিতে নাই। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (ষষ্ঠ ভাগ)। গানটি রবীন্দ্রনাথের অন্য কোনো গীতগ্রন্থে মুদ্রিত নাই। ব্রহ্মসঙ্গীত (সাধারণ) স্বর. ২১।

৩৮৬ আনন্দ রয়েছে জাগি ভুবনে তোমার ১ । ১৯১

হাম্বীর—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৪০। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৩৮৭ কী ভয় অভয়ধামে, তুমি মহারাজা ১ । ১৯৬

মিশ্রবিভাস—আড়াঠেকা। গানের বহি (ব্রহ্ম) ৩৪৮—৪৯, শঙ্কর—ঝাঁপতাল। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৩৮৮ আমরা মিলেছি আজ মায়ের ডাকে ১ । ২৪৭

দেশসিন্ধু—একতালা। কলিকাতায় কন্‌গ্রেসের প্রথম অধিবেশনে গীত হয় (১৮৮৬ ডিসেম্বর)। গানের বহি (ব্রহ্ম) ৩৪১—৪২ রামপ্রসাদী সুর। স্বরলিপি-শতগান এবং ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। স্বর. ৪১।

৩৮৯ তুমি জাগিছ কে ১ । ১৮৪

গৌড়—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৫৬—৫৭। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৩৯০ আমায় ছ জনায় মিলে পথ দেখায় ব'লে ২ । ৮৪১

মূলতান—একতালা। রাজর্ষি ১২৯৩, ধ্রুবের গান। র-র-২। ৪৫২—৫৩। গানের বহি (ব্রহ্ম) ৩৪৪—৪৫। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৩৯১ তোমা লাগি, নাথ, জাগি জাগি হে ১ । ১৭৩

পূরবী—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৫৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৩৯২ স্বামী, তুমি এসো আজ ১ । ১৭৩

বেহাগ—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৮১। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত। (৬ষ্ঠ ভাগ) স্বর. ২৭।

৩৯৩ চাহিনা সুখে থাকিতে হে ৩ । ৮৪৪

মিশ্রঝিঁঝিট—কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৫২—৫৩। স্বর. ৮।

৩৯৪ চিরদিবস নব মাধুরী, নব শোভা তব বিশ্বে ১ । ২১২

মল্লারমল্লার—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৫৩—৫৪। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

মিশ্র—একতালা। স্বরলিপি ভারতী (১২৯৯ চৈত্র), স্বরলিপি-গীতিমালা, শেফালি (১৩২৬ ভাদ্র)। রবীন্দ্রনাথের রেকর্ড হইতে শ্রীপ্রফুল্লকুমার দাস স্বরলিপি করিয়াছেন। রেকর্ডে কবিকণ্ঠ। ইংরেজি অনুবাদ : 'If I have to go far'—Anthology. Vol-2, P. 146, 190.

নিম্নলিখিত ৪০৫—৪১৭ সংখ্যক গানগুলি ১২৯৪ সালে কলিকাতায় আদি ব্রাহ্ম-সমাজ মন্দিরে মাঘোৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ববোধিনী পত্রিকা ১৮০৯ শক (১২৯৪) ফাল্গুন ১৯৯—২০৭ পৃষ্ঠার মধ্যে গানগুলি আছে।

৪০৫ তুমি আপনি জাগাও মোরে তব সুধাপরশে ১। ১২১

ভৈরোঁ—কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৮৩। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৪০৬ নূতন প্রাণ দাও, প্রাণসখা, আজি সুপ্রভাতে ১। ১২১

নাচাড়ীতোড়ি—ধামার। গানের বহি (ব্রহ্ম) ৩৮৪। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৪০৭ সবে আনন্দ করো ১। ১২০

দেওগিরি বলাবলী—আড়াচৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৮৫। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। স্বর. ২৪।

৪০৮ হে মন, তাঁরে দেখো আঁখি খুলিয়ে ৩। ৮৪৫

বেলাবলী—রূপক। গানের বহি (ব্রহ্ম) ৩৮৫। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। স্বর. ২৪।

৪০৯ আজি হেরি সংসার অমৃতময় ১। ২১৩

বেলাবলী—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৮৬। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। স্বর. ২৩।

৪১০ তোমারি ইচ্ছা হৌক পূর্ণ ১। ৫২

ভৈরবী—একতালা। গানের বহি (ব্রহ্ম) ৩৮৭। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

৪১১ শ্রান্ত কেন ওহে পান্থ ১। ১৮১

পূরবী—কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৮৯। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৪১২ পূর্ণ আনন্দ পূর্ণমঙ্গলরূপে হৃদয়ে এসো ১। ১৭০

কল্যাণ—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৯০। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৪১৩ অসীম আকাশে অগণ্য কিরণ ১। ১৬৪

মারুকেদারা—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৯০। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৫।

৪১৪ আছ অন্তরে চিরদিন, তবু কেন কাঁদি ১। ১৭১

কাফি—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৯১। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৪১৫ জগতে তুমি রাজা, অসীম প্রতাপ ১। ১৮৬

কানাড়া—চৌতাল। গানের বহি (ব্রহ্ম) ৩৯২। স্বর. ৮।

৪১৬ নাথ হে, প্রেমপথে সব বাধা ভাঙিয়া দাও ১। ১৭০

সুহা কানাড়া—কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৯২। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৪১৭ হৃদয়বেদনা বহিয়া, প্রভু, এসেছি তব দ্বারে ১। ১৬৫

সিন্ধু—ঠুংরি। গানের বহি (ব্রহ্ম) ৩৯৩। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

নিম্নলিখিত ৪১৮—৪৭৫ সংখ্যক গানগুলি 'মায়ার খেলা' (১২৯৫ অগ্রহায়ণ) গীতিনাট্যের অন্তর্ভুক্ত। 'সখি সমিতি'র উদ্যোগে বেথুন স্কুল বাটিতে ১২৯৫ সালের ১৫ই পৌষ 'মায়ার খেলা' অভিনীত হয়। সাময়িক পত্রে প্রকাশিত 'মায়ার খেলা'র স্বরলিপি যথাস্থানে প্রদত্ত হইয়াছে। গানের বহিতে 'মায়ার খেলা'র গানগুলি মাত্র মুদ্রিত আছে, পাত্র-পাত্রীর সংলাপ নাই। 'মায়ার খেলা'র নাট্যরূপ প্রথম মুদ্রিত হয় 'গান' ১৯০৯॥ ১৩১৬ গ্রন্থে। ১৩৪৫ পৌষ মাসে কবি-কৃত নৃত্যনাট্য 'মায়ার খেলা' পাণ্ডুলিপি হইতে গীতবিতান তৃতীয় খণ্ডে (পরিশিষ্ট-১) সন্নিবেশিত হইয়াছে। স্বরবিতান ৪৮। রবীন্দ্র-রচনাবলী ১ম খণ্ড। ২৩১—২৫৭ পৃষ্ঠা। গীতবিতানে 'মায়ার খেলা'র কয়েকটি গান 'প্রেম' অংশে আছে।

৪১৮ মোরা জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি ৩। ৬৫৫। ৯১৫

প্রথম দৃশ্য। মায়াকুমারীগণের গান। স্বরলিপি-সাধনা ১২৯৮ পৌষ। গানের বহি (বিবিধ) ১০৮, পিলু বারোয়াঁ—একতালা।

৪১৯ পথহারা তুমি পথিক যেন গো ২। ৪১৩, ৩। ৬৫৬। ৯১৬

দ্বিতীয় দৃশ্য। শান্তার গান। স্বরলিপি-সাধনা ১২৯৮ মাঘ। গানের বহি (বিবিধ) ১৩০, ইমন কল্যাণ। একতালা।

৪২০ জীবনে আজ কি প্রথম এল বসন্ত ২। ৪১৩, ৩। ৬৫৬। ৯১৬

দ্বিতীয় দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ১, মিশ্র বাহার—কাওয়ালি। ইংরেজি অনুবাদ : 'Is the first Spring that has come to my life'—*V. B. Q. 1948 Nov.—Jan. 1949. P.166.*

৪২১ কাছে আছে দেখিতে না পাও ২। ৪১২, ৩। ৬৫৬। ৯১৬

দ্বিতীয় দৃশ্য। মায়াকুমারীগণের গান। গানের বহি (বিবিধ) ৩। কাফি—খেমটা।

৪২২ আমার পরাণ যাহা চায় ২। ৩২৬, ৩। ৬৫৭। ৯১৭

দ্বিতীয় দৃশ্য। শান্তার গান। গানের বহি (বিবিধ) ২, মিশ্র কানাড়া—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা। ইংরেজি অনুবাদ: "You are what my heart desires"—*Anthology. Vol. 1. P. 91, 178.*

৪২৩ দে লো, সখী, দে পরাইয়ে গলে ৩। ৬৫৯। ৯১৮

তৃতীয় দৃশ্য। প্রমদার গান। স্বরলিপি সাধনা ১২৯৯ ভাদ্র—আশ্বিন গানের বহি (বিবিধ) ১৩১, দেশ—একতালা (কথোপকথন)। "'মায়ার খেলা' গীতিনাট্যে "দে লো, সখী, দে, পরাইয়ে গলে" গানটিও অক্ষয়চন্দ্রের [চৌধুরী] রচিত বলিয়া শুনিয়াছি।" দ্র. জ্যোতিরিন্দ্রনাথের জীবন-স্মৃতি ও সাহিত্যসাধক-চরিতমালা ৭ম খণ্ড। অক্ষয়চন্দ্র চৌধুরী, পৃ. ১২।

৪২৪ সখী বহে গেল বেলা, শুধু হাসিখেলা ২। ৩৯৫, ৩। ৬৫৯। ৯১৯

তৃতীয় দৃশ্য। প্রমদার তৃতীয়া সখীর গান। গানের বহি (বিবিধ) ৪, মিশ্র ভূপালী—একতালা। স্বরলিপি-গীতিমালা।

৪২৫ ওলো রেখে দে, সখি, রেখে দে ২। ৩৯৫, ৩। ৬৬০, ৯১৯

তৃতীয় দৃশ্য। প্রমদার গান। গানের বহি (বিবিধ) ৫, খাম্বাজ—একতালা। স্বরলিপি-গীতিমালা।

৪২৬ প্রেমের ফাঁদ পাতা ভুবনে ২। ৪১১, ৩। ৬৬০

তৃতীয় দৃশ্য। মায়াকুমারীগণের গান। গানের বহি (বিবিধ) ৯, ঝিলফ—রূপক। স্বরলিপি-গীতিমালা।

৪২৭ যেয়োনা, যেয়োনা ফিরে ২। ৪১২, ৩। ৬৬০

তৃতীয় দৃশ্য। কুমারের গান। গানের বহি (বিবিধ) ৬, ছায়ানট—ঝাঁপতাল।

৪২৮ কে ডাকে! আমি কভু ফিরে নাহি চাই ২। ৪১৯, ৩। ৬৬১। ৯২০

তৃতীয় দৃশ্য। প্রমদার গান। গানের বহি (বিবিধ) ৭, বসন্তবাহার—কাওয়ালি।

৪২৯ এসেছি গো এসেছি, মন দিতে এসেছি ২ । ৪১২, ৩ । ৬৬১ । ৯২০
তৃতীয় দৃশ্য । অশোকের গান । গানের বহি (বিবিধ) ৮ পিলু—খেমটা । স্বরলিপি-গীতিমালা । ইংরেজি অনুবাদ : 'I have come, I have come to offer my heart.'—*V. B. Q. Nov. 1948—Jan. 1949. P. 167.*

৪৩০ ওকে বলো, সখী, বলো ২ । ৪১৮, ৩ । ৬৬১ । ৯২১
তৃতীয় দৃশ্য । প্রমদার গান । গানের বহি (বিবিধ) ৯, বেহাগ—খেমটা । স্বরলিপি-গীতিমালা ।

৪৩১ আমি মিছে ঘুরি এ জগতে কিসের পাকে ৩ । ৬৬২
চতুর্থ দৃশ্য । অমরের গান । গানের বহি (বিবিধ) ১০, বেলাবলী—ঢিমাতেতালা ।

৪৩২ সখা, আপন মন নিয়ে কাঁদিয়ে মরি ২ । ৪১১, ৩ । ৬৬৩
চতুর্থ দৃশ্য । কুমারের গান । গানের বহি (বিবিধ) ১২, ভৈরব—রূপক ।

৪৩৩ আমি জেনে শুনে বিষ করেছি পান ৩ । ৬৬৩
চতুর্থ দৃশ্য । অশোকের গান । গানের বহি (বিবিধ) ১৩, মল্লার—রূপক । স্বরলিপি-গীতিমালা ।

৪৩৪ ভালোবেসে যদি সুখ নাহি ২ । ৪১০, ৩ । ৬৬৪ । ৯২২
চতুর্থ দৃশ্য । অমরের গান । গানের বহি (বিবিধ) ১৩ কাফি কাওয়ালি । স্বরলিপি-গীতিমালা । ইংরেজি অনুবাদ : 'If there is nothing but pain'—*Poems No. 4.*

৪৩৫ সুখে আছি, সুখে আছি ২ । ৪১০, ৩ । ৬৬৫ । ৯২৩
চতুর্থ দৃশ্য । প্রমদার গান । গানের বহি (বিবিধ) ১৫, মিশ্র-ঝিঁঝিট—খেমটা । স্বরলিপি-গীতিমালা ।

৪৩৬ ভালোবেসে দুখ সেও সুখ ৩ । ৬৬৫ । ৯২৩
চতুর্থ দৃশ্য । অশোকের গান । গানের বহি (বিবিধ) ১১০, মুলতান—একতালা (উত্তর প্রত্যুত্তর) । স্বরলিপি-গীতিমালা ।

৪৩৭ ওই কে গো হেসে চায় ৩। ৬৬৫

চতুর্থ দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ১৬, হাম্বীর—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

৪৩৮ দূরে দাঁড়ায়ে আছে ৩। ৬৬৬। ৯২৪

চতুর্থ দৃশ্য। প্রমদার গান। গানের বহিতে নাই। গান ১৯০৯। ১৩১৬ মায়ার খেলা, ৩৮—৩৯, মিশ্ররামকেলী—তাল ফেরতা।

৪৩৯ প্রেম পাশে ধরা পড়েছে দুজনে ৩। ৬৬৬। ৬৬৮

চতুর্থ দৃশ্য। মায়াকুমারীগণের গান। গানের বহি (বিবিধ) ১৮, কালাংড়া—খেমটা।

৪৪০ ওগো, দেখি আঁখি তুলে চাও ৩। ৬৬৬। ৯২৪

চতুর্থ দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ১১১, সোহিনী—একতালা (উত্তর প্রত্যুত্তর)। ইংরেজি অনুবাদ: 'Come to us youth, tell us truly'—*Gardener No. 25.*

৪৪১ ওকে বোঝা গেল না—চলে আয় ৩। ৬৬৭। ৯২৫

চতুর্থ দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ১৭, ঝিঁঝিট—কাওয়ালি।

৪৪২ দিবসরজনী আমি যেন কার ২। ৩৯৬, ৩। ৬৬৮

পঞ্চম দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ১৮, মিশ্রসিন্ধু—একতালা। স্বরলিপি-গীতিমালা।

৪৪৩ সখী, সাধ করে যাহা দেবে ৩। ৬৬৯। ৯২৫

পঞ্চম দৃশ্য। কুমারের গান। গানের বহি (বিবিধ) ১১৩, বাহার—ফেরতা (প্রশ্নোত্তর)। ইংরেজি অনুবাদ: 'What comes from your willing hands'—*Gardener. No. 26.*

৪৪৪ আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল ২। ৪১৮, ৩। ৬৬৯

পঞ্চম দৃশ্য। প্রমদার গান। গানের বহি (বিবিধ) ১৯, মিশ্রসিন্ধু—একতালা।

[illegible] ওগো সখী, দেখি দেখি ২। ৩৯৫, ৩। ৩৭০

পঞ্চম দৃশ্য। অশোকের গান। গানের বহি (বিবিধ) ২০, পিলু—আড়াখেমটা।

৪৪৬ এতো খেলা নয়, খেলা নয় ২। ৩৯৬, ৩। ৩৭০, ৯২৬

পঞ্চম দৃশ্য। প্রমদার গান। গানের বহি (বিবিধ) ২১, সরফর্দা—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

৪৪৭ সে জন কে, সখী, বোঝা গেছে ৩। ৩৭০, ৯২৬

পঞ্চম দৃশ্য। প্রথমা সখীর গান। গানের বহি (বিবিধ) ১১৪, মিশ্রদেশ—একতালা (কথোপকথন)।

৪৪৮ ওই মধুর মুখ জাগে মনে ২। ৪১০, ৩ ৩৭১

পঞ্চম দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ২২, মিশ্রভৈরবী—একতালা। স্বরলিপি-গীতিমালা।

৪৪৯ তারে কেমনে ধরিবে, সখি ২। ৪০৯, ৩। ৩৭১। ৯২৬

পঞ্চম দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ২২, মিশ্রভৈরোঁ—কাওয়ালি।

৪৫০ সকল হৃদয় দিয়ে ভালোবেসেছি ২। ৪০৯, ৩। ৩৭১। ৯২৭

পঞ্চম দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ২৩, মিশ্রকানাড়া—টিমাতেতালা। স্বরলিপি-গীতিমালা।

৪৫১ তুমি কে গো, সখীরে কেন ৩। ৩৭২। ৯২৭

পঞ্চম দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ২৪, কেদারা—খেমটা।

৪৫২ তবে সুখে থাকো সুখে থাকো ৩। ৩৭২। ৯২৭

পঞ্চম দৃশ্য। অমরের গান। গানের বহিতে নাই। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৪৩, বেহাগ—কাওয়ালি।

৪৫৩ নিমেষের তরে শরমে বাধিল ২। ৪১৮, ৩। ৬৭৩

পঞ্চম দৃশ্য। মায়াকুমারীগণের গান। গানের বহি (বিবিধ) ২৫, সিন্ধু—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

৪৫৪ সেই শান্তিভবন ভুবন কোথা গেল ৩। ৬৭৩

ষষ্ঠ দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ২৫, কাফি—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

৪৫৫ কাছে ছিলে দূরে গেলে ৩। ৬৭৩, ৮৯২

ষষ্ঠ দৃশ্য। মায়াকুমারীগণের গান। গানের বহি (বিবিধ) ২৬, আলাইয়া—আড়াঠেকা। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ১০০২।

৪৫৬ দেখো, সখা, ভুল করে ভালবেসো না ৩। ৬৭৪

ষষ্ঠ দৃশ্য। শান্তার গান। গানের বহি (বিবিধ) ২৭, কুকুভ—কাওয়ালি। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৪৮, পাঠ—'দেখো ভুল করে ভালবেসনা' ইত্যাদি।

৪৫৭ ভুল করেছিনু, ভুল ভেঙেছে ২। ৩৫১, ৩। ৬৭৪। ৯২৯

ষষ্ঠ দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ২৭, ললিতবসন্ত—কাওয়ালি। ইংরেজি অনুবাদ: 'Delusions I did cherish'—*V. B. Q. Nov. 1948—Jan. '49. P 171.*

৪৫৮ অলি বার বার ফিরে যায় ২। ৩৯৭, ৩। ৬৭৪। ৯২৯

ষষ্ঠ দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ২৮, মিশ্রদেশ—খেমটা। স্বরলিপি-গীতিমালা। ইংরেজি অনুবাদ: 'The bee returns again and again to the same sweet'—*V. B. Q. Nov. 1948—Jan. '49. P 171.*

৪৫৯ ওই কে আমায় ফিরে ডাকে ৩। ৬৭৫

ষষ্ঠ দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ১১২, পূরবী—কাওয়ালি।

৪৬০ আমি চলে এনু বলে কার বাজে ব্যথা ৩। ৬৭৫

ষষ্ঠ দৃশ্য। অমরের গান। গানের বহিতে নাই। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৫০, পূরবী—কাওয়ালি।

৪৬১ না বুঝে কারে তুমি ভাসালে আঁখিজলে

২। ৪২০, ৩। ৬৭৫। ৯৩০

ষষ্ঠ দৃশ্য। শান্তার গান। গানের বহি (বিবিধ) ২৯, ভূপালী—কাওয়ালি।

৪৬২ আমি কারেও বুঝিনে শুধু বুঝেছি তোমারে ৩। ৬৭৬

ষষ্ঠ দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ৩০, বেহাগ—আড়াঠেকা। তুলনীয়ঃ সানাই (১৩৪৭) 'গান' কবিতা—'যে ছিল আমার স্বপনচারিণী'।

৪৬৩ প্রভাত হইল নিশি কানন ঘুরে ৩। ৬৭৬

ষষ্ঠ দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ৩০, বিভাস—আড়াঠেকা। স্বরলিপি-গীতিমালা।

৪৬৪ এস' এস' বসন্ত ধরাতলে ২। ৫০০, ৩। ৬৭৭, ৭০৬। ৯৩১

সপ্তম দৃশ্য। স্ত্রীগণের গান। গানের বহি (বিবিধ) ৩১, মিশ্রবসন্ত—রূপক। পাঠান্তর আছে। তুলনীয়ঃ 'এস' এস' বসন্ত—ধরাতলে'—গীতপঞ্চাশিকা (১৩২৫)। গীতপঞ্চাশিকার দীর্ঘ পাঠই চিত্রাঙ্গদা (১৩৪২)য় আছে এবং (মায়ার খেলা) নৃত্যনাট্যের পাণ্ডুলিপিতে (১৩৪৫) মায়ার খেলার পাঠই অনুসৃত। ১৩৫৭ সালে গীতবিতান তৃতীয় খণ্ডে মায়ার খেলা নৃত্যনাট্যের প্রথম মুদ্রিত-রূপ পাই।

৪৬৫ মধুর বসন্ত এসেছে মধুর মিলন ঘটাতে ২। ৫৩৪, ৩। ৬৭৮

সপ্তম দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ৩৩, সাহানা—যৎ।

৪৬৬ আজি আঁখি জুড়ালো হেরিয়ে ২। ৪০৯, ৩। ৬৭৮

সপ্তম দৃশ্য। স্ত্রীগণের গান। গানের বহি (বিবিধ) ৩৪ মিশ্র মূলতান—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

৪৬৭ এ কি স্বপ্ন ! এ কি মায়া ৩ । ৬৭৯

সপ্তম দৃশ্য। অমরের গান। গানের বহি (বিবিধ) ১৬৩, বেহাগ—কাওয়ালি।

৪৬৮ আহা, আজি এ বসন্তে এত ফুল ফুটে ৩ । ৬৭৯

সপ্তম দৃশ্য। সখীগণের গান। গানের বহি (বিবিধ) ১৬৪ মিশ্রঝিঁঝিট—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা।

৪৬৯ আমি জেনে বুঝেছি সব ৩ । ৬৮০

সপ্তম দৃশ্য। শান্তার গান। গানের বহি বিবিধ বা অন্য কোন অংশে নাই। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৫৫ ঝিঁঝিট—ঝাঁপতাল।

৪৭০ এতদিন বুঝি নাই, বুঝেছি ধীরে ৩ । ৬৮০

সপ্তম দৃশ্য। অশোকের গান। গানের বহিতে নাই। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৫৬, গৌড়সারং—যৎ।

৪৭১ চাঁদ হাসো, হাসো ৩ । ৬৮০

সপ্তম দৃশ্য। শান্তা ও স্ত্রীগণের গান। গানের বহি (বিবিধ) ১৬৫ মোহিনী—খেমটা।

৪৭২ আর কেন, আর কেন ৩ । ৬৮০

সপ্তম দৃশ্য। প্রমদার গান। গানের বহি (বিবিধ) ৩৫, ভৈরবী—আড়াঠেকা। স্বরলিপি-গীতিমালা।

৪৭৩ এ ভাঙা সুখের মাঝে নয়নজলে ৩ । ৬৮১

সপ্তম দৃশ্য। অমরের গান। গানের বহিতে নাই। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৫৭, মিশ্রখট্—ঝাঁপতাল।

৪৭৪ যদি কেহ নাহি চায় আমি লইব ৩ । ৬৮১

সপ্তম দৃশ্য। শান্তার গান। গানের বহিতে নাই। গান ১৯০৯ ॥ ১৩১৬ (মায়ার খেলা) ৫৭। রামকেলি—কাওয়ালি। স্বর. ৪৮।

বয়স ২৭ । ১২৯৫ । ১৮৮৮

৪৭৫ এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না ৩ । ৬৮২

সপ্তম দৃশ্য । মায়াকুমারীগণের গান । গানের বহি (বিবিধ) ৩৭, মিশ্র বিভাস—একতালা ।

বয়স ২৮ । ১২৯৬ । ১৮৮৯

৪৭৬ সুখে থাকো আর সুখী করো সবে ২ । ৬০৮

১৮৮৯ মে ২ (১২৯৬ বৈশাখ ২০) পুণায় খিড়কিতে রচিত, বিহারীলাল গুপ্তের কন্যা স্নেহলতার বিবাহোৎসব উপলক্ষ্যে । গানের বহি (ব্রহ্ম) ৪০৬, ইমন্ ভূপালী—কাওয়ালি ।

৪৭৭ এমন দিনে তারে বলা যায় ২ । ৩৭০

রচনা ১৮৮৯ মে ১৭ (১২৯৬ জ্যৈষ্ঠ ৩) খিড়কি-পুণা । মানসীর (১২৯৭ পৌষ) 'বর্ষার দিনে' কবিতা । র-র-২ । ২৪৮ । স্বরলিপি ইন্দিরা দেবী-কৃত : সাধনা (১২৯৯ শ্রাবণ) । গানের বহি (বিবিধ) ১১৫ মিশ্রমল্লার—রূপক । স্বর. ১১ ।

নিম্নলিখিত ৪৭৮—৪৮৫ সংখ্যক গানগুলি 'রাজা ও রানী' নাটকের অন্তর্ভুক্ত । নাটকের প্রকাশকাল ১২৯৬ শ্রাবণ ২৫ । রবীন্দ্র-রচনাবলী ১ম খণ্ড । ৩০৩—৩৪৯ পৃষ্ঠা । স্বরবিতান ২৮ ।

৪৭৮ ওই আঁখিরে ফিরে ফিরে চেয়ো না ৩ । ৭৮৩

তৃতীয় অঙ্ক । প্রথম দৃশ্য । প্রথম সৈনিকের গান । গানের বহি (বিবিধ) ৯১ খাম্বাজ—ঝাঁপতাল ।

৪৭৯ যদি আসে তবে কেন যেতে চায় ২ । ৪০৬

তৃতীয় অঙ্ক । দ্বিতীয় দৃশ্য । সখীদের গান । গানের বহি (বিবিধ) ৯১ মিশ্রমল্লার—একতালা । স্বরলিপি সাধনা (১৩০০ অগ্রহায়ণ), স্বরলিপি-গীতিমালা ।

৪৮০ এরা পরকে আপন করে, আপনারে পর ২ । ৪৬৫

তৃতীয় অঙ্ক। দ্বিতীয় দৃশ্য। ইলার গান। গানের বহি (বিবিধ) ৯২ পিলু বারোঁয়া—আড়াখেম্‌টা।

৪৮১ বাজিবে, সখী, বাঁশী বাজিবে ২ । ৩১৬

তৃতীয় অঙ্ক। পঞ্চম দৃশ্য। প্রথম সখীর গান। গানের বহি (বিবিধ) ৯২ ঝিঁঝিট খাম্বাজ—একতালা। শাপমোচন ১৩৩৯ চৈত্র। র-র-২২। ৯০

৪৮২ এবার যমের দুয়োর খোলা পেয়ে ২ । ৫৯৮

পঞ্চম অঙ্ক। দ্বিতীয় দৃশ্য। গান। গানের বহি (বিবিধ) ৯৪ মিশ্র—একতালা।

৪৮৩ আমি নিশিদিন তোমায় ভালোবাসি ২ । ৩২৭

পঞ্চম অঙ্ক। চতুর্থ দৃশ্য। ইলার গান। গানের বহি (বিবিধ) ৯৫ গৌরী—কাওয়ালি। স্বরলিপি সাধনা (১৩০০ ভাদ্র), স্বরলিপি-গীতিমালা।

৪৮৪ বঁধু, তোমায় করব রাজা তরুতলে ~~৩। ২১৬~~ ২।৪৯৫

পঞ্চম অঙ্ক। ষষ্ঠ দৃশ্য। কাঠুরিয়ার গান। গানের বহি (বিবিধ) ৯৬ বিভাস—একতালা। স্বরলিপি ইন্দিরা দেবী-কৃত, বিশ্বভারতী পত্রিকা: ১৩৫২ পৃ. ৭১।

৪৮৫ আজ আসবে শ্যাম গোকুলে ফিরে ৩ । ৭৮১

পঞ্চম অঙ্ক। র-র-নাই। গানের বহি (বিবিধ) ৯৭ সিন্ধু—খেম্‌টা। স্বরলিপি-গীতিমালা।

বয়স ২৯ । ১২৯৭ । ১৮৯০

৪৮৬ নব আনন্দে জাগো আজি নবরবিকিরণে ১ । ১৩৭

১২৯৭ নববর্ষ উৎসব উপলক্ষ্যে গীত হয়। তত্ত্ববোধিনী ১২৯৭ জ্যৈষ্ঠ ২২। রাগিণী টোড়ী—তাল কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৮৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (চতুর্থ ভাগ)। স্বর. ২৪।

৪৮৭ ওই পোহাইল তিমির রাতি ১। ১২৯

১২৯৭ নববর্ষ উৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ববোধিনী পত্রিকা ১২৯৭ জ্যৈষ্ঠ ২৩। রাগিণী আলাইয়া—তাল কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৮৯। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। বৈতালিক। স্বর. ২৪।

নিম্নলিখিত ৪৮৮—৪৯৩ সংখ্যক গানগুলি 'বিসর্জন' নাটকের অন্তর্ভুক্ত। নাটকটি ১২৯৬ সালের ফাল্গুন মাসে রচিত। গ্রন্থাকারে প্রকাশ ১২৯৭ জ্যৈষ্ঠ ২। রবীন্দ্র-রচনাবলী ২য় খণ্ড। ২৯৬—৩৩৮ পৃষ্ঠা। স্বরবিতান ২৮।

৪৮৮ ঝর ঝর রক্ত ঝরে কাটামুণ্ডু বেয়ে ৩। ৭৮৪

গানের বহি (বিবিধ) ৮৭ বিভাস—কাওয়ালি। 'বিসর্জন' প্রথম সংস্করণের পর গানটি বর্জিত হয়। ১৩৩০ সালের ভাদ্র মাসে কলিকাতায় বিসর্জন অভিনয়কালে গানটি পুনরায় সংযোজিত হয় (জনতার গান)। কিন্তু নাটকের মধ্যে মুদ্রিত হয় নাই। গানটি আদৌ রবীন্দ্রনাথের রচনা কিনা সে-বিষয়ে সন্দেহ আছে।

৪৮৯ আমি একলা চলেছি এ ভবে ২। ৫৫২

তৃতীয় দৃশ্য। অপর্ণার গান। গানের বহি (বিবিধ) ৮৮ দেশ—কাওয়ালি।

৪৯০ উলঙ্গিনী নাচে রণরঙ্গে ৩। ৭৮৪

পঞ্চম দৃশ্য। হারুর গান। গানের বহি (বিবিধ) ৮৮ ভৈরোঁ—একতালা। ১৩৩০ ভাদ্র মাসে কলিকাতায় বিসর্জন অভিনয়কালে গানটি বর্জিত হয়।

৪৯১ ওগো পুরবাসী ২। ৬০২

দ্বিতীয় অঙ্ক। দ্বিতীয় দৃশ্য। অপর্ণার গান। গানের বহিতে নাই। গান ১৯০৯। ১৩১৬ (বিবিধ) ১১৭ মিশ্র—সিন্ধু।

৪৯২ আমারে কে নিবি ভাই, সঁপিতে চাই আপনারে ১। ২১৯

দ্বিতীয় অঙ্ক। তৃতীয় দৃশ্য। জয়সিংহের গান। গানের বহি (বিবিধ) ৮৯ কীর্তনের সুর।

৪৯৩ থাকতে আর তো পারলি নে মা, পারলি কই ৩। ৭৮৪

তৃতীয় অঙ্ক। প্রথম দৃশ্য। সকলে মিলিয়া গান। গানের বহি (বিবিধ) ৯০ ভৈরবী—একতালা।

৪৯৪ শূন্য প্রাণ কাঁদে সদা—প্রাণেশ্বর ১ । ১৭৫

১২৯৮ সালে কলিকাতায় মাঘোৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ববোধিনী ১২৯৮ ফাল্গুন ও ১২৯১ ভাদ্র। রাগিণী সিন্ধু—তাল একতালা। স্বরলিপি তত্ত্ববোধিনী ১২৯৯ ভাদ্র। গানের বহি (ব্রহ্ম) ৩২৭। স্বর. ৪৫।

বয়স ৩১ । ১২৯৯ । ১৮৯২

৪৯৫ শুধু যাওয়া আসা, শুধু স্রোতে ভাসা ২ । ৫৭৩

'সাধনা' ১২৯৯ বৈশাখ ৫৪৩—৫৪৫, 'শুধু' শিরোনামে স্বরলিপিসহ গানটি প্রকাশিত হয়। রাগিণী মিশ্রবেহাগ—তাল ফেরতা। গানের বহি (বিবিধ) ১০২ বেহাগ—একতালা। স্বরলিপি ইন্দিরা দেবী-কৃত, বীণাবাদিনী (১৩০৪) ও সংগীত প্রকাশিকা (১৩১৬ ভাদ্র) দ্র. শারদীয়া দেশ ১৩৭৮ ।,৮৩। পাঠান্তর আছে। স্বর. ১০।

৪৯৬ খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে ৩ । ৭৮৫

রচনা ১২৯৯ আষাঢ় ১৯ শাহাজাদপুর। দ্র. সোনার তরী। র-র-৩ । ৪৩। ভারতী ১২৯৯ অগ্রহায়ণ ৪৭৬ 'নরনারী' শিরোনামে মুদ্রিত। 'ভারতী ও বালক' ১২৯৯ চৈত্র 'খাঁচা ও বনের পাখী' শিরোনামে, সরলা দেবী-কৃত স্বরলিপিসহ প্রকাশিত হয়। সোনার তরী (১৩০০)তে 'দুই-পাখী' নামে মুদ্রিত। র-র-৩ । ৪৩। গানের বহি (বিবিধ) ১২১। কীর্ত্তনের সুর। রূপক। স্বরলিপি কাব্যগীতি। স্বর. ৩৩।

৪৯৭ কেন নয়ন আপনি ভেসে যায় জলে ২ । ৩৬৯

সাধনা ১২৯৯ ভাদ্র-আশ্বিন ৩৫৯—৬১। সূচীতে 'নূতন গান' বলিয়া উল্লেখিত। গানের বহি (বিবিধ) ৯৮, ভৈরবী—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা। তাসের দেশ ১৩৪০ । ২৩ নং গান। র-র-২৩ । ১৮৮। স্বর. ১০।

---

* বাংলা সন ও ইংরেজি সনের মধ্যে তিন মাসের ব্যবধান। সেই জন্য ১৮৯১ সাল নাই। তাহা ছাড়া এই সময়ে কবির কোনো গানও নাই।

৪৯৮ ওগো, তোমরা সবাই ভালো ২। ৫১৪

গোড়ায় গলদ ১২৯৯ ভাদ্র ৩১। র-র-নাই। গানের বহি (বিবিধ) ১০৫ বাউলের সুর। শেষ রক্ষা ১৯২৮ (১৩৩৫) অন্তর্ভুক্ত। র-র-নাই। স্বরলিপি অনাদিকুমার দস্তিদার-কৃত : সঙ্গীত বিজ্ঞান ১৩৩৮ জ্যৈষ্ঠ। স্বর. ৫।

৪৯৯ ক্যাপা তুই আছিস আপন খেয়াল ধরে ১। ২৬৬

অনুমান রচনা ১২৯৯ আশ্বিন ২২। সম্ভবতঃ গানটি সোনার তরীর 'পরশ-পাথর' (শান্তিনিকেতন ১২৯৯ জ্যৈষ্ঠ ১৯) কবিতার সমকালীন রচনা। 'ভারতী ও বালক' ১২৯৯ কার্তিক ৪২১ 'ক্যাপার প্রতি' শিরোনামে মুদ্রিত। স্বরলিপি সরলা দেবী-কৃত : সাধনা ১২৯৯ অগ্রহায়ণ ৪৬৬। গানের বহি (বিবিধ) ১০৭ বাউলের সুর। স্বর. ৫১।

৫০০ আমার পরাণ লয়ে কী খেলা খেলাবে ২। ২৮২

রচনা ১২৯৯ আশ্বিন (?) বির্জিতলা, কলিকাতা। 'ভারতী ও বালক' ১২৯৯ পৌষ ৫৩৬। স্বরলিপি সাধনা (১২৯৯ মাঘ) গানের বহি (বিবিধ) ১০৬ কানাড়া—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০।

৫০১ আমার মন মানে না—দিনরজনী ২। ৯২৫

১২৯৯ কার্তিক ১৫ই থেকে অগ্রহায়ণ ১৫ই তারিখের মধ্যে কোন এক সময়ে রচিত। দ্র. শারদীয়া দেশ ১৩৭৮। ৮৫ ও রবীন্দ্র-প্রতিভা-জ্ঞাতব্যপঞ্জী ৪০৪—৪০৫। গানের বহিতে নাই। কাব্যগ্রন্থাবলী (১৩০৩ আশ্বিন), গান ৪২৯ মিশ্র—মূলতান। বীণাবাদিনী। স্বর. ১০।

নিম্নলিখিত ৫০২—৫০৭ সংখ্যক গানগুলি কলিকাতায় আদি ব্রাহ্ম-সমাজ মন্দিরে ১২৯৯ সালের মাঘোৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ব-বোধিনী পত্রিকা ১৮১৪ শক (১২৯৯) ফাল্গুন, ২১৫—১৭ পৃষ্ঠা।

৫০২ জয় রাজরাজেশ্বর ! জয় অরূপসুন্দর ৩। ৮৪৫

রাগিণী ভূপালী—তাল তালফেরতা। গানের বহি (ব্রহ্ম) ৩১৫। স্বরলিপি নাই।

৫০৩ চিরবন্ধু চিরনির্ভর চিরশান্তি তুমি হে প্রভু ১ । ১৭৯

রাগিণী মহিশূরী খাম্বাজ—তাল ঠুংরি। স্বরলিপি সরলা দেবী-কৃত, 'ভারতী ও বালক' ১২৯৯ ফাল্গুন ৬৮৫। গানের বহি (ব্রহ্ম) ৩৯৫। স্বর. ২৭।

৫০৪ একি লাবণ্যে পূর্ণ প্রাণ, প্রাণেশ হে ১ । ২১২

রাগিণী পূর্ণষড়জ—তাল একতালা। স্বরলিপি সরলা দেবী-কৃত, 'ভারতী ও বালক' ১২৯৯ ফাল্গুন ৬৫৯। গানের বহি (ব্রহ্ম) ৩৯৬। স্বর. ৪৫।

৫০৫ আনন্দধ্বনি জাগাও গগনে ১ । ২৫৫

• হাম্বীর—তাল ফেরতা। স্বরলিপি ইন্দিরা দেবী : সাধনা ১২৯৯ মাঘ ২১২, 'ভারততীর্থ'। স্বর. ৪৭।

৫০৬ হৃদয়মন্দিরে, প্রাণাধীশ, আছ গোপনে ১ । ১৫৭

রাগিণী বেহাগ—তাল কাওয়ালি। গানের বহি (ব্রহ্ম) ৩৯৭। স্বরলিপি নাই।

৫০৭ আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্যসুন্দর ১ । ১৮৭

মহিশূরী ভজন। গানের বহি (ব্রহ্ম) ৩৯৭। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

বয়স ৩২ । ১৩০০ । ১৮৯৩

নিম্নলিখিত ৫০৮—৫২২ সংখ্যক গানগুলির রচনাকাল নির্দেশ করা সম্ভব হয় নাই গানগুলি 'গানের বহি'র অন্তর্ভুক্ত (প্রকাশকাল : ১৩০০ বৈশাখ)। পূর্বে কোথাও প্রকাশিত হইয়াছিল কিনা জানা যায় নাই।

৫০৮ মনে যে আশা লয়ে এসেছি হল না ২ । ৪১৪

গানের বহি (বিবিধ) ৯৭, বেলাবলী—ঢিমাতেতালা। স্বর. ৮।

৫০৯ ওগো, তোরা কে যাবি পারে ২। ৫৭৪

গানের বহি (বিবিধ) ১০০, মিশ্র—কাওয়ালি। স্বরলিপি-গীতিমালা। চিরকুমার সভা (১৩৩২ ফাল্গুন)। র-র-১৬। ১৮৯। স্বর. ৩২।

৫১০ তবে শেষ করে দাও শেষ গান ২। ৩২৯

গানের বহি (বিবিধ) ১০০, সিন্ধু—একতালা। স্বরলিপি-গীতিমালা, নবীন। স্বর. ৩২। ইংরেজি অনুবাদ: 'Then finish the last song'—*Gardener No. 51.*

৫১১ যাহা পাও তাই লও, হাসিমুখে ফিরে যাও ২। ৬০৩

গানের বহি (বিবিধ) ১০১, ইমনকল্যাণ—ঝাঁপতাল। স্বর. ৩২।

৫১২ সখী, আমারি দুয়ারে কেন আসিল ২। ৩৩০

গানের বহি (বিবিধ) ১০১, কেদারা—কাওয়ালি। স্বরলিপি সাধনা ১৩০০ ফাল্গুন, স্বরলিপি-গীতিমালা, শেফালি। স্বর. ৫০।

৫১৩ এখনো তারে চোখে দেখিনি ২। ৪১৫

গানের বহি (বিবিধ) ৯৯, মিশ্রইমন—কাওয়ালি। স্বরলিপি-সাধনা ১৩০০ পৌষ, স্বরলিপি-গীতিমালা। স্বর. ৩২।

৫১৪ গহন ঘন বনে পিয়াল-তমাল-সহকার-ছায়ে ২। ৩৮৯

গানের বহি (বিবিধ) ১৩৩, হাম্বীর—চৌতাল। স্বরলিপি-গীতিমালা। স্বর. ৩৫।

৫১৫ সাজাব তোমারে হে ফুল দিয়ে দিয়ে ২। ৪২১

গানের বহি (বিবিধ) ১৩৩, নট মিশ্র—ধামার। স্বর. ৩৫।

৫১৬ মন জানে মনোমোহন আইল ২। ৪২১

গানের বহি (বিবিধ) ১৩৪, নট—চৌতাল। স্বরলিপি জ্যোতিরিন্দ্রনাথ-ঠাকুর-কৃত: বিশ্বভারতী-পত্রিকা ১৩৫৭ কার্তিক—পৌষ ১১৮। স্বর. ৩৫।

৫১৭ হিয়া কাঁপিছে সুখে কি দুখে সখী ৩। ৮৮৯

গানের বহি (বিবিধ) ১৩৫, জয়জয়ন্তী—ধামার। স্বরলিপি নাই।

৫১৮ ডাকি তোমারে কাতরে, দয়া কর দীনে X

গানের বহি (ব্রহ্ম) ৩০১, রাগিণী ইমনকল্যাণ—তাল চৌতাল। কাব্য-গ্রন্থাবলী (১৩০৩ আশ্বিন)। কাব্যগ্রন্থ (৮ম খণ্ড) গান, ২০১। রবীন্দ্রগ্রন্থাবলী (হিতবাদী সংস্করণ ১৩১১ সাল, গান) ১০৩০। গান (১৯০৯) ৩৫১। গীতবিতান প্রথম সংস্করণ (১৩৩৯) ৩য় খণ্ড, ৮৬১ পৃষ্ঠায় বাদ দেওয়া গানের তালিকাভুক্ত। গীতবিতান (১৩৭৭) ৩। ৯৬৫ বর্জিত গান। রচয়িতা জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

৫১৯ ঘোরা রজনী, এ মোহঘনঘটা ৩। ৮৪১

গানের বহি (ব্রহ্ম) ৩৫১, রাগিণী কানেড়া—তাল কাওয়ালি। স্বর. ৪৫।

৫২০ কেমনে ফিরিয়া যাও না দেখি তাঁহারে ১। ১৭৭

গানের বহি (ব্রহ্ম) ৩৮৪, ভৈরবী—চৌতাল। স্বরলিপি-সঙ্গীত প্রকাশিকা, ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ) ১। স্বর. ৪।

৫২১ জাগিতে হবে রে ১। ৮২

গানের বহি (ব্রহ্ম) ৯২ শঙ্করা—চৌতাল। স্বর. ৪৫।

৫২২ সুমধুর শুনি আজি, প্রভু, তোমার নাম ৩। ৮৪১

গানের বহি (ব্রহ্ম) ৩৮০, রাগিণী শঙ্করাভরণ—তাল আড়াঠেকা। স্বরলিপি-নাই।

---

৫২৩ যদি ভরিয়া লইবে কুম্ভ ৩। ৮৯২

রচনা ১৩০০ আষাঢ় ১২ [১৮৯৩ জুন ২৫ শিলাইদহ]। "হৃদয়যমুনা" শিরোনামে সোনার তরীতে মুদ্রিত। র-র-৩। ৯৭। মূল কবিতার প্রথম ও

শেষ স্তবক লইয়া গীতবিতানে অন্তর্ভুক্ত। এই পাঠ গান (১৯০৯) গ্রন্থে প্রথম পাওয়া যায়। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ১০০২। স্বরলিপি নাই।

৫২৪ আজি যে রজনী যায় ফিরাইব তায় কেমনে ২।৩৭০

রচনা ১৩০০ আষাঢ় ১৬ [১৮৯৩ জুন ২৯ শিলাইদহ] 'ব্যর্থযৌবন' শিরোনামে সোনার তরীতে অন্তর্ভুক্ত। র-র-৩।৯৯। কাব্যগ্রন্থাবলীতে নাই। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড, গান, (বিবিধ) ২৯, ভৈরবী—তেওরা। স্বর. ৩৫।

৫২৫ বড়ো বেদনার মতো বেজেছ

রচনা ১৮৯৩ জুলাই ১০ [১৩০০ আষাঢ় ২৭] সাজাদপুর দ্র. ছিন্নপত্রাবলী ১০৬ নং পত্র। "বড়ো বেদনার মতো" ... গানটা আমি নাবার ঘরে অনেকদিন একটু একটু করে সুরের সঙ্গে সঙ্গে তৈরী করেছিলুম ...। এ গানটা আমি এখনও সর্ব্বদা গেয়ে থাকি ... অতএব এটা যে আমার একটা প্রিয় গান সে বিষয়ে আমার কোনো সন্দেহ নেই।" কাব্যগ্রন্থাবলী, ১৩০৩ (গান) ৪২৯ কীর্ত্তনের সুর। স্বরলিপি দীনেন্দ্রনাথ ঠাকুর-কৃত : প্রবাসী ১৩২৮ শ্রাবণ। স্বর. ১৩। ইংরেজি অনুবাদ ক্ষিতীশ রায়-কৃত : 'When I think of you'—*Anthology. P. 86. 178.*

৫২৬ হৃদয়ের এ কূল, ও কূল, দু কূল ভেসে যায় ২।৩০৫

রচনা ১৮৯৩ জুলাই ১০। সাজাদপুর থেকে ইন্দিরা দেবীকে লিখিত পত্রে রবীন্দ্রনাথ যে সকল গানগুলির উল্লেখ করিয়াছেন, মনে হয় তাহার মধ্যে এই গানটি অন্যতম। দ্র. ছিন্নপত্রাবলী ১০৬ নং পত্র। কাব্যগ্রন্থাবলী (বিবিধ) ৪২৯ বিভাস। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০।

৫২৭ যদি জোটে রোজ এমনি বিনি পয়সায় ৩।৭৯২

সাধনা ১৩০০ পৌষ ১২৩, 'বিনি পয়সার ভোজ' একক নাট্যের গান। ব্যঙ্গকৌতুক (১৯০৭), র-র-৭।৩৩৮। গীতবিতান গ্রন্থপরিচয় ৯৮৪। প্রভাতী সুর—একতাল। স্বর. ২৮।

বয়স ৩২। ১৩০০। ১৮৯৪

নিম্নলিখিত ৫২৮—৫৩৩ সংখ্যক গানগুলি ১৩০০ সনে কলিকাতায় আদি ব্রাহ্মসমাজ মন্দিরে মাঘোৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ববোধিনী পত্রিকা ১৮১৫ শক (১৩০০) ফাল্গুন। পৃষ্ঠা ২১৯—২২০।

৫২৮ এসো হে গৃহদেবতা ২। ৬১২

রাগিণী আনন্দভৈরবী—তাল কাওয়ালি। পাঠ—'এ ভুবন পুণ্যপ্রভাবে করো পবিত্র' ইত্যাদি। কাব্যগ্রন্থাবলী ৪৬৭, স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ) স্বর. ২৭।

৫২৯ হৃদয়নন্দনবনে নিভৃত এ নিকেতনে ১। ৭৭

রাগিণী ললিতাগৌরী—তাল ঝাঁপতাল। কাব্যগ্রন্থাবলী ৪৬৮, স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৩য় ভাগ), 'বীণাবাদিনী'। স্বর. ২৩।

৫৩০ আনন্দধারা বহিছে ভুবনে ১। ১৩৭

রাগিণী মালকোষ—তাল কাওয়ালি। কাব্যগ্রন্থাবলী ৪৬৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ), বৈতালিক। স্বর. ৪৫।

৫৩১ হে মহাপ্রবল বলী ১। ১৮৬

রাগিণী কানাড়া—তাল চৌতাল। কাব্যগ্রন্থাবলী ৪৬৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৭।

৫৩২ অন্তরে জাগিছ অন্তরযামী ১। ১০৮

রাগিণী বেহাগ—তাল ঝাঁপতাল। কাব্যগ্রন্থাবলী ৪৬৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৩য় ভাগ)। স্বর. ২৫।

৫৩৩ কামনা করি একান্তে ১। ১৭০

রাগিণী দেশকার—তাল চৌতাল। কাব্যগ্রন্থাবলী ৪৬৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

৫৩৪ ওহে জীবনবল্লভ, ওহে সাধনদুর্লভ ১ । ১৮৯, ৩। ৮৫২

অনুমান গানটি কাদম্বরী দেবীর মৃত্যুর দশম বৎসরে ১৩০১ সালের ৮ই বৈশাখ রচিত। দ্র. রবীন্দ্র-জীবনী ১ম খণ্ড (৪র্থ সংস্করণ) ৩৯৬ পৃষ্ঠা। কাব্য-গ্রন্থাবলী ৪৭০, কীর্তন। ১৩০৫ মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৩০৫ ফাল্গুন। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪। ইংরেজি অনুবাদ ইন্দিরা দেবী-কৃত : 'O my life's beloved'—*V. B. Q.* 1949 Feb.—April. P. 241.

৫৩৫ বাজিল কাহার বীণা মধুর স্বরে ২ । ২৮১

রচনা ১৩০১ সালের ১২ই জ্যৈষ্ঠ, সুধীন্দ্রনাথ ঠাকুরের বিবাহোৎসব উপলক্ষ্যে। কাব্যগ্রন্থাবলী 'চিত্রা' অংশে 'বিকাশ' শিরোনামে মুদ্রিত। চিত্রা। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড, 'গান' (বিবিধ) ৭৫ ঝিঁঝিট খাম্বাজ। শেফালি। স্বর. ৫০।

৫৩৬ বড়ো বিস্ময় লাগে হেরি তোমারে ৩ । ৮৯৩

রচনা ১৩০১ জ্যৈষ্ঠ ১৩। কাব্যগ্রন্থাবলী 'চিত্রা' অংশে 'বিস্ময়' শিরোনামে মুদ্রিত। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। কাব্যগ্রন্থ গান (বিবিধ) ১৮৬ কানেড়া। শেফালি। স্বর. ৫০।

৫৩৭ সুন্দর হৃদিরঞ্জন তুমি নন্দনফুলহার ২ । ২৮৩

রচনা ১৩০১ জ্যৈষ্ঠ ১৪। স্বরলিপি সাধনা ১৩০১ ভাদ্র ২৭৯, স্বরলিপি-গীতিমালা। কাব্যগ্রন্থাবলীতে 'চিত্রা' খণ্ডে (৩৬২) 'বন্দনা' শিরোনামে মুদ্রিত। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৭৯ ইমনকল্যাণ। স্বর. ১০।

৫৩৮ কত কথা তারে ছিল বলিতে ২ । ২৮৫

রচনা ১৩০১ জ্যৈষ্ঠ ১৬। কাব্যগ্রন্থাবলী চিত্রা খণ্ডে (৩৬২) 'মনের কথা' শিরোনামে মুদ্রিত। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। স্বরলিপি-গীতিমালা ১৩০৪। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড, 'গান' (বিবিধ) ৭৬, মিশ্র রামকেলি। স্বর. ১০।

৫৩৯ আমারে করো তোমার বীণা ২। ২৮৩

রচনা ১৩০১ জ্যৈষ্ঠ ১২। স্বরলিপি ইন্দিরা দেবী-কৃত : সাধনা ১৩০১ আশ্বিন—কার্তিক ৪৮৭, জ্যোতিরিন্দ্রনাথ-কৃত স্বরলিপি-গীতিমালা। কাব্যগ্রন্থাবলী চিত্রা খণ্ডে (৩৬২) 'আত্মোৎসর্গ' শিরোনামে মুদ্রিত। রচনাবলী 'চিত্রা' খণ্ডে নাই। স্বর. ১০।

৫৪০ এসো এসো ফিরে এসো ২। ৩৭২

দ্রষ্টব্য : ছিন্নপত্রাবলী পৃ. ৩২১। ২৯ আগস্ট ১৮৯৪ (১৪ই ভাদ্র ১৩০১) "আজ সকালে বসে বসে আমার একটা নতুন গানে সুর দিচ্ছিলুম—সুরটা যে খুব নতুন তা নয়, এক রকম কীর্তনের ধরণের ভৈরবী....।

১৩০১ ভাদ্র ১৮, কলিকাতা হইতে কুষ্টিয়ার পথে রাজবাটে একদিনের জন্য রবীন্দ্রনাথ মহকুমা হাকিম নবীনচন্দ্র সেনের আতিথ্য গ্রহণ করেন। তখনই রবীন্দ্রনাথ তাঁর সদ্যরচিত 'এসো এসো ফিরে এসো' গানটি তাঁহাকে শুনাইয়াছিলেন। পরে প্রতিলিপি পাঠাইয়া দেন। দ্র. রবীন্দ্রজীবনী ১ম খণ্ড (চতুর্থ সং)। ইন্দিরা দেবীর 'গানের বহি' হইতে জানা যায় গানটির রচনার স্থানকাল, শিলাইদহ, ভাদ্র ১৩০১। দ্র. রবীন্দ্র-প্রতিভা ২৬৮ ও ৪০৫। সাধনা ১৩০১ আশ্বিন-কার্তিক, 'মেঘ ও রৌদ্র', বৈরাগী শিশুকের কণ্ঠে। কাব্যগ্রন্থাবলী (বিবিধ) ৪২৯ কীর্তন। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর কৃত প্রবাসী ১৩২৮ আষাঢ়। স্বর. ১৩। ইংরেজি অনুবাদ : দ্রষ্টব্য *Sheaves.*

৫৪১ তুমি নব নব রূপে এসো প্রাণে ১। ৭৬

রচনা ১৮৯৪ সেপ্টেম্বর ১০ [১৩০১ ভাদ্র ২৬]। শতিসর। কবিতা ৩ পঙ্‌ক্তি। দ্র. ছিন্নপত্রাবলী ১৫২ নং পত্র। কাব্যগ্রন্থাবলীতে নাই। গান ১৯০৯। (ব্রহ্ম) ৩৯৩ মিশ্র রামকেলী—কাওয়ালি। এখানে গানটির পূর্ণ রূপ পাওয়া যায়। গীতাঞ্জলি ৭নং। স্বর. ২৬।

৫৪২ নিত্য নব সত্য তব শুভ্র আলোকময় ১। ১৬১

কলিকাতায় আদি ব্রাহ্ম-সমাজ মন্দিরে মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৩০১ ফাল্গুন ১৯১ রাগিণী খম্বাজ—তাল ঝাঁপতাল। কাব্যগ্রন্থাবলী ৬৬৩। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত। স্বর. ২২।

৫৪৩ ওঠো রে মলিনমুখ, চলো এইবার ২ । ৫৪৭

রচনা ১৩০২ ভাদ্র ২৬। জোড়াসাঁকো। দ্র. রবীন্দ্র-প্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (চিত্রা) ৩৭২ "ভঙ্গ" শিরোনামে মুদ্রিত। চিত্রা (র-র-৪) নাই। স্বরলিপি নাই।

৫৪৪ ঝরঝর বরিষে বারিধারা ২ । ৪৫৯

রচনা ১৮৯৫ সেপ্টেম্বর ২০ [১৩০২ আশ্বিন ৪] শিলাইদহ। দ্র. ছিন্নপত্রাবলী ২২৯ নং পত্র। গানের খসড়া—চার পঙ্‌ক্তি উদ্ধৃত আছে। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী (গান) ৪২৯ মিশ্রমোল্লার। স্বরলিপি—গীতিমালা, শতগান, কেতকী। স্বর. ১১।

৫৪৫ বিশ্ববীণারবে বিশ্বজন মোহিছে ২ । ৪২৭

রচনা ১৩০২ আশ্বিন ৪—৯তারিখের মধ্যে শিলাইদহ। বোট। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩০ শঙ্করাভরন—মিশ্রতাল। স্বরলিপি—ভারতী ১৩০৪ আশ্বিন, স্বরলিপি-গীতিমালা, শতগান, অংশত 'কেতকী' ও 'শেফালি'। স্বর. ৩৬ ও ৫০।

৫৪৬ ওলো সই, ওলো সই ২ । ৩০৪

রচনা ১৩০২ আশ্বিন ৫। শিলাইদহ, বোট। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩০ বিভাস। স্বরলিপি-গীতিমালা। স্বর. ৩৫।

৫৪৭ মধুর মধুর ধ্বনি বাজে ২ । ৫৪৭

রচনা ১৩০২ আশ্বিন ৫। শিলাইদহ, বোট। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩০ ভূপালি। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০।

৫৪৮ বেলা গেল তোমার পথ চেয়ে ১ । ৬৮

রচনা ১৩০২ আশ্বিন ৮। শিলাইদহ, বোট। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩০ পূরবী। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০।

৫৪৯ আজি মোর দ্বারে কাহার মুখ ৩ । ৮৯৩

রচনা ১৩০২ আশ্বিন ৯ (?)। শিলাইদহ, বোট। দ্র. রবীন্দ্রপ্রতিভা পৃ. ২৬৮। গানটী ইন্দিরা দেবীর নিজস্ব কপি 'গানের বহি'তে রবীন্দ্রনাথের হস্তাক্ষরে পাওয়া গিয়াছে। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ১০০২। কাব্য-গ্রন্থাবলীতে নাই। গানটী অন্য কোনো গ্রন্থে মুদ্রিত নাই। স্বরলিপি ইন্দিরা দেবী-কৃত: বিশ্বভারতী পত্রিকা ১৩৫৩ কার্তিক-পৌষ। পৃ. ১৩১। দেশ। পঞ্চম সওয়ারি। স্বর. ৩৫।

৫৫০ কে দিল আবার আঘাত আমার দুয়ারে ২। ৩৩৩

রচনা ১৩০২ আশ্বিন ১২ বিজয়াদশমী। শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী চিত্রা খণ্ডে (৩৭৪) 'অতিথি' নামে মুদ্রিত। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (বিবিধ) ৭৭ কেদারা। কেতকী। স্বর. ১১।

৫৫১ এসো গো নূতন জীবন ২। ৫৪৭

রচনা ১৩০২ আশ্বিন ১৩। শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী চিত্রা খণ্ডে (৩৭৪) 'নবজীবন' নামে মুদ্রিত। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৭৮ ভৈরোঁ। স্বরলিপি নাই।

৫৫২ পুষ্পবনে পুষ্প নাহি, আছে অন্তরে ২। ৩২৬

রচনা ১৩০২ আশ্বিন ১৪ শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী চিত্রা খণ্ডে (৩৭৪) 'মানসবসন্ত' শিরোনামে মুদ্রিত। রচনাবলী চিত্রা খণ্ডে নাই। স্বরলিপি-গীতিমালা। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৭৯ কালাংড়া। স্বর. ১০।

৫৫৩ আহা জাগি পোহালো বিভাবরী ২। ৩২৫

রচনা ১৩০২ আশ্বিন ১৫, শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩১ মিশ্র ভৈরোঁ। স্বরলিপি-গীতিমালা, শেফালি। স্বর. ৫০।

৫৫৪ হে অনাদি অসীম সুনীল অকূল সিন্ধু ৩। ৮৪৫

রচনা ১৩০২ আশ্বিন ১৬, শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৮ কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩১ ভৈরবী। স্বরলিপি নাই।

৫৫৫ তোমার গোপন কথাটি, সখী, রেখো না মনে ২। ২৯

রচনা ১৩০২ আশ্বিন ১৮, শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯ কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩১ কীর্তনের সুর। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০

৫৫৬ চিত্ত পিপাসিত রে — ২। ২৭১

রচনা ১৩০২ আশ্বিন ২৩, শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩১ খাম্বাজ। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০।

৫৫৭ আমি চিনি গো চিনি তোমারে — ২। ৩০৬

রচনা ১৩০২ আশ্বিন ২৫, শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩১ ঝিঁঝিট (একতালা)। স্বরলিপি-গীতিমালা, শতগান, শেফালি। The Music of Hindustan P. 95. পাদটীকায় রবীন্দ্রনাথের মন্তব্য আছে। পৃ. *96*। স্বর. ৫০। ইংরেজি অনুবাদ দ্র. *Sheaves.*

৫৫৮ আমরা লক্ষ্মীছাড়ার দল — ২। ৫৯৩

রচনা ১৩০২ আশ্বিন ২৯ শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩১ খাম্বাজ। 'বাঁশরি' নাটক (১৩৪০ অগ্রহায়ণ) গান। র-র-২৪। ১৮৬। স্বর. ৪১।

৫৫৯ ওগো ভাগ্যদেবী পিতামহী, মিটল আমার আশ — ২। ৫৯৯

রচনা ১৩০২ কার্তিক ১, শিলাইদহ। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩২ ভূপালি। স্বর. ৫১।

৫৬০ একি আকুলতা ভুবনে। একি চঞ্চলতা পবনে — ২। ৪২৮

রচনা ১৩০২ কার্তিক ১৬, জোড়াসাঁকো। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩২ বাহার। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০।

৫৬১ তুমি রবে নীরবে হৃদয়ে মম — ২। ২৯৭

রচনা ১৩০২ কার্তিক ১৮, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (গান) ৪৩২ মিশ্র সুরট। স্বরলিপি-ইন্দিরাদেবী, বীণাবাদিনী। স্বর. ১০। ইংরেজি অনুবাদক ফিলিপ রায় 'You come to the silence of my heart'. *Anthology. Vol. II. P. 135, 189.*

৫৬২ সে আসে ধীরে, যায় লাজে ফিরে ২ । ৩২৬

রচনা ১৩০২ কার্তিক ১৮, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্য-গ্রন্থাবলী (গান) ৪৩২ মিশ্র সুরট। স্বরলিপি-গীতিমালা। ১৯২৫ খৃষ্টাব্দে 'গৃহপ্রবেশ' অভিনয়কালে গানটি 'হিমি'র কণ্ঠে প্রদত্ত হয়। র-র ১১ (গ্রন্থপরিচয়) ৪৪৪ পৃষ্ঠা। স্বর. ১০।

৫৬৩ কে উঠে ডাকি মম বক্ষোনীড়ে থাকি ২ । ৩৯০

রচনা ১৩০২ কার্তিক ২২, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্য-গ্রন্থাবলী (গান) ৪৩২ পরজ। শেফালি। স্বর. ১৩।

৫৬৪ ওহে সুন্দর মম গৃহে আজি পরমোৎসব-রাতি ২ । ৩৪৫

রচনা ১৩০২ কার্তিক ২৫, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্য-গ্রন্থাবলী (গান) ৪৩২ খাম্বাজ। স্বর. ৩২।

৫৬৫ তুমি যেয়ো না এখনি ২ । ৩৩০

রচনা ১৩০২ কার্তিক ২৪, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্য-গ্রন্থাবলী (গান) ৪৩৩ ভৈরবী। স্বরলিপি-গীতিমালা। স্বর. ১০। ইংরেজি অনুবাদক রবীন্দ্রনাথ—'Do not leave me and go'. *Anthology Vol. 1.*

৫৬৬ আকুল কেশে আসে, চায় ম্লাননয়নে ২ । ৩৩১

রচনা ১৩০২ কার্তিক ২৫, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্য-গ্রন্থাবলী (গান) ৪৩৩ রামকেলী। স্বর. ১৩।

৫৬৭ কী রাগিণী বাজালে হৃদয়ে ২ । ২৯৪

রচনা ১৩০২ কার্তিক ২৯, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্য-গ্রন্থাবলী (গান) ৪৩৩ সিন্ধু—কানাড়া। স্বরলিপি ইন্দিরাদেবী, বীণাবাদিনী। স্বর. ১৯।

৫৬৮ হৃদয়শশী হৃদয় গগনে উদিল মঙ্গললগনে ১ । ২০৬

রচনা ১৩০২ কার্তিক ২৯, জোড়াসাঁকো। রবীন্দ্রপ্রতিভা ২৬৯। পাঠ—"হৃদয়চন্দ্র হৃদিগগণে"। কাব্যগ্রন্থাবলীতে নাই। ১৩০৭ সালের মাঘোৎসবে

গীত। তত্ত্ববোধিনী ১৮২২ শক (১৩০১) ফাল্গুন, ১৭৭ ইমনকল্যাণ—একতালা। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৫৬৯ পাদপ্রান্তে রাখ' সেবকে ১। ৫৭

কলিকাতায় মাঘোৎসব উপলক্ষ্যে রচিত ও গীত। তত্ত্ববোধিনী ১৮১৭ শক (১৩০২) ফাল্গুন, ১৮০ রাগিণী ঝিঁঝিট—তাল একতালা। কাব্য-গ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৭০। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৫৭০ তুমি পড়িতেছ হেসে তরঙ্গের মতো এসে ৩। ৭৮৬

কাব্যগ্রন্থাবলীর অন্তর্গত 'চৈতালি' (আশ্বিন ১৩০৩) কাব্যের 'গান' কবিতাটির প্রথম ও শেষ স্তবক, মধ্যবর্তী স্তবক বর্জিত। রচনা ২৯ চৈত্র [১৩০২]। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় পৃ. ৯৮৩। স্বরলিপি নাই।

বয়স ৩৫ । ১৩০৩ । ১৮৯৬

৫৭১ উজ্জ্বল করহে আজি এ আনন্দরাতি ২। ৬০৭

দ্বিপেন্দ্রনাথ ঠাকুরের কন্যা শ্রীমতী নলিনীদেবীর সহিত সুহৃৎনাথ চৌধুরীর বিবাহোৎসব উপলক্ষ্যে রচিত (১৩০৩ বৈশাখ ৯, কলিকাতা)। দ্র. সাহিত্য পত্রিকা ১৩০৩ বৈশাখ ৭৪। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯। ভূপালি—তাল একতালা। স্বরলিপি নাই।

নিম্নলিখিত ৫৭২—৫৮০ সংখ্যক গানগুলি ১৩০৩ সালের ২৯শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। ৫৭২—৫৮১ সংখ্যক গানগুলি কলিকাতায় মাঘোৎসব উপলক্ষ্যে গীত। দ্র. তত্ত্ববোধিনী ১৮০৮ শক (১৩০৩) ফাল্গুন। পৃষ্ঠা ১৭৪—৭৫।

৫৭২ শীতল তব পদচ্ছায়া ১। ১৮৬

১৩০৩ সালের ১৪ই শ্রাবণের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ ইমনকল্যাণ—কাওয়ালি। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২৩।

৫৭৩ আজি রাজ-আসনে তোমারে বসাইব ৩ । ৮৪৫

১৩০৩ সালের ১৪ই শ্রাবণ মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ বেহাগ—ধামার। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৫৭৪ আজি কোন্ ধন হতে বিশ্বে আমারে ১ । ১০৯

রচনা ১৩০৩ সালের ১৪ই শ্রাবণ, ইচ্ছামতী। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (চৈতালী) ৪২৬, 'প্রার্থনা'। তত্ত্ববোধিনীর সুর তাল, রাগিণী কেদারা—তাল চৌতাল। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৫৭৫ তোমা-হীন কাটে দিবস হে প্রভু ১ । ১৭৭

১৩০৩ সালের ২৯শে ভাদ্রের মধ্যে রচিত। হিন্দীভাঙা গান বলিয়া অনুমিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ বাগেশ্রী—আড়াঠেকা।

৫৭৬ হৃদয়-আবরণ খুলে গেল ৩ । ৮৫৭

১৩০৩ সালের ২৯শে ভাদ্রের মধ্যে রচিত। হিন্দীভাঙা গান বলিয়া অনুমিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলীতে নাই। গানটি 'এ কী করুণাময়' (গীতবিতান ১ : ১৮২) গানের আদিরূপ। স্বরলিপি নাই।

৫৭৭ আমার সত্য মিথ্যা সকলই ভুলায়ে দাও ১ । ৫৬

১৩০৩ সালের ২৯শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলীতে নাই। তত্ত্ববোধিনীর সুর তাল, দেশ—একতালা। স্বরলিপি নাই।

৫৭৮ মধুর রূপে বিরাজ হে বিশ্বরাজ ১ । ২১৪

১৩০৩ সালের ২৯শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ তিলক কামোদ—ঝাঁপতাল। ১৩০৫ সনের মাঘোৎসবে গীত। দ্র. তত্ত্ববোধিনী ১৮২০ শক (১৩০৫) ফাল্গুন ১৯৫। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ), সঙ্গীতপ্রকাশিকা ১৩০৯ আষাঢ়। স্বর. ৪।

৫৭৯ আর কত দূরে আছে সে আনন্দধাম ১। ১৭০

১৩০৩ সালের ২৯শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯, হাম্বীর—তেওরা। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২২।

৫৮০ কে যায় অমৃতধামযাত্রী ১। ১১০

রচনা ১৩০৩ ভাদ্র ২৯। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৬৯। কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ বেহাগ। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ বৈশাখ, ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। স্বর. ২৪।

৫৮১ একি করুণা করুণাময় ১। ১৮২, ৩। ৮৫৭

কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ বাহার। দ্র. 'হৃদয়-আবরণ খুলে গেল' আদি গানটিকে ভাঙিয়া মাঘোৎসবের জন্য পুনরায় লিখিত হয়। দ্র. গ্রন্থপরিচয় পৃ. ৯৯৭। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৫৮২ মহাবিশ্বে মহাকাশে মহাকাল-মাঝে ১। ১৪০, ৩। ৮৪৬

কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৮ রাগিণী ইমনকল্যাণ—তাল পটতাল। ১৩০৬ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২১ শক ফাল্গুন ১৮১, ইমন-কল্যাণ—তেওরা। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩০৯ বৈশাখ, ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। বিশ্বভারতী পত্রিকা ১৩৬৬ বৈশাখ—আষাঢ়। স্বর. ৪।

৫৮৩ ব্যাকুল প্রাণ কোথা সুদূরে ফিরে ১। ১৭৫

কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ ভূপালি—মধ্যমান। স্বরলিপি নাই।

৫৮৪ সুধাসাগরতীরে হে, এসেছে নরনারী ২। ৬০৭

কাব্যগ্রন্থাবলী (ব্রহ্ম) ৪৬৯ সাহানা—ধামার। ১৩০৪ সনের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮১৯ শক ফাল্গুন ১৯৯। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। "... হিন্দীভাঙা গান। "সঙ্গীতমঞ্জরী" গ্রন্থে মূল গানটি আছে। তার প্রথম পঙক্তি হল—"আয়ো ফাগুন বাড়ো মান নন্দকো ছয়লো ডোলে গোকুল কি ডগর।" দ্র. রবীন্দ্রজীবনে গীতরচনার একটি অজ্ঞাত

যুগ : শান্তিদেব ঘোষ। শারদীয়া দেশ পত্রিকা ১৩৭৮। পৃ. ১০২। স্বর. ৪। ইংরেজি অনুবাদক ক্ষিতীশ রায়—'Men and Women have come'—
—*Anthology. Vol. I.*

৫৮৫ অয়ি ভুবনমনোমোহিনি ১ । ২৫৭

কলিকাতার জোড়াসাঁকোর বাটীতে কন্‌গ্রেসের অভ্যাগতগণ আমন্ত্রিত হন ১৮৯৬ ডিসেম্বর। অভ্যাগতগণের মধ্যে দক্ষিণ আফ্রিকার ব্যারিষ্টার মিঃ মোহনচাঁদ করমচাঁদ গান্ধীও ছিলেন। রবীন্দ্রনাথ সেই সময়ে তাঁহার নবরচিত গান 'অয়ি ভুবনমনোমোহিনী' গাহিয়াছিলেন। দ্র. সরলাদেবীর 'জীবনের ঝরাপাতা' পৃ. ১৬৮। গান ও স্বরলিপি, ভারতী ১৩০৩ মাঘ। কল্পনা ১৩০৭ বৈশাখ 'ভারতলক্ষ্মী'। স্ব-র-৭। ১৬৮। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ১৬৫ ভৈরবী। শতগান, ভারততীর্থ। স্বর. ৪৭। ইংরেজি অনুবাদক ক্ষিতীশ রায়—'Well beloved of the whole world.'
—*Anthology. Vol. I.*

নিম্নলিখিত ৫৮৬—৫৯০ সংখ্যক গানগুলি ১৩০৩ সনে কলিকাতায় আদি ব্রাহ্মসমাজে মাঘোৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ববোধিনী পত্রিকা ১৮১৮ শক (১৩০৩) ফাল্গুন। পৃ. ১৭৪—১৭৫।

৫৮৬ আজি মম মন চাহে জীবনবন্ধুরে ১ । ৭৮

বাহার—তাল চৌতাল। রবীন্দ্রপ্রতিভা ২১০। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (ব্রহ্ম) ২৬৬। ব্রহ্মসঙ্গীত স্বরলিপি (১ম ভাগ)। স্বর. ৪। ইংরেজি অনুবাদক ক্ষিতীশ রায়—'To-day my heart pines for my life long friend'—*Anthology. Vol. I.*

৫৮৭ হরষে জাগো আজি ১ । ১২০

রাগিণী হাম্বীর—তাল ধামার। রবীন্দ্রপ্রতিভা ২১০। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (ব্রহ্ম) ২১০। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২১।

৫৮৮ শান্ত হরে মম চিত্ত নিরাকুল ১।১১৪

রাগিণী ঝিঁঝিট—তাল ঠুংরি। রবীন্দ্রপ্রতিভা ২১০। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (ব্রহ্ম) ৩১৮। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩০৯ শ্রাবণ, ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৫৮৯ শান্তি করো বরিষণ নীরব ধারে ১।১৬৮

তিলক কামোদ—সুর ফাঁকতাল। রবীন্দ্রপ্রতিভা ২১০। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (ব্রহ্ম ৩১৯)। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩০৯ বৈশাখ, ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৪।

৫৯০ সুন্দর বহে আনন্দমন্দানিল ১।২১২

রাগিণী ইমন কল্যাণ—তাল সুরফাঁকতাল। রবীন্দ্রপ্রতিভা ২১০। কাব্যগ্রন্থ ৮ম গান ১৩১০—১১ (ব্রহ্ম) ২৯৪। স্বরলিপি ভারতী ১৩০৭ অগ্রহায়ণ, সরলাদেবীকৃত, ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর. ২৩।

বয়স ৩৬। ১৩০৪। ১৮৯৭

৫৯১ ওই আসে ওই অতি ভৈরব হরষে ২।৪৩৭

রচনা ১৩০৪ বৈশাখ ১৭, জোড়াসাঁকো। ভারতী ১৩০৬ আষাঢ় ২০৬—২০৮ 'বর্ষামঙ্গল'। কল্পনা (১৩০৭) র-র-৭।১২২। কাব্যগ্রন্থ ১৩১০ তৃতীয় খণ্ডে 'বর্ষামঙ্গল' শিরোনামে 'প্রকৃতিগাথা'র অন্তর্ভুক্ত, পৃ. ৯৮—১০১। কবিতা রচনার ২৮ বৎসর পরে ১৩৩২ সনে কলিকাতায় জোড়াসাঁকোয় 'শেষবর্ষণ' অভিনয়কালে এইটিকে গীতরূপ দান করা হয়। সবুজপত্র ১৩৩২ কার্তিক। স্বরলিপি-গীতমালিকা (১৩৩৩) ২য় খণ্ড। দ্রষ্টব্য শ্রাবণ গাথা (১৩৪১)। স্বর. ৩১।

৫৯২ আজি উন্মাদ মধুনিশি ৩।৭৮৭

রচনা ১৩০৪ বৈশাখ [১৮৯৭ মে ১] কল্পনা (১৩০৭) 'চৈত্ররজনী'। র-র-৭।১৩৩। ভারতী ১৩০৬ চৈত্র পৃ. ১০৫৯ 'চৈত্রপূর্ণিমা'। কাব্যগ্রন্থ

১৩১০ তৃতীয় খণ্ডে চৈত্ররজনী' শিরোনামে 'প্রকৃতিগাথা'র অন্তর্ভুক্ত। গান ১৯০৯ ॥ ১৩১৬ (বিবিধ) ১৬, বেহাগ—কাওয়ালি। স্বরলিপি নাই।

৫৯৩ মম যৌবননিকুঞ্জে গাহে পাখি ২ । ৩২৪

স্বরলিপি ইন্দিরাদেবীকৃত বীণাবাদিনী ১৩০৪ শ্রাবণ ১ম ভাগ, ১ম সংখ্যা। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (বিবিধ) ২১। কাফি—একতালা। স্বর. ১০।

৫৯৪ ভক্তহৃদিবিকাশ প্রাণবিমোহন ১ । ১৮৫

১৩০৪ সালের ভাদ্র মাসের ২৮শের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা২৭০ হিন্দীভাঙা গান ১৩০৪ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮১৯ শক (১৩০৪) ফাল্গুন ১৭০ রাগিণী ছায়ানট—তাল সুরফাঁকতাল। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (ব্রহ্ম) ২৮৮। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ৩।

৫৯৫ পান্থ, এখনো কেন অলসিত অঙ্গ ১ । ১১৯

১৩০৪ সালের ২৮শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীপ্রতিভা ২৭০, হিন্দীভাঙা গান। ১৩০৯ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৪ শক (ফাল্গুন) ১৬২, ললিত—সুর ফাক্তা। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (ব্রহ্ম) ৩১০। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ)। স্বর. ২৭।

৫৯৬ আনন্দ তুমি স্বামী, মঙ্গল তুমি ১ । ১০৪

১৩০৪ সালের ২৮শে ভাদ্রের মধ্যে রচিত' দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০, হিন্দীভাঙা গান। 'আনন্দ-উষাকালে মঙ্গলরবি' মাত্র এক পংক্তিধৃত। ১৩০৯ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৪ শক ফাল্গুন ১৬৩, ভৈরবী—সুরফাঁকতাল। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (ব্রহ্ম) ২৯৮। স্বরলিপি-ব্রহ্মসঙ্গীত (১ম ভাগ), বৈতালিক। স্বর. ২৭। ইংরেজি অনুবাদক ক্ষিতীশ রায়—'You are joy, you are goodness.'—*Anthology. Vol. II.*

৫৯৭ বহে নিরন্তর অনন্ত আনন্দধারা ১ । ১৩৬

১৩০৪ সালের ২৮শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২১০ হিন্দীভাঙা গান। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৩০৪ ফাল্গুন ১৮০, মল্লার—ঝাঁপতাল। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (ব্রহ্ম) ২৮৭। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (২য় ভাগ)। স্বর ২২।

৫৯৮ কেন ধরে রাখা ও যে যাবে চলে ২ । ৩৬৭

১৩০৪ সালের ২৮শে ভাদ্রের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২১০। স্বরলিপি ইন্দিরাদেবীকৃত : বীণাবাদিনী ১৩০৪। কাব্যগ্রন্থ ৮ম গান (বিবিধ) ৩২। রামকেলি—একতালা। নবীন ১৩৩১ ফাল্গুন (দ্বিতীয় পর্ব্ব। র-র-২২ । ৭৫)। সংক্ষিপ্ত রূপ, বনবাণী (১৩৩৮ আশ্বিন)। স্বর. ১০।

৫৯৯ বৃথা গেয়েছি বহু গান ৩ । ৮৯৪

১৩০৪ সালের ২৮শে ভাদ্রের মধ্যে রচিত। রবীন্দ্র-প্রতিভা ২১০। গানটি ইন্দিরাদেবীর 'গানের বহি'তে রবীন্দ্রনাথের হস্তাক্ষরে পাওয়া গিয়াছে। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ১০০২। কাব্যগ্রন্থ ৮ম গানে নাই। গানটী অন্য কোনো গীতসংগ্রহে মুদ্রিত নাই। বিশ্বভারতী পত্রিকা ১৩৫৩ কার্ত্তিক-পৌষ। গান। মিশ্র—কানাড়া। পৃ. ৫৭। স্বরলিপি নাই।

৬০০ কেন বাজাও কাঁকন কনকন কত ছলভরে ২ । ৩১৯

১৩০৪ সালের ২৮শে আশ্বিনের মধ্যে রচিত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২১০। কল্পনা ১৩০৭ বৈশাখ 'লীলা' শিরোনামে (র-র-৭ ॥ ১৬১)। কাব্যগ্রন্থ ৮ম গান (বিবিধ) ১৮। সিন্ধু—ভৈরবী। স্বর. ১০।

৬০১ হেরিয়া শ্যামল ঘন নীল গগনে ২ । ৪৪০

১৩০৪ সালের ৬ই আশ্বিন মধ্যে রচিত। ইছামতী। ঝড়-বাদলা। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২১০, পাঠ 'হেরি নবীন শ্যামল ঘন'। কল্পনা ১৩০৭ বৈশাখ 'নববিরহ' শিরোনামে (র-র-৭ ॥ ১৬২) কাব্যগ্রন্থ। ৮ম গান (বিবিধ) ২৮—২৯ মল্লার। কেতকী। স্বর. ১১।

৬০২ এবার চলিনু তবে ৩। ৭৮৯

রচনা ১৩০৪ আশ্বিন ৭। ইচ্ছামতী। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। প্রদীপ ১৩০৫ বৈশাখ ২য় ভাগ ; 'গান' পাঠ—"সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছিঁড়িতে হবে" বিভাস। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'বিদায়' শিরোনামে (র-র-৭। ১৬০)। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান ১৩১০—১১ (বিবিধ) ৬২। বিভাস। স্বরলিপি নাই।

৬০৩ কেন যামিনী না যেতে জাগালে না ২। ৩২০

রচনা ১৩০৪ সালের ৭ই আশ্বিন। যমুনা নদী। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'লজ্জিতা' শিরোনামে (র-র-৭। ১৬৩) ভৈরবী। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (বিবিধ) ২৪। ভৈরবী। শেফালি। স্বর. ৫০।

৬০৪ বন্ধু, কিসের তরে অশ্রু ঝরে ৩। ৭৯৮

রচনা খসড়া। ৭ আশ্বিন ১৩০৪। বিভাস—একতালা। বড়াল নদী। পরিবর্ধন ৭ আষাঢ়, ১৩০৫। নাগর নদী। পতিসর। পাণ্ডুলিপি অমল হোমের সৌজন্যে প্রাপ্ত। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। ভারতী ১৩০৫ শ্রাবণ ২৯৯—৩০২ 'হতভাগ্যের গান'। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'হতভাগ্যের গান' (র-র-৭। ১৪৮)। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৪৮। স্বরলিপি ইন্দিরাদেবীর স্মৃতি অনুযায়ী মাত্র কয়েক ছত্র। দ্র. গীতগ্রন্থপরিচয় ৯৮৬।

৬০৫ আমি কেবলই স্বপন করেছি বপন বাতাসে ২। ৫৭৩

রচনা ১৩০৪ আশ্বিন ৮। বলেশ্বরী। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'কাল্পনিক' (র-র-৭। ১৬৪)। বেহাগ। স্বরলিপি 'শতগান'। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৪৫। বেহাগ। স্বর. ৫১।

৬০৬ ভালোবেসে সখী, নিভৃতে যতনে ২। ২৮৩

রচনা ১৩০৪ আশ্বিন ৮। সাজাদপুর। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'যাচনা' (র-র-৭। ১৫৯) কীর্তনের সুর। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (বিবিধ) ২৭। স্বর. ৫৬। ইংরেজি অনুবাদক ক্ষিতীশ রায় —'Secretly, with loving care'—*Anthology. Vol. II.*

৬০৭ তুমি সন্ধ্যার মেঘমালা, তুমি সাধের সাধনা ২ । ২৮৫, ৩ । ৮৯৪

রচনা ১৩০৪ আশ্বিন ৯। চলন বিল। ঝড়বৃষ্টি। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। পাঠ—"তুমি সন্ধ্যার মেঘ শান্ত সুদূর।" স্বরলিপি ইন্দিরাদেবী: বীণাবাদিনী। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'মানসপ্রতিমা' (র-র-৭ ॥ ১৬৪) ইমন-কল্যাণ। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৬৯। ইন্দিরাদেবীর 'গানের বহি'তে কবির হস্তে লিখিত পাঠ "তুমি সন্ধ্যার মেঘমালা, তুমি আমার নিভৃত সাধনা" ইত্যাদি। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ১০০২। স্বর. ১০। ইংরেজি অনুবাদ: 'You are the evening cloud floating in the sky of my dreams.'—*Gardener*.

৬০৮ যদি বারণ কর তবে গাহিব না ২ । ৩১৯

রচনা ১৩০৪ সালের ৯ই আশ্বিন। চলনবিল। দিনে দু-তিনবার করে ঝড় হচ্ছে। বোট টলমল। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। স্বরলিপি-ইন্দিরাদেবী: বীণাবাদিনী। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'সংকোচ' (র-র-৭ । ১৬৫)। ছায়ানট। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ২০। ছায়ানট। স্বর. ১০।

৬০৯ আমি চাহিতে এসেছি শুধু একখানি মালা ২ । ২৯৩

রচনা [১৩০৪ সালের] ১০ই আশ্বিন। নাগর নদী। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭০। কল্পনা (১৩০৭ বৈশাখ) 'প্রার্থী' (র-র-৭ । ১৬৬) কালাংড়া। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড গান (বিবিধ) ২২। শেফালি। স্বর. ৫০।

৬১০ সখী, প্রতিদিন হায় এসে ফিরে যায় কে ২ । ২৯৬, ৩ । ৯২৬

১৩০৪ সালের ১০ই আশ্বিন। নাগরনদী। রবীন্দ্রপ্রতিভা ২৭০। কল্পনা ১৩০৭ বৈশাখ 'সকরুণা' শিরোনামে (র-র-৭ । ১৬৭) আলেয়া। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ১৮। নৃত্যনাট্য 'মায়ার খেলা' (১৩৪৫)তে প্রথম চার পঙ্‌ক্তি গৃহীত। প্রমদার গান। পঞ্চম দৃশ্য। শেফালি। স্বর. ৫০।

৬১১ বিধি ডাগর আঁখি যদি দিয়েছিল ৩ । ৮৯৪

রচনা [১৩০৪ সালের] ১০ই আশ্বিন। নাগরনদী। ধানক্ষেতের ভিতর।

দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭১। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান'এ নাই। গান ও স্বরলিপি : সঙ্গীতপ্রকাশিকা ১৩১২ শ্রাবণ। গান ১৯০৯ ॥ ১৩১৬ (বিবিধ) ১৫৬। ভৈরবী—কাওয়ালি। দ্র. গীতবিতান গ্রন্থপরিচয় ৩। ১০০৭। স্বর. ৫১।

৬১২ বঁধু, মিছে রাগ কোরো না, কোরো না ৩। ৮৯৫

রচনা [১৩০৪ সালের] ১০ই আশ্বিন। পতিসর। দ্র. রবীন্দ্রপ্রতিভা ২৭১। ইন্দিরাদেবীর 'গানের বহি' কপিতে রবীন্দ্রনাথের হস্তাক্ষরে গানটি পাওয়া যায়। কথা ও স্বরলিপি : বীণাবাদিনী। গীতবিতান গ্রন্থপরিচয় ১০০৭। স্বর. ৩২।

৬১৩ ওগো কাঙাল, আমারে কাঙাল করেছ ২। ২৮৪

রচনা ১৩০৪ সালের ১২ই আশ্বিন। পতিসর। মজুমদার পুঁথি পাণ্ডুলিপি। উৎসাহ পত্রিকা ১৩০৫ জ্যৈষ্ঠ 'গান' ভিখারী। কল্পনা ১৩০৭ বৈশাখ 'ভিখারি' শিরোনামে (র-র-৭। ১৫৮) ভৈরবী—একতালা। কাব্যগ্রন্থ ৮ম খণ্ড 'গান' (বিবিধ) ৭০। স্বর. ৩৫।

রচনা ২৩ মাঘ সোমবার ১৩১২ শিলাইদহ। পদ্মা। খেয়া (১৩১৩)র 'মিলন' (র-র-১০। ১৪১—৪২) ১৩১৪ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ব-বোধিনী ১৮২৯ শক ফাল্গুন ১৭৯, আশোয়ারী—একতালা। গীতরূপ সংক্ষিপ্ত। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ পৌষ ও ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ২৫৭—৫৮। স্বর. ২৪।

৭৭১ আজ বুকের বসন ছিঁড়ে ফেলে ৩। ৮৯৬

রচনা ১৩১২ সালের ২৪শে মাঘ শিলাইদহ। পদ্মা। খেয়া (১৩১৩)র 'বিকাশ' (র-র-১০। ১৪৪)। ১৩১৪ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক ফাল্গুন ১৭৮ ভৈরবী—তেওরা। শারদোৎসব নাটিকা (১৯০৮)র ভূমিকায় সংক্ষেপিত রূপ আছে। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ২৫৭। শেফালি। স্বর. ৫০।

৭৭২ একমনে তোর একতারাতে একটি যে তার সেইটি বাজা ১। ১১১

রচনা ১৩১২ সালের ২৫শে মাঘ। শিলাইদহ। পদ্মা। খেয়া (১৩১৩)র 'সীমা' (র-র-১০। ১৪৪—১৪৫)। ১৩১৫ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক ফাল্গুন ১৮০, মিশ্রবাহার—যৎ। 'সীমা'র প্রথম চার পঙক্তি বাদ দিয়া গীত। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৭৮। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৭৭৩ তুমি যত ভার দিয়েছ সে ভার করিয়া দিয়েছ সোজা ১। ৪৬

রচনা [১৩১২ সালের] ২৫শে মাঘ। পদ্মা। খেয়া (১৩১৩)র 'ভার' (র-র-১০। ১৪৫—৪৭)। ১৩১৫ সালের মাঘোৎসবে গীত। মূল কবিতার দ্বিতীয় ও তৃতীয় স্তবক গানে বর্জিত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক ফাল্গুন ১৮০, বাউলের সুর—একতালা। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৭৯—৮০। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৭৭৪ আমার মাথা নত করে দাও হে ১। ১৯৪

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৮ শক (১৩১৩) ফাল্গুন ১৮০, রাগিণী ইমনকল্যাণ—তাল তেওরা। বঙ্গদর্শন ১৩১৪ জ্যৈষ্ঠ ১১০। স্বরলিপি কাঙালীচরণ সেন: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ আষাঢ় ও ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৪৮—৪৯। গীতাঞ্জলির (১৩১৭) প্রথম গান। স্বর. ২৩।

৭৭৫ নিবিড় অন্তরতর বসন্ত এল প্রাণে ২। ৫৩৮

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৮ শক (১৩১৩) ফাল্গুন ১৮১। রাগিণী বাগেশ্রী বাহার—তাল ঝাঁপতাল। স্বরলিপি কাঙালীচরণ সেন: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ শ্রাবণ ও ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫০ বাগেশ্রী বাহার—তাল ঝাঁপতাল। স্বর. ২৪।

৭৭৬ নব নব পল্লবরাজি ২। ৫৩৮

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৮ শক ফাল্গুন ১৮১। রাগিণী বাহার—তাল চৌতাল। স্বরলিপি কাঙালীচরণ সেন: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ ভাদ্র ও ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫১। স্বর. ২৪।

৭৭৭ মোরে বারে বারে ফিরালে ১। ১৭৩

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৮ শক ফাল্গুন ১৮১, নট-মল্লার—একতালা। স্বরলিপি কাঙালীচরণ সেন: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ শ্রাবণ ও ব্রহ্মসঙ্গীত (৪র্থ ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫১। স্বর. ২৫।

৭৭৮ আমি বহু বাসনায় প্রাণপণে চাই ১। ৯৯

রচনা ১৩১৩। গীতাঞ্জলির (১৩১৭) দ্বিতীয় সংখ্যক কবিতা। বঙ্গদর্শন ১৩১৪ আশ্বিন। পৃ. ২৯৮। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪

অগ্রহায়ণ, ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। সঙ্গীত গীতাঞ্জলি। গান ১৯০৯॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫৮। মিশ্রকামোদ—একতালা। স্বর. ২৪।

৭৭৯ কত অজানারে জানাইলে তুমি, কত ঘরে দিলে ঠাঁই ১। ১৫২

রচনা ১৩১৩। গীতাঞ্জলির (১৩১৭) তৃতীয় সংখ্যক কবিতা। ১৩১৫ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক ফাল্গুন ১৮০, হাম্বীর—তেওরা। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। গান ১৯০৯॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৬১। স্বর. ২৬।

৭৮০ বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা ১। ১০০

রচনা ১৩১৩। গীতাঞ্জলির (১৩১৭) ৪র্থ সংখ্যক কবিতা। বঙ্গদর্শন ১৩১৪ ভাদ্র ২১৫। ১৩১৪ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক ফাল্গুন ১৮১, ইমনকল্যাণ—তাল ঝম্পক। গান ১৯০৯॥ ১৩২৬ (ব্রহ্ম) ৩৫৪। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

বয়স ৪৬। ১৩১৪। ১৯০৭

৭৮১ অন্তর মম বিকশিত করো অন্তরতর হে ১। ৫১

রচনা ২৭ অগ্রহায়ণ ১৩১৪ শিলাইদহ। গীতাঞ্জলির (১৩১৭) ৫ম সংখ্যক কবিতা। বঙ্গদর্শন ১৩১৪ পৌষ 'প্রার্থনা'। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক (১৩১৪) ফাল্গুন ১৭৯, ভৈরবী—একতালা। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ মাঘ, ব্রহ্মসঙ্গীত ৫ম ভাগ। বৈতালিক। সঙ্গীত-গীতাঞ্জলি। গান ১৯০৯॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫৯। স্বর. ২৪।

৭৮২ প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে পুলকে ১। ১৩৩

রচনা অগ্রহায়ণ ১৩১৪। গীতাঞ্জলির (১৩১৭) ৬ষ্ঠ সংখ্যক কবিতা। ১৩১৫ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক ফাল্গুন ১৭১ টোড়ী—নবতাল। গান ১৯০৯॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৭৪। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৭৮৩ তুমি নব নব রূপে এসো প্রাণে ১ । ৭৬

রচনা অগ্রহায়ণ ১৩১৪ (?) গীতাঞ্জলির (১৩১৭) ৭ম সংখ্যক কবিতা। গানের প্রাথমিক খসড়া ছিন্নপত্রাবলীতে পাওয়া যায়। পত্র নং ১৫২। পতিসর ১০ সেপ্টেম্বর ১৮৯৪ । ১৩১৫ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক ফাল্গুন ১৭১, মিশ্ররামকেলী—কাওয়ালি। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৯৩। স্বর. ২৬।

৭৮৪ বীণা বাজাও হে মম অন্তরে ১ । ১৬৮

১৩১৪ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী (১৮২৯ শক) (১৩১৪) ফাল্গুন ১৭৯, পূরবী—ধামার। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫৪। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

৭৮৫ সংসারে কোনো ভয় নাহি নাহি ১ । ১৮০

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক ((১৩১৪) ফাল্গুন ১৭৯, ইমনকল্যাণ—আড়াচৌতাল। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ পৌষ ও ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ নাই। ধর্ম্মসঙ্গীত ১৩২১ পৃ. ১৯২ সুরের উল্লেখ নাই। স্বর. ২৫।

৭৮৬ মম অঙ্গনে স্বামী আনন্দে হাসে ১ । ২০১

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক (১৩১৪) ফাল্গুন ১৭৯, বাহার—ধামার। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৮৫। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। স্বর. ২৫।

৭৮৭ চরণধ্বনি শুনি তব, নাথ, জীবনতীরে ১ । ১৬৪

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক (১৩১৪) ফাল্গুন ১৮১, সিন্ধুকাফি—ঝাঁপতাল। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ পৌষ ও ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (ব্রহ্ম) ৩৫৫। স্বর ২৫।

৭৮৮ বিপুল তরঙ্গ রে, বিপুল তরঙ্গ রে ১। ১৩৫

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮২৯ শক (১৩১৪) ফাল্গুন ১৮১, ভীমপলশ্রী—তেওরা। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ পৌষ ও ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৫৫। স্বর. ২৫।

৭৮৯ প্রচণ্ড গর্জনে আসিল একি দুর্দিন ১। ৯৯

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৩১৪ ফাল্গুন ১৮৩, ভূপালী—সুরফাঁকতাল। কনিষ্ঠ পুত্র শমীন্দ্রের মৃত্যু হয় ১৩১৪ অগ্রহায়ণ মাসে। বোধ হয় তারপরেই গানটি রচিত। স্বরলিপি সঙ্গীতপ্রকাশিকা ১৩১৪ পৌষ ও ব্রহ্মসঙ্গীত (৫ম ভাগ)। তুলনীয় চিঠিপত্র ৮। ১২৭ প্রিয়নাথ সেনকে শিলাইদহের দুর্যোগ বর্ণনা। ৫ আশ্বিন ১৩০৭ (২১ সেপ্টেম্বর ১৯০০)। স্বর. ২৫।

উপরের ৭৮৮ ও ৭৮৯ সংখ্যক গান দুইটি একই সময়ে রচিত বলিয়া মনে হয়।

বয়স ৪৭। ১৩১৫। ১৯০৮

৭৯০ তিমিরদুয়ার খোলো—এসো, এসো নীরবচরণে ১। ১৮৪

অনুমান গানটি ১৩১৫ সালের নববর্ষে গীত হয়। প্রবাসী ১৩১৬ জ্যৈষ্ঠ ৮৪—৮৫, স্বরলিপিসহ প্রকাশিত হয়। ১৩১৬ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৬১, রামকেলী—কাওয়ালি। গান ১৯০৯ (ব্রহ্ম) ২৫৯। মিশ্রটোড়ি—তাল কাওয়ালি। স্বরলিপি-গীতলিপি, বৈতালিক। ১৩৩০ সালের ভাদ্র মাসে বিসর্জন অভিনয়কালে গীত। স্বর. ৩৬।

৭৯১ মেঘের কোলে রোদ হেসেছে, বাদল গেছে টুটি ২। ৪৮২

শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার প্রথম দৃশ্যে বালকগণের গান। বিভাস—একতালা (র-র ৭। ৩৮৯)। গান ১৯০৯ (বিবিধ) ৮৮। ঋণশোধ ১৩২৮ আশ্বিন। শেফালি। স্বর. ৫০।

৭৯২ আজ ধানের ক্ষেতে রৌদ্রছায়ায় লুকোচুরি খেলা ২। ৪৮২

শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে ঠাকুরদাদা ও বালকগণের গান। বাউলের সুর (র-র-৭। ৩৯২)। গান ১৯০৯ (বিবিধ) ৮৯। গীতাঞ্জলি (১৩১৭) ৮ম সংখ্যক। ঋণশোধ ১৩২৮ আশ্বিন। শেফালি। স্বর. ৫০।

৭৯৩ আনন্দেরই সাগর হতে এসেছে আজ বান ২। ৫৬৫

শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে ঠাকুরদাদার গান। সিন্ধুভৈরবী—তেওরা (র-র-৭। ৩৯৬—৯৭)। গান ১৯০৯ (বিবিধ) ১৬১। গীতাঞ্জলি (১৩১৭) নবম সংখ্যক। শেফালি। স্বর. ৫০।

৭৯৪ তোমার সোনার থালায় সাজাব আজ ১। ১০১

শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে সন্ন্যাসীর গান। ললিত—আড়াঠেকা (র-র-৭। ৩৯৭)। গান ১৯০৯ ॥ ১৩১৬ (বিবিধ) ১৫৭। গীতাঞ্জলি (১৩১৭) দশম সংখ্যক। ঋণশোধ ১৩২৮ আশ্বিন। শেফালি। স্বর. ৫০।

৭৯৫ রাজরাজেন্দ্র জয় জয়তু জয় হে ৩। ৭৯৭

শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে বন্দিগণের গান। মিশ্রকানাড়া—ঝাঁপতাল (র-র-৭। ৪০৩)। গান ১৯০৯ (বিবিধ) ১২৬। স্বর. ৫৬।

৭৯৬ নব কুন্দধবলদলসুশীতলা ২। ৪৯৩

শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে সন্ন্যাসীর গান। রামকেলি—কাওয়ালি (র-র-৭। ৪১৩)। গান ১৯০৯ (বিবিধ) ৯০। শেফালি। স্বর. ৫০।

৭৯৭ আমরা বেঁধেছি কাশের গুচ্ছ ২। ৪৮৩

রচনা ১৩১৫ সালের ৩রা ভাদ্র। শান্তিনিকেতন। শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যের গান। মিশ্র রামকেলি—একতালা। (র-র-৭। ৪১৪)। গান ১৯০৯ (বিবিধ) ৯০। গীতাঞ্জলি (১৩১৭) ১১ সংখ্যক। ঋণশোধ (১৩২৮ আশ্বিন)। শেফালি। স্বর. ৫০।

৭৯৮ অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া ২। ৪৮৩

রচনা ১৩১৫ সালের ৩রা ভাদ্র। শান্তিনিকেতন। শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে সন্ন্যাসীর গান। ভৈরবী—একতালা। পাঠান্তর আছে। গান ১৯০৯ (বিবিধ) ৯১। প্রবাসী ১৩১৬ অগ্রহায়ণ সংখ্যায় দিনেন্দ্রনাথ ঠাকুর-কৃত স্বরলিপি প্রকাশিত হয়। গীতাঞ্জলি (১৩১৭) ১২ সংখ্যক। ঋণশোধ (১৩২৮ আশ্বিন)। শেফালি। স্বর. ৫০।

৭৯৯ আমার নয়ন ভুলানো এলে ২। ৪৮৪

রচনা ১৩১৫ সালের ৭ই ভাদ্র। শান্তিনিকেতন। গীতাঞ্জলি (১৩১৭) ১৩ নং। শারদোৎসব (১৩১৫ ভাদ্র) নাটিকার দ্বিতীয় দৃশ্যে ঠাকুরদাদার গান। আলেয়া—একতালা। (র-র-৭। ৪১৬। ৪২২)। গান ১৯০৯ (বিবিধ) ৯২, ঋণশোধ (১৩২৮ আশ্বিন)। শেফালি। স্বর. ৫০।

৮০০ জননী, তোমার করুণ চরণখানি ১। ১৮৩

রচনা ১৩১৫। গীতাঞ্জলি ১৪ সংখ্যক। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৭৭, গুণকেলী—নবপঞ্চতাল। গান ১৯০৯ (ব্রহ্ম) ২৫৮। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৮০১ তব অমলপরশরস, তব শীতল শান্ত পুণ্যকর ১। ১৬৮

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৭১, আসাবরী—কাওয়ালী। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬৭। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। বৈতালিক। স্বর. ২৬।

৮০২ আজি এ আনন্দসন্ধ্যা সুন্দর বিকাশে ১। ১৩৪

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৭৯, পূরবী—তেওরা। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৫ মাঘ। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৮৭ স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৫।

৮০৩ বাজে বাজে রম্যবীণা বাজে ১। ১৩৫

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৭৯, ইমনকল্যাণ—তেওরা। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৮৭। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৭। শিখ ভজন (পাঞ্জাবী) মূল—"বাদৈ বাদৈ রম্যবীণা বাদৈ"। দ্র. রূপান্তর পৃ. ১৩৫, গ্রন্থপরিচয় পৃ. ২২০।

৮০৪ আজি নাহি নাহি নিদ্রা আঁখিপাতে ১। ১৭২

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৮০, মিশ্রসিন্ধু—কাওয়ালি। স্বরলিপি কাঙালিচরণ সেন : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৫ মাঘ, ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৮৮। কেতকী। স্বর. ১১।

৮০৫ কোথা হতে বাজে প্রেম বেদনা রে ১। ১৭৩

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৮০, সুরট—কাওয়ালি। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৮৮। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৬।

৮০৬ কোন্ শুভখনে উদিবে নয়নে অপরূপ রূপ ইন্দু ১। ৬৭

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩০ শক (১৩১৫) ফাল্গুন ১৮০, বেহাগ—একতালা। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৮৮। স্বরলিপি ব্রহ্মসঙ্গীত (৬ষ্ঠ ভাগ)। স্বর. ২৪।

গানগুলি 'প্রায়শ্চিত্ত' নাটকের অন্তর্ভুক্ত। প্রায়শ্চিত্ত নাটকের প্রকাশকাল ৩১শে বৈশাখ ১৩১৬ সাল। শ্রীরবীন্দ্র-নাথ ঠাকুর প্রণীত। মূল্য আনা মাত্র। Published by Manoranjan Banerjee from the Hitababi Library. Printed by N. B. Das at the Hitabadi Press, 70. Colootala Street, Calcutta [১৯০৯ মে] পৃ. ১১৬। প্রায়শ্চিত্তের বিশেষ একটি সংস্করণ স্বরলিপিসহ প্রকাশিত হয়। কান্তিক প্রেসে মুদ্রিত। পৃ. সংখ্যা ১০৭+৫৭ স্বরলিপিযুক্ত। মোট ২৩টি গানের স্বরলিপি আছে। ২৩টি গানের মধ্যে চারটি গান বউঠাকুরাণীর হাটের (১২৮৯) অন্তর্গত। র-র। প্রায়শ্চিত্ত ৯। ১০২—১৭৭। স্বরবিতান-৯।

× বঁধুয়া অসময়ে কেন হে প্রকাশ

দ্র. গান নং ৯৬।

৮০৭ ওর মানের এ বাঁধ টুটবে নাকি টুটবে না ৩। ৭৯৮

স্থরমার গান। গান ১৯০৯ (বিবিধ) ২০৬। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ বৈশাখ।

× আজ তোমারে দেখতে এলেম

দ্র. গান নং ৯৭।

× মলিন মুখে ফুটুক্ হাসি

দ্র. গান নং ৯৮।

৮০৮ মান অভিমান ভাসিয়ে দিয়ে এগিয়ে নিয়ে আয় ২। ৩১৮

বসন্তরায়ের গান। পিলু—বারোঁয়া। গান ১৯০৯ (বিবিধ) ২১০। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ জ্যৈষ্ঠ।

৮০৯ আরো আরো, প্রভু, আরো আরো ১ । ১০০

রচনা ১৯ চৈত্র ১৩১৫। ধনঞ্জয়ের গান। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ জ্যৈষ্ঠ, দিনেন্দ্রনাথ ঠাকুর : প্রবাসী ১৩১৬ আষাঢ় ১৪৫। গান ১৯০৯ (বিবিধ) ১২৯ 'গান'। মুক্তধারা ১৩২৯ বৈশাখ (র-র-১৪ । ২০৮)। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০ । ১৫৪)।

৮১০ আমরা বসব তোমার সনে ৩ ৭৯৮

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১২৬ 'গান'।

৮১১ আমাকে যে বাঁধবে ধরে, এই হবে যার সাধন ২ । ৫৭১

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১২৬ 'গান' স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ আষাঢ়। মুক্তধারা ১৩২৯ বৈশাখ (র-র-১৫ ১১ গানটির নূতন রূপ পাওয়া যায়। দ্র. গীতবিতান ৩। ৮৯৬ এবং গ্রন্থপরিচয় ১০০৩। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০ । ১৫৭ (। মিশ্র শঙ্করা—কাশ্মিরী খেমটা। দ্র. স্বর. ৯।

৮১২ কে বলেছে তোমায় বঁধু, এত দুঃখ সইতে ২ । ৩১৭

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১৯৬ 'গান'। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ আষাঢ়। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০ । ১৫৭)। মিশ্র—আড়খেম্‌টা। দ্র. স্বর. ৯।

৮১৩ বাঁচান বাঁচি, মারেন মরি ১ । ১৮০

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৫ ৩৯৬, বাউল—খেম্‌টা। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর : প্রবাসী ১৩১৬ জ্যৈষ্ঠ ৮১ ও সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ শ্রাবণ। পাঠান্তর আছে।

× সারা বরষ দেখিনে মা

দ্র. গান নং ৯৯।

৮১৪ হাসিরে কি লুকাবি লাজে ২ । ৪২০

বসন্তরায়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১৮৪ ভৈরবী—কাওয়ালি। স্বরলিপি - সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ আষাঢ়।

৮১৫ মা বলে যেয়ো না চলে মিনতি করি ২ । ৩০৫

রামচন্দ্রের সভায় নটীর গান। পরজ বসন্ত—কাওয়ালি। স্বরলিপি গান ১৯০৯ (বিবিধ) ২১০—১১। স্বরলিপি • সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ শ্রাবণ। 'Do not go, my love, without asking my leave.'—*Gardener*. *Collected Poems. p. 113.*

৮১৬ ওযে মানে না মানা ২ । ৩১৮

রামচন্দ্রের সভায় নটীর গান। ভৈরবী—কাওয়ালি। গান ১৯০৯ (বিবিধ) ২০৯। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ আষাঢ়।

৮১৭ নয়ন মেলে দেখি আমায় বাঁধন বেঁধেছে ২ । ৪২০

রামচন্দ্রের সভায় তৃতীয়া নটীর গান। গান ১৯০৯ (বিবিধ) ২০১ 'গান'। বিভাস—একতালা। দ্র. স্বর. ৯।

৮১৮ আমারে পাড়ায় পাড়ায় খেপিয়ে বেড়ায় ১ । ২১৮

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১১৭ 'গান'। মুক্তধারা ১৩২৯ বৈশাখ (র-র-১৪ । ২১৫)। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০ । ১৬০)। বাউলের সুর—দাদরা। দ্র. স্বর. ৯।

৮১৯ রইল বলে রাখলে কারে ২ । ২৬২

রচনা ১৩ই চৈত্র [১৩১৫] মোহনলাল গঙ্গোপাধ্যায়ের পাণ্ডুলিপি অনুযায়ী। ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১২৭ 'গান'। মুক্তধারা ১৩২৯ বৈশাখ (র-র-১৪ । ২১৬)। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০ । ১৬১)।

৮২০ ওরে, আগুন আমার ভাই ১। ২৪০

ধনঞ্জয়ের (নৃত্যগীত) গান। গান ১৯০৯ (বিবিধ) ১২৪ 'গান'। মুক্তধারা ১৩২৯ বৈশাখ (র-র-১৪। ২২৫)। পরিত্রাণ ১৩১৪ জ্যৈষ্ঠ (র-র-২০। ১৭৭)। বাউলের সুর—দাদরা। দ্র স্বর. ৯। ইংরেজি অনুবাদ: 'O Fire, my brother, I sing victory to you.'—*Fruit gathering.'*

৮২১ ওরে শিকল, তোমায় কোলে ক'রে দিয়েছি ঝঙ্কার ২। ৫৭১

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১২৭ 'গান'। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০। ১৭৯)। পাঠান্তর আছে। মিশ্রঝিঁঝিট—ঢিমা তেতালা। দ্র. স্বর. ৯। *Lovers Gift & Crossing.*

৮২২ ওকে ধরিলে তো ধরা দেবে না ২। ৩৬৭

কতিপয় বালককে লইয়া বসন্তরায়ের গান। ভৈরবী। গান ১৯০৯ (বিবিধ) ১৮৯।

৮২৩ সকল ভয়ের ভয় যে তারে কোন্ বিপদে কাড়বে ১। ১৯২

ধনঞ্জয়ের গান। গান ১৯০৯ (বিবিধ) ১২৮ 'গান'। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০। ১৮৬)। বেহাগ—তেওরা। দ্র. স্বর. ৯।

৮২৪ গ্রামছাড়া ওই রাঙা মাটির পথ ২। ৫৪৯

প্রায়শ্চিত্ত ১৩১৬ বৈশাখ। পঞ্চম অঙ্ক। ৪র্থ দৃশ্য। (র-র-৯। ১৭১) ধনঞ্জয়ের গান। সারিগানের সুর। গান ১৯০৯ (বিবিধ) ১০৪। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর: প্রবাসী ১৩১৬ কার্ত্তিক ৫১২। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০। ১৮৭)। জংলা—কাহারবা। স্বর. ৯।

৮২৫ আমি ফিরব নারে, ফিরব না আর, ফিরব নারে ২। ৫৫৮

প্রায়শ্চিত্ত ১৩১৬ বৈশাখ। ধনঞ্জয়ের গান। (র-র-৮। ১৭৭)। গান ১৯০৯ (বিবিধ) ১৩৪ 'গান'। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ অগ্রহায়ণ। মুক্তধারা ১৩২৯ বৈশাখ (র-র-১৪। ২০৫) পাঠান্তর আছে। পরিত্রাণ ১৩৩৬ জ্যৈষ্ঠ (র-র-২০। ১৯১)। স্বর. ৯।

৮২৬ জগত জুড়ে উদার সুরে আনন্দগান বাজে ১। ৬৭

রচনা আষাঢ় ১৩১৬ [শান্তিনিকেতন]। গীতাঞ্জলি ১৫ সংখ্যক। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর: প্রবাসী ১৩১৬ আশ্বিন ৩৯৪ এবং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: গীতলিপি ১ম ভাগ ১৩১৬ মাঘ ও সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ পৌষ, সঙ্গীত-গীতাঞ্জলি। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭৫ মিশ্র ইমনকল্যাণ—তেওরা। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৮। স্বর. ৩৭।

৮২৭ মেঘের পরে মেঘ জমেছে, আঁধার করে আসে ২। ৪৪১

রচনা ১৩১৬ আষাঢ় [শান্তিনিকেতন]। গীতাঞ্জলি ১৬ সংখ্যক স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর: প্রবাসী ১৩১৬ শ্রাবণ ২৩০ এবং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: গীতলিপি (৩য় ভাগ), ভীমরাও শাস্ত্রী কৃত সঙ্গীত-গীতাঞ্জলি, Twentysix songs: Notation by A. A. Bake. গান ১৯০৯ (বিবিধ) ৮৪ মিশ্রসিন্ধু—একতালা। কেতকী। স্বর. ৩১। *Gitanjali No. 18.*

৮২৮ কোথায় আলো, কোথায় ওরে আলো ১। ৫৯

রচনা ১৩১৬ আষাঢ় [শান্তিনিকেতন]। গীতাঞ্জলি ১৭ সংখ্যক। কুমুদিনী মিত্রকে লেখা পত্রের মধ্যে গানটির উল্লেখ আছে। 'বোলপুর' ২১ আষাঢ় ১৩১৬। সুপ্রভাত পত্রিকা ৩য় বর্ষ ১৩১৬ শ্রাবণ। দুঃখাভিসার নামে প্রকাশিত হয়। দ্র. The Golden Book of Tagore: Aurobinda Ghosh. *Dukhabhisar p. 89.* স্বরলিপি-দিনেন্দ্রনাথ ঠাকুর: প্রবাসী ১৩১৬ আশ্বিন এবং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: গীতলিপি (৬ষ্ঠ ভাগ)। গান ১৯০৯ (বিবিধ) ৮৬। মিশ্রদেশ—ঝাঁপতাল। কেতকী। স্বর. ১১। *Gitanjali no. 27.*

৮২৯ আজি শ্রাবণঘনগহন মোহে ২। ৪৬৩

রচনা ১৩১৬ আষাঢ় [শান্তিনিকেতন]। গীতাঞ্জলি ১৮ সংখ্যক। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর: প্রবাসী ১৩১৬ শ্রাবণ এবং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়: গীতলিপি (৩য় ভাগ)। গান ১৯০৯ (বিবিধ) ৮৫ মিশ্র গৌড়মল্লার—ঝাঁপতাল। কেতকী। স্বর. ১১। *Gitanjali No. 22,*

৮৩০ আষাঢ়সন্ধ্যা ঘনিয়ে এল ২। ৪৪১

রচনা ২৯শে আষাঢ় ১৩১৬। শিলাইদহ। গীতাঞ্জলি ১৯ সংখ্যক। গান ১৯০৯ (বিবিধ) ৮৪, মিশ্রভূপালি—একতালা। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : গীতলিপি (৩য় ভাগ)। সংগীত-গীতাঞ্জলি, ভীমরাও শাস্ত্রী কৃত। কেতকী। স্বর. ১১, ৩৭।

৮৩১ আজি ঝড়ের রাতে তোমার অভিসার ২। ৪৬৩

রচনা ১৩১৬ আষাঢ়। গীতাঞ্জলি ২০ সংখ্যক। গান ১৯০৯ (বিবিধ) ৮৫ সিন্ধু—ঝাঁপতাল। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : গীতলিপি (৩য় ভাগ)। কেতকী স্বর. ১১ *Gitanjali No. 23.*

৮৩২ জানি জানি কোন্ আদিকাল হতে ১। ২১৫

রচনা ১০ই ভাদ্র ১৩১৬ বোলপুর। গীতাঞ্জলি ২১ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৭ কেদারা। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭৫, মিশ্রকেদারা—কাওয়ালি। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : গীতলিপি (১ম ভাগ)। স্বর. ৩৮।

৮৩৩ তুমি কেমন করে গান করো হে গুণী ১। ৬

রচনা ১০ই ভাদ্র ১৩১৬ রাত্রি [বোলপুর]। গীতাঞ্জলি ২২ সংখ্যক। গান ১৯০৯ (বিবিধ) ১৪৯ খাম্বাজ—ঠুংরি। পাঠান্তর আছে। স্বর. ৩৮। এই গানটি সম্বন্ধে অনেকে নানা আজগুবি মত প্রকাশ করিয়াছেন। *Gitanjali No. 3.*

৮৩৪ অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে চলবে না ১। ১৫২

রচনা ১১ই ভাদ্র ১৩১৬ রাত্রি বোলপুর। গীতাঞ্জলি ২৩ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৭ মিশ্রটোড়ী—দাদরা। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। স্বর. ৩৭।

৮৩৫ যদি তোমার দেখা না পাই, প্রভু ১। ৬৪

রচনা ১২ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ২৪ নং গান। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৮ কাফি। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১

শক (১৩১৬) ফাল্গুন ১৭৫ । কাফিসিন্ধু—একতালা । স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ) । স্বর. ৩৮ । *Gitanjali No. 79.*

৮৩৬ হেরি অহরহ তোমারি বিরহ ১ । ৬৫

রচনা ১৩১৬ ভাদ্র রাত্রি [বোলপুর] । গীতাঞ্জলি ২৫ সংখ্যক । গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৭ কানাড়া, স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ), গীত-লেখা (২য় ভাগ), সংগীত গীতাঞ্জলি । বঙ্গদর্শন ১৩১৬ ভাদ্র । স্বর. ৩৭ । *Gitanjali No. 84.*

৮৩৭ আর নাইরে বেলা, নামল ছায়া ২ । ৩০৬

রচনা ১৩ই ভাদ্র ১৩১৬ [বোলপুর] । গীতাঞ্জলি ২৬ সংখ্যক । গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৯ মিশ্রপূরবী । স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ) । স্বর, ৩৮ । *Gitanjali No. 74.*

৮৩৮ আজ বারি ঝরে ঝরঝর ভরা বাদরে ২ । ৪৪১

রচনা ১৪ই ভাদ্র ১৩১৬ [বোলপুর] । গীতাঞ্জলি ২৭ সংখ্যক । মানসী ১ম বর্ষ, ৮ম সংখ্যা ১৩১৬ আশ্বিন ৩৪৩ । গান ১৯০৯ (বিবিধ) ৮৭ হাম্বির । স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ) । কেতকী । স্বর. ১১ ।

৮৩৯ প্রভু, তোমা লাগি আঁখি জাগে ১ । ৬৪

রচনা ১৪ই ভাদ্র ১৩১৬ রাত্রি [বোলপুর] । গীতাঞ্জলি ২৮ সংখ্যক । গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৯ বেহাগ । স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ) । স্বর. ৩৮ । *Lovers Gift & Crossing No. 11.*

৮৪০ ধনে জনে আছি জড়ায়ে হায় ১ । ৫৪

রচনা ১৫ই ভাদ্র ১৩১৬ [বোলপুর] । গীতাঞ্জলি ২৯ সংখ্যক । গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৬ কানাড়া—খাম্বাজ । স্বরলিপি-গীতলিপি (৬ষ্ঠ ভাগ) । সংগীত-গীতাঞ্জলি । স্বর. ৩৭ ।

৮৪১ এই-যে তোমার প্রেম ওগো হৃদয়হরণ ১ । ২০৭

রচনা ১৬ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩০ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৯৬ বিভাস। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭২ মিশ্রবিভাস—ঠুংরী। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। স্বর. ৩৮। *Gitanjali No. 59.*

৮৪২ আমি হেথায় থাকি শুধু গাইতে তোমার গান ১ । ১৪

রচনা ১৬ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩১ সংখ্যক। গান ১৯০৯ / ৪০৯ পরজ—তেওরা। স্বরলিপি-গীতলিপি (৬ষ্ঠ ভাগ)। স্বর. ৩৮। *Gitanjali No. 15.*

৮৪৩ দাও হে আমার ভয় ভেঙ্গে দাও ১ । ১৫৮

রচনা ১৬ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩২ সংখ্যক। গান ১৯০৯ / ৪০৯ ঝিঁঝিট—ঠুংরি। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৮।

৮৪৪ আবার এরা ঘিরেছে মোর মন ১ । ৭৬

রচনা ১৬ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩৩ সংখ্যক। গান ১৯০৯ / ৪১০ আসাবরি—ঝম্পক। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭২ টোড়ি—ঝম্পক। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৭।

৮৪৫ আমার মিলন লাগি তুমি আসছ কবে থেকে ১ । ৫৯

রচনা ১৬ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩৪ সংখ্যক। গান ১৯০৯। বাগেশ্রী—ধামার। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭৫। বাহার বাগেশ্রী—তেওরা। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ), সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ ফাল্গুন, সংগীত-গীতাঞ্জলি। স্বর. ৩৭। *Gitanjali No. 46.*

৮৪৬ এস হে এস সজল ঘন, বাদল বরিষণে ২ । ৪৬৪

রচনা ১৭ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩৫ সংখ্যক। মানসী ১ম বর্ষ ৯ম সংখ্যা, ১৩১৬ কার্ত্তিক ৩৯৪ 'আবাহন' নামে প্রকাশিত। গান ১৯০৯ / ৪০৯ মল্লার—ঝাঁপতাল। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। কেতকী। স্বর. ১১। *Lovers Gift & Grossing no. 28.*

৮৪৭ পারবি না কি যোগ দিতে এই ছন্দেরে ১ । ১৩২

রচনা ১৮ই ভাদ্র ১৩১৬। বোলপুর। গীতাঞ্জলি ৩৬ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৪ বাহার—তেওরা। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৮। *Gitanjali No. 70.*

৮৪৮ নিশার স্বপন ছুটল রে ১ । ১১৬

রচনা ১৮ই ভাদ্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৩৭ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৩ ভৈরবী—ঠুংরি। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭২ টোড়ী ভৈরবী—দাদরা। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ), বৈতালিক। স্বর. ৩৮। *Lovers Gift & Crossing No. 44.*

৮৪৯ শরতে আজ কোন্ অতিথি এল প্রাণের দ্বারে ২ । ৪৮৫

রচনা ১৮ই ভাদ্র ১৩১৬। শান্তিনিকেতক। গীতাঞ্জলি ৩৮ সংখ্যক। গান ১৯০৯ / ৪০৭। কীর্ত্তনের সুর। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ (১৩১৬) ফাল্গুন ১৭২। জংলা—তেওরা। পাঠান্তর আছে। শারদোৎসব নাটিকা অভিনয়কালে (১৩২৯ ভাদ্র) গানটি সংযোজিত হয়। শেফালি। স্বর. ৫০। *Lovers Gift & Crossing No. 46.*

৮৫০ হেথা যে গান গাইতে আসা ১ । ১৪

রচনা ২৭শে ভাদ্র ১৩১৬ কলিকাতা। গীতাঞ্জলি ৩৯ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬২ বেহাগ—ঠুংরি। মানসী ২য় বর্ষ ১ম সংখ্যা ১৩১৬ ফাল্গুন। বেহাগ—কাওয়ালি। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৮। *Gitanjali No. 13.*

৮৫১ যা হারিয়ে যায় তা আগলে বসে রইব কত আর ১। ১৪০

রচনা ১লা আশ্বিন ১৩১৬ কলিকাতা। গীতাঞ্জলি ৪০ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬৫ ঝিঁঝিট—কাওয়ালি। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭৬, মিশ্রসিন্ধু—একতালা। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ)। স্বর. ৩৮।

৮৫২ এই মলিন বস্ত্র ছাড়তে হবে ১। ৮০

রচনা ১৯শে আশ্বিন ১৩১৬ [শান্তিনিকেতন]। গীতাঞ্জলি ৪১ সংখ্যক। গান ১৯০৯ (নতুন গান) ৪০৮ মূলতান—একতালা। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৭।

৮৫৩ গায়ে আমার পুলক লাগে, চোখে ঘনায় ঘোর ১। ১৩৪

রচনা ২৫শে আশ্বিন ১৩১৬ শিলাইদহ। গীতাঞ্জলি ৪২ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬৫ ঝিঁঝিট—কাওয়ালি। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ)। স্বর. ৩৮।

৮৫৪ প্রভু, আজি তোমার দক্ষিণ হাত রেখো না ঢাকি ১। ১৫১

রচনা ২৭শে আশ্বিন ১৩১৬। শিলাইদহ। গীতাঞ্জলি ৪৩ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬৬। হাম্বির—একতালা। বঙ্গদর্শন ১৩১৬ কার্ত্তিক। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ), সংগীত-গীতাঞ্জলি। ১৩১৭ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩২ শক চৈত্র ২০১, কীর্ত্তনের সুর—ঠুংরী। স্বর. ৩৭।

৮৫৫ জগতে আনন্দযজ্ঞে আমার নিমন্ত্রণ ১। ১৩৩

রচনা ৩০শে আশ্বিন ১৩১৬। শিলাইদহ। গীতাঞ্জলি ৪৪ সংখ্যক। গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬৩ কেদারা—ঝাঁপতাল। ১৩১৭ সালের মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৬) চৈত্র ১৯৪ সরফর্দা—একতালা। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ), সংগীত-গীতাঞ্জলি। স্বর. ৩৭। *Gitanjali No. 16.*

৮৫৬ আলোয় আলোকময় করে হে এলে ১। ১৩৪

রচনা ২০শে অগ্রহায়ণ ১৩১৬ বোলপুর। গীতাঞ্জলি ৪৫ সংখ্যক। গান ১৯০৯ / ৪১০ ভৈরোঁ—তেওরা। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ), বৈতালিক। স্বর. ৩৮।

৮৫৭ ওই আসনতলের মাটির পরে লুটিয়ে রব ১। ১৯৪

রচনা ১০ই পৌষ ১৩১৬ শান্তিনিকেতন। গীতাঞ্জলি ৪৬ সংখ্যক। গান ১৯০৯ / ৪১০। কীর্ত্তন। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭৭। কীর্ত্তনের সুর—ঠুংরি। বঙ্গদর্শন ১৩১৬ অগ্রহায়ণ। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ), সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ চৈত্র, সংগীত-গীতাঞ্জলি। স্বর- ৩৭। *Poems No. 47.* এবং *Anthology Vol. I.*

৮৫৮ রূপসাগরে ডুব দিয়েছি ১। ২৩৮

রচনা ১২ই পৌষ ১৩১৬। শান্তিনিকেতন। গীতাঞ্জলি ৪৭ সংখ্যক। গান ১৯০৯ / ৪১২ বাউলের সুর। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক (১৩১৬) ফাল্গুন ১৭৬, খাম্বাজ—ঠুংরি। স্বরলিপি-গীতলিপি। স্বর. ৩৮। *Gitanjali no. 100.*

‘গান’ ১৯০৯ সালে ইণ্ডিয়ান পাবলিশিং হাউস এলাহাবাদ হইতে প্রকাশিত। নিম্নলিখিত ৮৫৯—৮৬৮ সংখ্যক গানগুলির কোনো সঠিক তারিখ না পাওয়ায় আমরা ১৯০৯ সালের শেষে দিলাম, যেহেতু গানগুলি উক্ত গ্রন্থের অন্তর্ভুক্ত।

৮৫৯ জাগ' জাগ' রে জাগ' সংগীত ১। ১৪

গান ১৯০৯ / (ব্রহ্ম) ৩৬৪ দেশ—ঝাঁপতাল। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৬, দেশ—তেওরা। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ)। স্বর. ৩৬।

৮৬০ নয়ান ভাসিল জলে ১। ১৬৬

গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৬৭, শ্যাম—কাওয়ালি। মাঘোৎসবে গীত। তত্ত্বোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৫, শ্যাম—একতালা। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ)। কেতকী। স্বর. ১১।

৮৬১ পুষ্প ফুটে কোন্ কুঞ্জবনে ২। ৫৩৫

গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৩, মিশ্রসিন্ধু—ঝাঁপতাল। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ), সংগীতপ্রকাশিকা ১৩১৬ চৈত্র। রাজা ১৩১৭ পৌষ। পাঠান্তর আছে (র-র-১০। ২৩০)। স্বর. ৩৬।

৮৬২ হৃদয়ে তোমার দয়া যেন পাই ১। ৫৫

গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৪ পরজবসন্ত—কাওয়ালি। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর: প্রবাসী ১৩১৬ ভাদ্র ৩২৩ ও গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৬।

৮৬৩ দাঁড়াও মন, অনন্ত ব্রহ্মাণ্ড-মাঝে ১। ১১৩

গান ১৯০৮ / ৪০৮ ভীমপলশ্রী—চৌতাল। মাঘোৎসবে গীত। তত্ত্বোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৪, ভীমপলশ্রী—সুরফাঁক্তা। স্বরলিপি গীতলিপি. (১ম ভাগ), সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ ফাল্গুন। স্বর. ৩৬।

৮৬৪ মহারাজ, একি সাজে এলে হৃদয়পুরমাঝে ১। ২০৬

গান ১৯০৯ / ৪১১ বেহাগ—ঝাঁপতাল। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৬ বেহাগ—ঝাঁপতাল। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ), সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ ফাল্গুন। স্বর. ৩৬।

৮৬৫ যদি ঝড়ের মেঘের মতো আমি ধাই ১। ১৬১

গান ১৯০৯ / ৪১১ মিশ্র। স্বরলিপি নাই।

৮৬৬ অমৃত সাগরে আমি যাব যাবরে ১। ১৭৩

গান ১৯০৯ / ৪১১ কামোদ—ধামার। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৬।

৮৬৭ জয় তব বিচিত্র আনন্দ, হে কবি ১ । ১৫৬

গান ১৯০৯ / ৪১২ বৃন্দাবনী সারঙ্গ—তেওরা। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৮২, বৃন্দাবনী সারঙ্গ—তেওরা। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ), বৈতালিক ১৩২৫ চৈত্র। স্বর. ৩৬।

৮৬৮ কার মিলন চাও বিরহী ১ । ১৭৩

গান ১৯০৯ (ব্রহ্ম) ৩৭৭, শ্রী—তেওরা। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৪, শ্রীরাগ—তেওরা। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ পৌষ, গীতলিপি (১ম ভাগ)। স্বর. ৩৬।

---

৮৬৯ নিভৃত প্রাণের দেবতা যেখানে জাগেন একা ১ । ১২৬

রচনা ১১ই পৌষ ১৩১৬ শান্তিনিকেতন। গীতাঞ্জলি ৫০ সংখ্যক। ৬ই মাঘ বুধবার বৈকাল ১৩১৬ মহর্ষিদেবের শ্রাদ্ধোৎসব উপলক্ষ্যে গানটি কলিকাতায় মহর্ষিভবনে গীত হয়। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৮, পূরবী—একতালা। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ)। স্বর. ৩৮।

৮৭০ কোন্ আলোতে প্রাণের প্রদীপ জ্বালিয়ে তুমি ১ । ২১৯

রচনা ১১ই পৌষ ১৩১৬ [শান্তিনিকেতন]। গীতাঞ্জলি ৫১ সংখ্যক। মহর্ষিদেবের শ্রাদ্ধোৎসব উপলক্ষ্যে ৬ই মাঘ ১৩১৬ বুধবার বৈকালে কলিকাতায় মহর্ষিভবনে গানটি গীত হয়। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৮, বাউলের সুর—কাহারবা। স্বরলিপি-গীতলিপি (২য় ভাগ)। স্বর. ৩৮। ইংরেজি অনুবাদক : ক্ষিতীশ রায় 'In what sacred flame.'—*Anthology Vol. I.*

৮৭১ তুমি আমাদের পিতা ১ । ১৬২

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৬১, সুরের উল্লেখ নাই। স্বরলিপি-গীতলিপি (১ম ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪। পৃ. ১৩৩ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬। মিশ্র—একতাল।

৮৭২ জাগে নাথ জোছনারা ১। ২১১

মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩১ শক ফাল্গুন ১৭৬, বেহাগ—ধামার। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৬ ফাল্গুন ও গীতলিপি (১ম ভাগ)। পৃ. ১৩২ সুরের উল্লেখ নাই। স্বর: ৩৬। বেহাগ—ধামার।

৮৭৩ আজি এই গন্ধবিধুর সমীরণে ২। ৫২৭

রচনা ১৩১৬ ফাল্গুন বোলপুর। গীতাঞ্জলি ৫৪ সংখ্যক। গান ১৯১৪ / ৮৩। সুরের উল্লেখ নাই। স্বরলিপি সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। স্বর. ৩৮। পরজবসন্ত—ত্রিতাল।

৮৭৪ আজি বসন্ত জাগ্রত দ্বারে ২। ৫০১

রচনা ২৬শে চৈত্র ১৩১৬ বোলপুর। গীতাঞ্জলি ৫৫ সংখ্যক। গান ১৯১৪ / ৮৪। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর : গীতলেখা (২য় ভাগ)। স্বর. ৩৮। মিশ্রবাহার—ত্রিতাল। ইংরেজি অনুবাদক : ক্ষিতীশ রায় 'Spring stands at your door to-day.'—*Anthology. Vol. I.*

৮৭৫ তব সিংহাসনের আসন হতে এলে তুমি নেমে ১। ১২৪

রচনা ২৭শে চৈত্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৫৬ সংখ্যক। স্বরলিপি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৭ চৈত্র, গীতলিপি (৫ম ভাগ), সংগীত-গীতাঞ্জলি। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২০ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭। *Gitanjali No. 49.*

৮৭৬ তুমি এবার আমায় লহো হে নাথ, লহো ১। ৫৫

রচনা ২৮শে চৈত্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৫৭ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২৩। সুরের উল্লেখ নাই। স্বর. ৩৮। বাউলের সুর—দাদরা। *Lovers Glft & Crosslng No. 4.*

৮৭৭ জীবন যখন শুকায়ে যায় করুণাধারায় এসো ১ । ৪৪

রচনা ২৮শে চৈত্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৫৮ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ)। গীতবিতান ১৩৩৮ আশ্বিন-এ প্রথম গীত গ্রন্থভুক্ত। পৃ. ৩৪২। স্বর. ৩৮। জয়জয়ন্তী—একতাল। *Gitanjali no. 39.*

৮৭৮ এবার নীরব করে দাও হে তোমার মুখর কবিরে ১ । ১১০

রচনা ৩০শে চৈত্র ১৩১৬ [বোলপুর]। গীতাঞ্জলি ৫৯ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। সংগীত-গীতাঞ্জলি। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৩ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭, কানাড়া—ত্রিতাল (বিলম্বিত)। *Sheaves No. 67.*

বয়স ৪৯ । ১৩১৭ । ১৯১০

৮৭৯ বিশ্ব যখন নিদ্রামগন, গগন অন্ধকার ১ । ৬৩

রচনা ৪ঠা বৈশাখ ১৩১৭ [বোলপুর]। গীতাঞ্জলি ৬০ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২৭, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৮ বেহাগ—একতালা। *Gitanjali no. 66.*

৮৮০ সে যে পাশে এসে বসেছিল, তবু জাগিনি ২ । ৩৭৮

রচনা ১২ই বৈশাখ ১৩১৭ বোলপুর। গীতাঞ্জলি ৬১ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৩১, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৮। খাম্বাজ—তেওরা। *Gitanjali no. 26.*

৮৮১ তোরা শুনিস নি কি শুনিসনি তার পায়ের ধ্বনি ১ । ৬০

রচনা ৩রা জ্যৈষ্ঠ ১৩১৭ কলিকাতা। গীতাঞ্জলি ৬২ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২২ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৮ সিন্ধু বারোঁয়া—যৎ। *Gitanjali no. 45.*

৮৮২ কবে আমি বাহির হলেম তোমারি গান গেয়ে ১ । ১৮

রচনা ৯ই জ্যৈষ্ঠ ১৩১৭ তিনধরিয়া। গীতাঞ্জলি ৬৫ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ), গীতপঞ্চাশিকা (১৩২৫ আশ্বিন) সংগীত গীতাঞ্জলি (১৯২৭)। স্বর. ৩৭, ইমনকল্যাণ—তেওরা।

৮৮৩ আমার খেলা যখন ছিল তোমার সনে ১। ৩২

রচনা ১৭ই জ্যৈষ্ঠ ১৩১৭ [তিনধরিয়া]। গীতাঞ্জলি ৬৮ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৩য় ভাগ), সংগীত-গীতাঞ্জলি (১৯১২)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৬২ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭। মিশ্রমল্লার—দাদরা। *Gitanjali no. 27.*

৮৮৪ ওই রে তরী দিল খুলে ১। ১৮৮, ৩। ৯৪০

রচনা ১৮ই জ্যৈষ্ঠ ১৩১৭ তিনধরিয়া। গীতাঞ্জলি ৬৯ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ), সংগীত-গীতাঞ্জলি (১৯১২)। পরিশোধ। প্রবাসী ১৩৪৩ কার্তিক। শ্যামার কণ্ঠে গান। দ্রষ্টব্য গীতবিতান গ্রন্থপরিচয় ১০০৯ (র-র-২৫। ২১৪)। স্বর. ৩৭। ভৈরবী—রূপকড়া।

৮৮৫ চিত্ত আমার হারালো আজ মেঘের মাঝখানে ২। ৪৬৫

রচনা ১৮ই জ্যৈষ্ঠ ১৩১৭ তিনধরিয়া। গীতাঞ্জলি ৭০ সংখ্যক। স্বরলিপি-দিনেন্দ্রনাথ ঠাকুর : প্রবাসী ১৩৩৬ কার্তিক ৯৫। গীতবিতান ১৩৩৮ সং ১, খণ্ড ২, পৃ. ৩৩৯ প্রথম গীতগ্রন্থ-ভুক্ত। স্বর. ১৩। কোথাও সুরের উল্লেখ নাই।

৮৮৬ যতবার আলো জ্বালাতে চাই ১। ৭৫

রচনা ২১শে জ্যৈষ্ঠ ১৩১৭ তিনধরিয়া। গীতাঞ্জলি ৭২ সংখ্যক। মাঘোৎসবে গীত। তত্ত্ববোধিনী ১৮৩২ শক চৈত্র ২০৩, কামোদ—একতালা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ)। স্বর. ৩৮।

৮৮৭ বাজে তোমার বাজে বাঁশি, সে কি সহজ গান ১। ৯৮

রচনা ২১শে জ্যৈষ্ঠ ১৩১৭ তিনধরিয়া। গীতাঞ্জলি ৭৪ সংখ্যক। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর : বিচিত্রা ১৩৩৬ অগ্রহায়ণ ৯০৬। গীতবিতান ১৩৩৮ সং ১, খণ্ড ২, পৃ. ৩৫৩ প্রথম গীতগ্রন্থ-ভুক্ত। স্বর. ১৩। কোথাও সুরের উল্লেখ নাই।

৮৮৮ দয়া দিয়ে হবে গো মোর জীবন ধুতে ১। ১৯৩

রচনা ২৪শে জ্যৈষ্ঠ ১৩১৭ কলিকাতা। গীতাঞ্জলি ৭৪ সংখ্যক। মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক চৈত্র ১৯৪, ভৈরবী—একতালা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ), সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২৩। সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭।

৮৮৯ ধায় যেন মোর সকল ভালবাসা ১। ৪৩

রচনা ২৮শে জ্যৈষ্ঠ ১৩১৭ কলিকাতা। গীতাঞ্জলি ৭৯ সংখ্যক। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২৫। সুরের উল্লেখ নাই। স্বরলিপি-গীতলিপি (৬ষ্ঠ ভাগ), সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। ১৩২৭ সালের মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৪২ শক ফাল্গুন ২৯৭, রাগিণী—ঝিঁঝিট—তাল ঝাঁপতাল। স্বর. ৩৭।

৮৯০ আমারে যদি জাগালে আজি নাথ ২। ৪৬৪

রচনা ৩রা আষাঢ় ১৩১৭, দ্র. গীতাঞ্জলি ৮৬ সংখ্যক। স্বরলিপি-গীতিলিপি (৫ম ভাগ), কেতকী (১৩২৬ শ্রাবণ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১০। সুরের উল্লেখ নাই। স্বর. ১১।

৮৯১ আরো আঘাত সইবে আমার ১। ৯৮

রচনা ৪ঠা আষাঢ় ১৩১৭, দ্র. গীতাঞ্জলি ৯০ সংখ্যক। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১১। সুরের উল্লেখ নাই। স্বরলিপি-গীতলিপি (৬ষ্ঠ ভাগ), সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। স্বর. ৩৭।

৮৯২ এই করেছ ভালো, নিঠুর হে ১। ৯৮

রচনা ৪ঠা আষাঢ় ১৩১৭, দ্র. গীতাঞ্জলি ৯১ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৪। সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭। *Lovers Gift & Crossing No. 6.*

৮৯৩ দেবতা জেনে দূরে রই দাঁড়ায়ে ১। ৭২

রচনা ৫ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ৯২ সংখ্যক। মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ৭২, সিন্ধুখাম্বাজ—একতালা। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ)। সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২৪। সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭। *Gitanjali No. 77.*

৮৯৪ বিশ্বসাথে যোগে যেথায় বিহারো ১। ১৫১

রচনা ৭ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ৯৪ সংখ্যক। মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র, ১৯৪, ভৈরবী—কাহারবা। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ), বৈতালিক (১৩২৫ চৈত্র), সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৫২। সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭।

৮৯৫ যেথায় তোমার লুট হতেছে ভুবনে ১। ১৫১

রচনা ৮ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ৯৬ সংখ্যক। মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ২০৪, বাউলের সুর—দাদরা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ), সংগীত-গীতাঞ্জলি (১৯২৭)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২৯। স্বর. ৩৭।

৮৯৬ আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে ২। ৪৬৪

রচনা ১০ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ৯৯ সংখ্যক। স্বরলিপি কেতকী (১৩২৬ শ্রাবণ)। সুরের উল্লেখ নাই। গীতবিতান ১৩৩৮ আশ্বিন, সংস্করণ, ১-এ প্রথম খণ্ডে গীতরূপে ভুক্ত। স্বর. ১১। *Poems no. 48. no. 42 (1st.ed.)*

৮৯৭ আজ বরষার রূপ হেরি মানবের মাঝে ২। ৪৭০

রচনা ১১ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ১০০ সংখ্যক। গীতবিতান ১৩৪৮ মাঘ, সংস্করণ ২, পৃ. ২০১ প্রথম গীতরূপ পাওয়া যায়। স্বরলিপি নাই।

৮৯৮ হে মোর দেবতা, ভরিয়া এ দেহ প্রাণ ১ । ৪০

রচনা ১৩ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ১০১ সংখ্যক। মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ২০৩, ইমন-কল্যাণ—একতালা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ) সংগীত-গীতাঞ্জলি। Foxstrangways—The music of Hindustan. p. 166. স্বর. ৩৭। *No. 65.*

৮৯৯ হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগোরে ধীরে ১ । ২৫১

রচনা ১৮ই আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ১০৬ সংখ্যক। প্রবাসী ১৩১৭ শ্রাবণ 'মাতৃ-অভিষেক' পৃ. ৪০৭, 'অপমান' নামক কবিতা। সাহিত্য ১৩১৭ ভাদ্র পৃ. ৩৪৪, সমালোচনা দ্রষ্টব্য। মূল কবিতার প্রথম, দ্বিতীয় ও শেষ স্তবক গানে ভুক্ত। স্বরলিপি-ভারততীর্থ ও সংগীত-গীতাঞ্জলি। স্বর. ৪৭।

ইংরেজিতে অনুবাদ: (1) 'On the shore of vast Humanity' —tr. by Indira Devi in (a) Hindustan standard Puja annual 1944, (b) V. B. Q. Jan. 1929. (2) A hymn to India.—tr. by K. Kripalani In (a) Indian Literature (Sahitya Akademi). April —Sept. 1958. (b) Anthology vol. I, 'Awake my mind gently awake.' (3) On the shore of Bhart—tr. by Aurobindo Bose—Flight of swans. p. 80.

৯০০ যেথায় থাকে সবার অধম দীনের হতে দীন ১ । ১৯৩

রচনা ১৯শে আষাঢ় ১৩১৭ [বোলপুর] দ্র. গীতাঞ্জলি ১০৭ সংখ্যক। প্রবাসী ১৩১৭ ভাদ্র ৪০৯, 'প্রণতি' নামক কবিতা। স্বরলিপি-সংগীত-গীতাঞ্জলি, ভৈরবী—দাদরা। স্বর. ৩৮। *Gitanjali No. 10.*

৯০১ নদীপারের এই আষাঢ়ের প্রভাতখানি ১ । ১১৩

রচনা ২৫শে আষাঢ় ১৩১৭ শিলাইদহ দ্র. গীতাঞ্জলি ১১৩ সংখ্যক। স্বরলিপি-কেতকী, সুরের উল্লেখ নাই। স্বর. ১১।

৯০২ যাত্রী আমি ওরে ৩ । ৮৫৩

রচনা ২৬শে আষাঢ় ১৩১৭ । গোরাইনদী। গীতাঞ্জলি ১১৭ সংখ্যক। স্বরলিপি-কাব্যগীতি, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৩।

৯০৩ উড়িয়ে ধ্বজা অভ্রভেদী রথে ১ । ৮৩

রচনা ২৬শে আষাঢ় ১৩১৭ গোরাই। গীতাঞ্জলি ১১৮ সংখ্যক। কলিকাতায় মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ১৯৫, টোড়ি ভৈরবী—কাহারবা। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১২, সুরের উল্লেখ নাই। স্বরলিপি-গীতলিপি (৬ষ্ঠ ভাগ), সংগীত-গীতাঞ্জলি। স্বর. ৩৭।

৯০৪ সীমার মাঝে, অসীম, তুমি বাজাও আপন সুর ১ । ৩২

রচনা ২৭শে আষাঢ় ১৩১৭। গোরাই। জানিপুর। গীতাঞ্জলি ১২০ সংখ্যক। বঙ্গদর্শন ১৩১৭ মাঘ। কলিকাতায় মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮১২ শক (১৩১৭) চৈত্র ২০৩, ছায়ানট—একতালা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ), সংগীত-গীতাঞ্জলি। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৩০, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭। দ্র. *Sheaves p. 88.*

৯০৫ তাই তোমার আনন্দ আমার 'পর ১ । ১২৩

রচনা ২৮শে আষাঢ় ১৩১৭। জানিপুর। গোরাই। গীতাঞ্জলি ১২১ সংখ্যক। কলিকাতায় মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ২০৪, মিশ্র জয়জয়ন্তী—দাদরা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ), সংগীত-গীতাঞ্জলি। *Gitanjali No. 65.* ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ২১, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৭।

৯০৬ ওরে মাঝি, ওরে আমার মানবজন্মতরীর মাঝি ১ । ৫৭৫

রচনা ১৮ই শ্রাবণ ১৩১৭ [বোলপুর]। গীতাঞ্জলি ১৪০ সংখ্যক। স্বরলিপি শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের পাণ্ডুলিপি হইতে সংকলিত। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৬, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৮ শ্রীরাগ। একতাল।

৯০৭ জড়ায়ে আছে বাধা, ছাড়ায়ে যেতে চাই ১। ৮২

রচনা ২২শে শ্রাবণ ১৩১৭ [বোলপুর]। গীতাঞ্জলি ১৪৫ সংখ্যক। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ মিশ্রসাহানা—তেওরা), সংগীত-গীতাঞ্জলি। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৮, সুরের উল্লেখ নাই। *Gitanjali no. 28.* স্বর. ৬৭।

৯০৮ জীবনে যত পূজা হলনা সারা ১। ১২৪

রচনা ২৩শে শ্রাবণ ১৩১৭ [বোলপুর]। গীতাঞ্জলি ১৪৭ সংখ্যক। কলিকাতায় মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ১৯৫, ভৈরবী—তেওরা। স্বরলিপি-গীতলিপি (৪ ভাগ), বৈতালিক, The music of Hindustan. ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৯, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৮।

৯০৯ একটি নমস্কারে, প্রভু, একটি নমস্কারে ১। ২০০

রচনা ২৩শে শ্রাবণ ১৩১৭ [বোলপুর]। গীতাঞ্জলি ১৪৮ সংখ্যক। ১৩১৮ মাঘোৎসবের প্রাতঃকালীন ভাষণের শেষে গানটী আছে। পঙক্তি গুলির কিছু রদবদল আছে। আরম্ভ—"সমস্ত দেহ লুটিয়ে পড়ুক ..." ইত্যাদি। পিতার বোধ। দ্র. শান্তিনিকেতন। (র-র-১৬। ৪২১) স্বরলিপি Twentysix songs. Notation by A. A. Bake. *Gitanjali No. 103.*

৯১০ জাগো নির্মল নেত্রে রাত্রির পরপারে ১। ১১৮

রচনা ৪ঠা আশ্বিন [১৩১৭ বোলপুর]। দ্র. গীতালি সংযোজন অংশ (র-র-১১। ২৯৭) স্বরলিপি-গীতলিপি (৪ ভাগ)। হাম্বীর—একতালা। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১০৮ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬।

৯১১ প্রভু আমার, প্রিয় আমার, পরম ধন হে ১। ৩৪

রচনা ৫ই আশ্বিন [১৩১৭ বোলপুর]। দ্র. গীতালি সংযোজন অংশ (র-র-১১। ২৯৮)। মাঘোৎসবে গীত, তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ২০৩, কেদারা—একতালা। স্বরলিপি-গীতলিপি (৪র্থ ভাগ)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৬২, সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬।

৯১২ রাত্রি এসে যেথায় মেশে দিনের পারাবারে ১ । ৩১

রচনা ১৫ই আশ্বিন [১৩১৭] নিশীথে । শান্তিনিকেতন । দ্র. গীতিমাল্য, (র-র-১১ । ১২৭) । মানসী ১৩১৭ ফাল্গুন 'আলো আঁধার' শিরোনামে, পৃ. ১ । স্বরলিপি-গীতলিপি (৬ষ্ঠ ভাগ), মিশ্রললিত—একতালা । গীতলেখা (১ ভাগ) । স্বর. ৩৯ ।

৯১৩ আজি নির্ভয়নিদ্রিত ভুবনে জাগে, কে জাগে ১ । ১১৬

রচনা অগ্রহায়ণ '১৩১৭ শিলাইদহ । দ্র. গীতালি সংযোজন, (র-র-১১ । ২৯৯) । তত্ত্ববোধিনী ১৮৩৪ শক (১৩১৯) পৌষ ২২৭, বেহাগ—কাওয়ালি । শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়-কৃত স্বরলিপিসহ প্রকাশিত । ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৯৯, সুরের উল্লেখ নাই । স্বর. ৩৭

৯১৪ যদি আমায় তুমি বাঁচাও ১ । ৩৮

রচনা ?` ১৩১৭ । দ্র. গীতালি সংযোজন, (র-র-১১ । ৩০০) । মাঘোৎসবে গীত । তত্ত্ববোধিনী ১৮৩২ শক (১৩১৭) চৈত্র ১৯৫, মিশ্র-রামকেলী—দাদরা । স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ) । ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৯৭ সুরের উল্লেখ নাই । স্বর. ৩৬ ।

'রাজা' নাটকের গানগুলি নিম্নে প্রদত্ত হইল । ১৩১৭ সালের পৌষ সংখ্যা 'ভারতী'র বিজ্ঞাপনে প্রকাশ, 'রাজা' ৭ই পৌষের মধ্যে প্রকাশিত হইবে' । ১৩১৭ সালের মাঘ সংখ্যা 'প্রবাসী'তে সমালোচনা প্রকাশিত হয় । 'রাজা'র ১৫টি গান নতুন—সবগুলিই শিলাইদহে রচিত বলিয়া আমাদের অনুমান ।

৯১৫ খোলো খোলো দ্বার, রাখিয়ো না আর ২ । ৩১৬

রাজা ১৩১৭ পৌষ, (র-র-১০ । ১৯৬) । গান ১৯১৪ / ৬৮ সুরের উল্লেখ নাই । স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর : সঙ্গীত-বিজ্ঞান-প্রবেশিকা ১৩৪০ অগ্রহায়ণ । অরূপরতন (১৩৪২ সং) 'সুরঙ্গমার গান' (র-র-১৩ । ১৭১) । পাঠান্তর আছে । স্বর. ৪২ ।

৯১৬ এ যে মোর আবরণ ১ । ৭৪

রচনা ১৩১৭ পৌষ 'সুরঙ্গমার গান' (র-র-১০ । ১৯৭)। গীতবিতান ১৩৩৮। ৬ সং ১, খণ্ড ২, পৃ- ৩৬৫। স্বরলিপি নাই।

৯১৭ কোথা বাইরে দূরে যায় রে উড়ে ২ । ৪০১

রাজা ১৩১৭ পৌষ 'সুরঙ্গমার গান' (র-র-১০ । ২০১)। গান ১৯১৪ / ৬৯, সুরের উল্লেখ নাই। অরূপরতনের ১৩২৬ ও ১৩৪২ উভয় সংস্করণেই গানটি আছে। শাপমোচন ১৩৩৮ পৌষ ১৫, পুস্তিকায় ৮ সংখ্যক, চৈত্র ১৩৩৯ সংস্করণে ১৭ সংখ্যক। স্বরলিপি অনাদি দস্তিদার : বিশ্বভারতী পত্রিকা ১৩৫৭ মাঘ—চৈত্র। স্বর. ৪২।

৯১৮ আজি দখিন-দুয়ার খোলা ২ । ৫০৭

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুরদার গান' (র-র-১০ । ২০৩) গান ১৯১৪ / ৬৭, সুরের উল্লেখ নাই। অরূপরতনের উভয় সংস্করণেই গানটি আছে। স্বরলিপি-সঙ্গীত-বিজ্ঞান ১৩১৪ পৌষ। শাপমোচন ১৩৩৯ চৈত্র, ২১ সংখ্যক। স্বর. ৪২।

৯১৯ যেখানে রূপের প্রভা নয়ন-লোভা ৩ । ৭৯৯

রাজা ১৩১৭ পৌষ 'তৃতীয় নাগরিকের গান' (র-র-১০ । ২০৫)। গীতবিতান ১৩৩৮ আশ্বিন, সং ১, খণ্ড ২, পৃ. ৩৬৭। দ্বিতীয় সংস্করণে বর্জিত। স্বরলিপি নাই

৯২০ আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে ২ । ২৪৭

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুদার গান' (র-র-১০ । ২০৬)। অরূপরতনের উভয় সংস্করণেই গানটি আছে। স্বরলিপি অনাদি দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯২১ আমার প্রাণের মানুষ আছে প্রাণে ২ । ২১৬

রাজা ১৩১৭ পৌষ 'বাউলের দলের গান' (র-র-১০ । ২০৯)। অরূপরতনের উভয় সংস্করণেই আছে। স্বরলিপি অনাদি দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯২২ তোরা যে যা বলিস ভাই ২ । ৩৪৩

রাজা ১৩১৭ পৌষ 'পাগলের গান' (র-র-১০ ২১৩)। গানের সুর শ্রীজীবময় রায়ের সৌজন্যে প্রাপ্ত, স্বরলিপি শ্রীপ্রফুল্লকুমার দাস-কৃত। স্বর. ৫৬।

৯২৩ আজি কমলমুকুলদল খুলিল, দুলিল রে দুলিল ২ । ৫৩৫

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুরদার গান' (র-র-১০। ২১৩)। স্বরলিপি-গীতলিপি (৫ম ভাগ), মিশ্রবাহার—ত্রিতাল। গান ১৯১৪ / ৬৯ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬।

৯২৪ মোদের কিছু নাই রে নাই ২ । ৫৯৭

রাজা ১৩১৭ পৌষ 'সকলের গান' (র-র-১০। ২১৮)। অরূপরতন ১৩২৬ মাঘ 'গান' পৃ. ২১। স্বরলিপি অনাদি দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯২৫ মম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে ২ । ৫৪৫

রাজা ১৩১৭ পৌষ 'নাচের দলের নৃত্য ও গীত' (র-র-১০। ২২০) গীতলিপি (৫ম ভাগ) গান ১৯১৪ / ৭১, সুরের উল্লেখ নাই। অরূপরতনের উভয় সংস্করণেই গানটি আছে' শ্রাবণগাথা ১৩৪১ শ্রাবণ। স্বর. ৪২।

৯২৬ বসন্তে কি শুধু কেবল ফোটা ফুলের মেলা রে ২ । ৫০৮

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুরদার গান' (র-র-১০। ২২২)। অরূপরতন ১৩২৬ মাঘ, পৃ. ২১। স্বরলিপি অনাদিকুমার দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯২৭ বিরহ মধুর হল আজি মধুরাতে ২ । ৩৭৬

রাজা ১৩১৭ পৌষ 'বালকগণের গান' (র-র-১০। ২২৪)। স্বরলিপি শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় : সঙ্গীতপ্রকাশিকা ১৩১৭ চৈত্র ও গীতলিপি (৫ম ভাগ) বেহাগ—কাওয়ালি। গান ১৯১৪ / ৭১ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬।

৯২৮ যা ছিল কালো-ধলো ২ । ৩০৭

রাজা ১৩১৭ পৌষ 'বাউলের দলের গান' (র-র-১০ । ২২৭)। গান ১৯১৪ / ৭২ সুরের উল্লেখ নাই। অরূপরতনের উভয় সংস্করণেই গানটি আছে। স্বরলিপি অনাদিকুমার দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯২৯ আহা, তোমার সঙ্গে প্রাণের খেলা ২ । ৩০৭

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুরদার গান' (র-র-১০ । ২২৮)। গান ১৯১৪ / ৭৩ সুরের উল্লেখ নাই। অরূপরতনের উভয় সংস্করণেই গানটি আছে। স্বরলিপি অনাদিকুমার দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯৩০ আমার সকল নিয়ে বসে আছি সর্বনাশের আশায় ২ । ৩০৭

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুরদার গান' (র-র-১০ । ২২৯)। অরূপরতনের উভয় সংস্করণেই আছে। স্বরলিপি অনাদিকুমার দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

৯৩১ আমার ঘুর লেগেছে—তাধিন্ তাধিন্ ২ । ৫৪৬

রাজা ১৩১৭ পৌষ 'ঠাকুরদার গান' (র-র-১০ । ২২৯)। গান ১৯১৪ / ৭৩ সুরের উল্লেখ নাই। স্বরলিপি নাই।

৯৩২ আমি রূপে তোমায় ভোলাব না ২ । ৩০৭

রাজা ১৩১৭ পৌষ 'রাজার গান' (র-র-১০ । ২৩৬)। অরূপরতনের উভয় সংস্করণেই গানটি আছে। স্বরলিপি শ্রীশৈলজারঞ্জন মজুমদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত হইয়াছে। স্বর. ৪২।

৯৩৩ ভয়েরে মোর আঘাত করো ভীষণ, হে ভীষণ ১ । ৯৭

রাজা ১৩১৭ পৌষ 'সুরঙ্গমার গান' (র-র-১০ । ২৩৮)। স্বরলিপি নাই।

৯৩৪ আমি তোমার প্রেমে হব সবার কলঙ্কভাগী ২। ৩০৭

রাজা ১৩১৭ পৌষ 'সুরঙ্গমার গান' (র-র-১০। ২৪০)। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৫ সুরের উল্লেখ নাই। স্বরলিপি সাহানা দেবী: প্রবাসী ১৩৩২ আশ্বিন ৮২৯। স্বরবিতানে অন্তর্ভুক্ত হয় নাই।

৯৩৫ আমি কেবল তোমার দাসী ২। ৪১৬

রাজা ১৩১৭ 'সুরঙ্গমার গান' (র-র-১০। ২৪৪)। স্বরলিপি নাই।

৯৩৬ এ অন্ধকার ডুবাও তোমার অতল অন্ধকারে ১। ৪৩

রাজা ১৩১৭ পৌষ 'সুদর্শনার গান' (র-র-১০। ২৫৯)। স্বরলিপি নাই।

৯৩৭ অন্ধকারের মাঝে আমায় ধরেছ দুই হাতে ১। ৩৯

রাজা ১৩১৭ পৌষ 'সুরঙ্গমার গান' (র-র-১০। ২৬২)। এই গানের আর একটি পাঠ ১৩৪৪ সালের শারদীয়া 'যুগান্তর'এ প্রকাশিত হয়। ১লা পৌষ, ১৩১৭, শান্তিনিকেতন হইতে লিখিত পত্রে এই পাঠ ছিল। দ্র. পবিত্র গঙ্গোপাধ্যায় সম্বর্দ্ধনা স্মারকগ্রন্থ। নবদ্বীপ আদর্শ পাঠাগার, ১৯৬৮। স্বরলিপি নাই।

৯৩৮ ভোর হল বিভাবরী, পথ হল অবসান ১। ১১৬

রাজা ১৩১৭ পৌষ 'সুরঙ্গমার গান' (র-র-১০। ২৬৩) গান ১৯১৪ / ৭৪ সুরের উল্লেখ নাই। স্বরলিপি শ্রীঅনাদিকুমার দস্তিদারের পাণ্ডুলিপি হইতে সংকলিত। স্বর. ৪২।

পরবর্তী ৯৩৯—৯৪৫ সংখ্যক গানগুলি কলিকাতায় আদি ব্রাহ্মসমাজে মাঘোৎসব উপলক্ষ্যে গীত। তত্ত্ববোধিনী পত্রিকা ১৮৩১ শক (১৩১৭) চৈত্র। পৃ. ১৯৪—২০৪।

৯৩৯ প্রাণের প্রাণ জাগিছে তোমারি প্রাণে ১। ১১৭
ললিত—আড়াঠেকা। গীতলিপি ৫। স্বর. ৩৬।

৯৪০ ঘোর দুঃখে জাগিনু, ঘনঘোরা যামিনী ১। ১৭৪
বিভাস—কাওয়ালি। গীতাঞ্জলি ৫। স্বর. ৩৬।

৯৪১ যদি আমায় তুমি বাঁচাও, তবে • ১। ৩৮
মিশ্ররামকেলী। গীতলিপি ৫। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৯১। সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬।

৯৪২ প্রথম আদি তব শক্তি ১। ১৮৫
সোহিনী—সুরফাঁক্তা। গীতলিপি ৪। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ১৬৫ সুরের উল্লেখ নাই। স্বর. ৩৬।

৯৪৩ হে নিখিলভারধারণ বিশ্ববিধাতা ১। ২০২
গৌড়—ঝাঁপতাল। গীতলিপি ৫। স্বর. ৩৬।

৯৪৪ ডাকে বারবার ডাকে ১। ১৪৬
কেদারা—কাওয়ালি। গীতলিপি ৫। স্বর. ৩৬।

৯৪৫ তিমিরবিভাবরী কাটে কেমনে ১। ১৭২
বেহাগ—কাওয়ালি। গীতলিপি ৫। স্বর. ৩৬।

পরবর্তী পৃষ্ঠার ৯৪৬—৯৬৭ সংখ্যক গানগুলি 'অচলায়তন' নাটকের অন্তর্ভুক্ত। ১৩১৮ সালের ১লা আষাঢ় হইতে ১৫ই আষাঢ়ের মধ্যে গানগুলি শিলাইদহে রচিত বলিয়া অনুমান। র-র-১১। ৩০৯—৩৭৮। স্বরবিতান ৫২।

৯৪৬ তুমি ডাক দিয়েছ কোন্ সকালে ১ । ৭৪

পঞ্চকের গান। ধর্মসঙ্গীত ১৯১৪ / ২ সুরের উল্লেখ নাই। স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর : ভারতী ১৩২৪ আষাঢ়। শুরু ১৩২৪ ফাল্গুন।

৯৪৭ দূরে কোথায় দূরে দূরে ১ । ১৭৬

পঞ্চকের গান। ধর্মসঙ্গীত১৯১৪ / ১৪ সুরের উল্লেখ নাই। স্বরলিপি : সুধীরচন্দ্র কর।

৯৪৮ এ পথ গেছে কোন্খানে গো কোন্খানে ১ । ১৬০

পঞ্চকের গান। গান ১৯১৪ / ১৫ সুরের উল্লেখ নাই। শুরু ১৩২৪ ফাল্গুন। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৪৯ আমরা চাষ করি আনন্দে ১ । ৬০১

প্রথম শোণপাংশুর গান। গান ১৯১৪ / ১৫ সুরের উল্লেখ নাই। শুরু ১৩২৪ ফাল্গুন। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৫০ কঠিন লোহা কঠিন ঘুমে ছিল অচেতন ২ । ৬০১

তৃতীয় শোণপাংশুর গান। গান ১৯১৪ / ১৬ সুরের উল্লেখ নাই। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৫১ সব কাজে হাত লাগাই মোরা সব কাজেই ২ । ৬০০

শোণপাংশুর গান। গান ১৯১৪ / ১৬ সুরের উল্লেখ নাই। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৫২ ঘরেতে ভ্রমর এল গুন্গুনিয়ে ২ । ৪০০

পঞ্চকের গান। গান ১৯১৪ / ১৭ সুরের উল্লেখ নাই। তাসের দেশ ১৩৪০।

৯৫৩ এই একলা মোদের হাজার মানুষ দাদাঠাকুর ৩ । ৯০০

পঞ্চকের গান। প্রবাসী ১৩১৮ আশ্বিন। গান ১৯১৪ / ৭৮ সুরের উল্লেখ নাই। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৫৪ যা হবার তা হবে ১ । ৩৯

দাদাঠাকুরের গান। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৬ সুরের উল্লেখ নাই। স্বরলিপি সুধীরচন্দ্র কর।

৯৫৫ আমি কারে ডাকি গো ১ । ৭৮

পঞ্চকের গান। ধর্ম্মসঙ্গীত ১৯১৪ / ৭ সুরের উল্লেখ নাই। স্বরলিপি নাই।

৯৫৬ বুঝি এল, বুঝি এল ওরে প্রাণ ৩ । ৮৯৬

দাদাঠাকুরের গান। গান ১৯১৪ / ৭৯ সুরের উল্লেখ নাই। কেতকী। স্বর. ১১।

৯৫৭ আজ যেমন ক'রে গাইছে আকাশ ২ । ৪১৭

পঞ্চকের গান। গান ১৯১৪ / ৭৯ সুরের উল্লেখ নাই। স্বরলিপি : সুধীরচন্দ্র কর।

৯৫৮ হারে রে রে রে রে, আমায় ছেড়ে দে রে, ২ । ৫৬৫

পঞ্চকের গান। গান ১৯১৪ / ৭৯ সুরের উল্লেখ নাই। তাসের দেশ ১৩৪০ ভাদ্র। কেতকী। স্বর. ১১।

৯৫৯ ওরে ওরে ওরে, আমার মন মেতেছে ২ । ৫৬৪

পঞ্চকের গান। গান ১৯১৪ / ৮০ সুরের উল্লেখ নাই। গুরু ১৩২৪ ফাল্গুন। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৬০ এই মৌমাছিদের ঘরছাড়া কে করেছে রে ২ । ৫৩৬

পঞ্চকের গান। গান ১৯১৪ / ৮১ সুরের উল্লেখ নাই। স্বরলিপি : অনাদিকুমার দস্তিদার।

৯৬১ ও অকূলের কূল, ও অগতির গতি ১ । ৩৪

